

# চরৈবেতি

শিউনারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজের বার্ষিক পত্রিকা

শিক্ষাবর্ষ : ২০২২-২৩

১৪৩০ বঙ্গাব্দ

# চরৈবেতি

কলেজ পত্রিকা

শিক্ষাবর্ষ: ২০২২-২৩

১৪৩০ বঙ্গাব্দ

## শিউনারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজ

বেলডাঙ্গা, মুর্শিদাবাদ, ৭৪২১৩৩, পশ্চিমবঙ্গ

ফোন: ৮৯১৮৭৮১৮২৪

email : principal@srfatepuriacollege.in // collegesrf@yahoo.com

Website-www.srfatepuriacollege.in

# পত্রিকা পরিচালন সমিতি

মুখ্য পৃষ্ঠপোষক
শ্রী রাজর্ষি মিত্র (আই. এ. এস),
জেলা শাসক ও জেলা সমাহর্তা, মুর্শিদাবাদ
ও
সভাপতি
কলেজ পরিচালন সমিতি
এস. আর. ফতেপুরিয়া কলেজ

সভাপতি
ড. সুহাস রায়, অধ্যক্ষ
এস. আর. ফতেপুরিয়া কলেজ

যুগ্ম সম্পাদক
ড. রাজন গঙ্গোপাধ্যায়
সুমিত ঘোষ

সদস্যবৃন্দ
ড. সুজাতা মুখোপাধ্যায়
সোনালী ভট্টাচার্য
ড. মিলন মণ্ডল
গোলাম মর্তুজা
ফজলে নুর

রাজর্ষি মিত্র, আই.এ.এস
জেলা শাসক ও জেলা সমাহর্তা
মুর্শিদাবাদ
পোঃ বহরমপুর, পিন - ৭৪২১০১
পশ্চিমবঙ্গ

RAJARSHI MITRA, I.A.S.
District Magistrate & Collector
Murshidabad
P.O. Berhampore, Pin: 742101
West Bengal

Ph. : 03482-251650 (Off.)
03482-250002 / 257400 (Re
Fax : 03482-254645 (Off.)
03482-250145 (Resi.)
: dm.murshidabad@gmail.cor
E-mail : dm-mur-wb@nic.in

D.O. No.................................

Dated..24-02-23

## *MESSAGE*

It is very much heartening to note that "S.R. Fatepuria College" is going to bring out a magazine "Chareibeti" in this year.

I convey my best wishes and sincere thanks to all the teachers, staff and students of this college for their excellent performance in academics as well as co-curricular activities in the field of education. I am sure that this college has been making meaningful contribution in education and has been shaping life of hundreds of students.

I also wish all the best to all the students for great success in their forthcoming exams and future life.

(Rajarshi Mitra)
District Magistrate
Murshidabad

Dr. Suhas Roy,
Principal,
S.R. Fatepuria College,
P.O: Beldanga, Dist: Murshidabad.

**SEWNARAYAN RAMESWAR FATEPURIA COLLEGE**
**BELDANGA, MURSHIDABAD, WEST BENGAL**

## THE GOVERNING BODY

Shri Rajarshi Mitra, IAS

President & D.M., Murshidabad

Dr. Suhas Roy

Secretary, Principal

Mr. Sujit Mukherjee

Member, Govt. Nominee

Dr Soma Mukhopadhyay

Member, University Nominee

Dr Goutam Kumar Ghosh

Member, University Nominee

Dr. Harinarayan Fatepuria

Member, Donor

Md. Kabir Hossain Molla

Member, Donor

Ms. Sonali Bhattacharya

Member, Teachers' Representative

Dr. Milan Mandal

Member, Teachers' Representative

Dr. Prabir Kr. Dutta

Member, Teachers' Representative

Dr. Paritosh Mandal

Member, Teachers' Representative

Mr. Suresh Singh

Member, Non-Teaching Staff's Representative

Mr. Prosenjit Hazra

Member, Non-Teaching Staff's Representative

| | |
|---|---|
| Principal : | Dr. Suhas Roy |
| IQAC Coordinator : | Dr. Milan Mandal |
| Bursar : | Dr. Prabir Kumar Dutta |

## TEACHING STAFF

| SI No. | Name | Qualification | Designation |
|---|---|---|---|

### DEPARTMENT OF BENGALI

| | | | |
|---|---|---|---|
| 1 | Dr. Sujata Mukhopadhyay | M.A., Ph. D. | Associate Professor |
| 2 | Dr. Milan Mandal | M.A., B.Ed., Ph.D. | Associate Professor |
| 3 | Dr. Rajan Gangopadhyay | M.A., Ph.D. | Associate Professor |
| 4 | Dr.  Aritra Bag | M.A., M. Phil., Ph. D. | Assistant Professor |
| 5 | Mr. Tahidul Islam Mondal | M.A., B. Ed. | SACT II |
| 6 | Mr. Prasenjit Roy | M.A., B. Ed. | SACT II |
| 7 | Ms.Priyanki Das | M.A., M.Ed. | SACT I |
| 8 | Ms.Tanusree Bhattacharya | M.A., B. Ed. | SACT II |
| 9 | Mr. Apurba pal | M.A, M.Phil | SACT I |

### DEPARTMENT OF ECONOMICS

| | | | |
|---|---|---|---|
| 1 | Dr. Suhas Roy | M.A. Ph.D. MBA | Principal |
| 2 | Dr. Ritabrata Tarafder | M.A. Ph.D. | Associate Professor |
| 3 | Mr. Asish Rana | M.A., M.Phil. | Assistant Professor |
| 4 | Mr. Tanmay Siromoni | M.Sc. | SACT II |

### DEPARTMENT OF ENGLISH

| | | | |
|---|---|---|---|
| 1 | Mr. Bhaskar Ch. Sarkar | M.A.,B.Ed | Assistant Professor |
| 2 | Mr. Fazle Noor | M.A. | SACTI |
| 3 | Md. Jahir Raihan | M.A. | SACT II |
| 4 | Md. Hasibul Rahaman | M.A. | SACTI |

### DEPARTMENT OF PHILOSOPHY

| | | | |
|---|---|---|---|
| 1 | Ms. Sonali Bhattacharya | M.A., M. Phil | Associate Professor |
| 2 | Mr. Kawsar Ali Mollah | M.A. | Associate Professor |
| 3 | Mr. Kalyan Mukherjee | M.A., B.Ed. M.Phil, | Assistant Professor |
| 4 | Mr. Jayanta Barman | M.A., M. Phil | Assistant Professor |
| 5 | Ms. Rina Ghosh | M.A. | SACT II |
| 6 | Dr. Atasi Sarkar | M.A., M. Phil., Ph. D. | SACT II |

## DEPARTMENT OF PHYSICS

| | | | |
|---|---|---|---|
| 1 | Dr. Malay Kr Ghosh | M.Sc. Ph.D. | Associate Professor |
| 2 | Mr. Biswajit Pramanik | M.Sc. | SACT I |
| 3 | Ms. Priyadarshini Ghosh | M.Sc. | SACT II |
| 4 | Ms. Anindita Sarker | M.Sc. | SACT II |
| 5 | Md. Rofi | M.Sc. | SACT II |
| 6 | Mr. Suman Mandal | M.Sc. | SACT II |

## DEPARTMENT OF MATHEMATICS

| | | | |
|---|---|---|---|
| 1 | Dr. Sorforaj Nowaj | Ph.D, M.Sc., B.Ed. | SACT II |
| 2 | Mr. Rohan Mandal | M.Sc. | SACT II |

## DEPARTMENT OF PHYSICAL EDUCATION

| | | | |
|---|---|---|---|
| 1 | Dr. Ajay Kumar Mandal | M.A., M.P.Ed., Ph.D. | SACT I |
| 2 | Ms. Mansura Amin | M.A., M.P.Ed. | SACT II |
| 3 | Sk. Hilaluddin | M.P.Ed., M.Phil | SACT I |

## DEPARTMENT OF ARABIC

| | | | |
|---|---|---|---|
| 1 | Md Nazrul Islam | M.A. | SACT II |
| 2 | MD. Waliullah Sk | M.A. | SACT I |
| 3 | Yusuf Ali | M.A. | SACT II |

## DEPARTMENT OF SANSKRIT

| | | | |
|---|---|---|---|
| 1 | Mr. Subhashis Thakur | M.A. | SACT I |
| 2 | Ms. Chhanda Chakraborty | M.A., B.Ed. | SACT II |

## DEPARTMENT OF ENVIRONMENTAL SCIENCE

| | | | |
|---|---|---|---|
| 1 | Mr. Pinaki Bose | M.Sc. | SACT II |
| 2 | Ms. Pousali Chattaraj | M.Sc. | SACT I |
| 3 | Ms. Alemara Khatun | M.Sc. | SACT I |

## DEPARTMENT OF EDUCATION

| | | | |
|---|---|---|---|
| 1 | Mr. Ashik Ikbal Hossain | M.A. | SACT II |
| 2 | Ms. Benojir Chowdhury | M.A., B.Ed. | SACT II |
| 3 | Mr. Subrata Mandal | M.A., B.Ed. | SACT I |

**DEPARTMENT OF POLITICAL SCIENCE**

| | | | |
|---|---|---|---|
| 1 | Mr. Biswajit Mandal | M.A. B.Ed. | Assistant Professor |
| 2 | Mr. Narattam Biswas | M.A., M. Phil. | Assistant Professor |
| 3 | Mr. Soumalya Ghosh | M.A., M. Phil. | Assistant Professor |
| 4 | Ms. Sima Mitra | M.A. B.Ed. | SACT II |
| 5 | Ms. Nargis Tanjima | M.A. | SACT II |
| 6 | Md. Rabiul Alam | M.A. B.Ed. | SACT II |

**DEPARTMENT OF GEOGRAPHY**

| | | | |
|---|---|---|---|
| 1 | Dr. Abdus Satter Shaikh | M.A., B.Ed., Ph.D., | SACT I |
| 2 | Mr. Atanu Ghosh | M.A. | SACT II |
| 3 | Ms. Suparna De | M.A., B.Ed. | SACT II |
| 4 | Ms. Moumita Das | M.A., B.Ed. | SACT II |

**DEPARTMENT OF HISTORY**

| | | | |
|---|---|---|---|
| 1 | Mr. Subhash Ch. Mandal | M.A., M. Phil. | Associate Professor |
| 2 | Mr. Sumit Ghosh | M.A., M. Phil. | Assistant Professor |
| 3 | Dr. Uma Dey Nandi | M.A., Ph.D. | Assistant Professor |
| 4 | Mr. Golam Mortuja | M.A. | SACT II |

**DEPARTMENT OF COMMERCE**

| | | | |
|---|---|---|---|
| 1 | Mr. Jayanta Kr. Sarkar | M.Com., LL.B. M. Phil., I.C.W.A. | Associate Professor |
| 2 | Dr. Prabir Kr. Dutta | M. Com., M. Phil., Ph.D. | Associate Professor |
| 3 | Mr. Sujit Kr. Das | M. Com. | SACT II |
| 4 | Mr. Monoranjan Mondal | M. Com., B.Ed., LL.B | SACT I |
| 5 | Mr. Pulak Mandal | M. Com., B.Ed. | SACT II |

**DEPARTMENT OF CHEMISTRY**

| | | | |
|---|---|---|---|
| 1 | Dr. Paritosh Mandal | M.Sc. B.Ed., Ph.D. | Assistant Professor |
| 2 | Ms. Sharmi Das | M.Sc. | SACTI |

## LIBRARY

| | | | |
|---|---|---|---|
| 1. | Mr. Abdul Munem | M.A, MLIS, LLB, S.G | Librarian |
| 2. | Mr. Dilip Kumar Mondal | M.A, MLIS, B.Ed. | Librarian |

## NON-TEACHING STAFF
## OFFICE STAFF (PERMANENT)

| | | | |
|---|---|---|---|
| 1. | Mr. Prosenjit Hazra | M.A. | Clerk |
| 2. | Mr. Ashraful Islam | | Durwan |
| 3. | Ms. Gouri Palit | | Peon |
| 4. | Mr. Suresh Singh | M.A. | Night Watchman |

## OFFICE STAFF (CASUAL)

| | | | |
|---|---|---|---|
| 1. | Md. Fazlul Haque | B.Com.(H), DFA | UD Accountant |
| 2. | Md. Ali Hossain | B.A. | LD Office Assistant -Sr. |
| 3. | Md Akbar Ali | B.A. | LD Office Assistant-Sr. |
| 4. | Jiban Krishna Saha | B.Com, BLIS | LD Office Assistant -Sr. |
| 5. | Kishore Kr. Dey | M.A. | LD Office Assistant |
| 6. | Md. Sahabuddin. | M.Sc., B.Ed. | Lab. Attendant |
| 7. | Raja Bhadury | B.Com. (H) | UD Account Assistant |
| 8. | Minati Das | | Peon |
| 9. | Uday Shankar Paul | B.Sc | Lab. Attendant |
| 10. | Samar Malakar | | Peon |

MAINTENANCE AND ALLIED PERSON

| | | |
|---|---|---|
| 1. | Robi Jamadar | Sweeper -Part-time Casual |
| 2. | Prabir Saha | Electrician |
| 3. | Ram Gobinda Malakar | Computer Mechanic |
| 4. | Shyamal Saha | Gateman (Nirapatta Agency) |
| 5. | Goutam Roy | Gateman (Nirapatta Agency) |

# সূচিপত্র


সম্পাদকীয় ১১
অধ্যক্ষের দপ্তর থেকে ১২
From the Principal's Desk ১৪
NAAC মূল্যায়ণে ছাত্রছাত্রীদের ভূমিকা ড. সুহাস রায় ১৬
তেলেনাপোতা আবিষ্কার– এক রূঢ় রোমান্টিক বাস্তব অপূর্ব পাল ১৯
তুলনামূলক সাহিত্য ও তার গুরুত্ব ইউসুফ আলী ২২
স্বদেশী আন্দোলন ও শ্রীঅরবিন্দ উমা দে (নন্দী) ২৫
হিংসা নয়, ভালোবাসা ও সহানুভূতিই (Empathy) হল মানবসম্পদ কাওসার আলী মোল্লাহ্ ২৮
মানবসমাজে নৈতিকতা ও মূল্যবোধ গোলাম মোর্তুজা ৩০
তৃতীয় লিঙ্গের মানুষ ও অক্সফোর্ড অভিধানে 'Ze' শব্দের অন্তর্ভুক্তি জাহির রায়হান ৩৪
দর্শনের কিছু কথা ড. অতসী সরকার ৩৭
Understanding Money Management Dr. Prabir Kumar Dutta ৩৯
এই নগরী যে কোন্ দেশ তনুশ্রী ভট্টাচার্য্য ৪২
চোখ ডুবে গেছে ঝলসানি আলোয়... দিলীপ কুমার মণ্ডল ৪৫
বিশ্বায়ন ও জাতি পরিচিতি বিশ্বজিৎ মণ্ডল ৪৭
সময়যাত্রা সত্যতা ও সম্ভাবনা রাবিয়া বাসরি ৫০
জাতীয়তাবাদী ভাবনায় বঙ্কিম সৌমাল্য ঘোষ ৫২

**কবিতা** ৫৪
শান্তি সুভাষ চন্দ্র মণ্ডল
এতিম ছেলে তুহিদা খাতুন
গীতি সূরজ সেহিরি
Moon Beauty Bilkis Khatun
হারানো মা সুপর্ণা মণ্ডল
An Evening Sit Mainak Biswas
প্রতীক মিষ্ঠু মিস্ত্রী
স্বাধীনতার প্রতিধ্বনি অয়ন মণ্ডল
মা সবনম সিরিন
প্রহর শেষে প্রিয়াঙ্কী দাস
মেঘ সাবনুর বেগম
লাল বৃষ্টি চাই মন্দিরা মণ্ডল
শান্তিবিধান মহম্মদ আলী হোসেন
ছাত্রছাত্রীদের প্রতি ফেরদৌসী সুলতানা
কথা দিলাম সায়ন চৌধুরী
আমার কলেজ মনিজা খাতুন
টাকা শাজাহান শেখ
বিচ্ছেদ রিম্পা মণ্ডল
পড়া আম্মারা ইয়াসমিন
মায়া এম এস টি মনসুরা খাতুন
বর্মপরা ঘাম মিজানুর রহমান
ব্যস্ত শহর সুপ্রীতি চ্যাটার্জি
জীবন রাজন গঙ্গোপাধ্যায়
পুকুরপাড় হাবিবা খাতুন

Report of the National Service Scheme Sumit Ghosh (Program Officer) ৬৪
Salient features of NCC unit of S.R.Fatepuria College, Beldanga Lt (Dr.) Ritabrata Tarafder ৬৭
Climbing Kabru Dome with Advanced Mountaineering Course Tanusree Bhattacharya ৭০
Seminars, Workshops and Training Program Organized by the College ৭১

# সম্পাদকীয়

চরন্ বৈ মধু বিন্দতি চরন্ স্বাদুমুদুম্বরম্।
সূর্যস্য পশ্য শ্রেমাণং যো ন তন্দ্রয়তে চরন্।। চরৈবেতি, চরৈবেতি
— চলাই অমৃতলাভ,চলাতেই স্বাদুফল প্রাপ্ত হয়–চেয়ে দেখ ওই সূর্যের আলোক সম্পদ যা সৃষ্টির আদি হতে একদিনও তন্দ্রাচ্ছন্ন হয়ে পড়েনি–এগিয়ে চল, এগিয়ে চল।

শূদ্রাণী ইতরার পুত্র, 'ঐতরেয় ব্রাহ্মণ'-এর দ্রষ্টা ঋষি এমনই পাঁচটি অনির্বচনীয় শ্লোকে গেয়েছেন চলিষ্ণুতার জয়গান। জর্মন্ দার্শনিক নিৎসে বলেছিলেন প্রত্যেক মানুষই বস্তুর রহস্যময় ও অপ্রাপণীয় অন্তরসত্যকে জানার জন্য চিরচলিষ্ণু। আর ফরাসি দার্শনিক বার্গসঁ মনে করতেন যাবতীয় জাগতিক বস্তু ও সত্তা সদা রূপান্তরকামী - নিরবচ্ছিন্নকালে নিজেকে রূপান্তরিত করাই মনুষ্যত্ব অর্জনের আশু লক্ষ্য। পাশ্চাত্য দর্শনের এই গতিতত্ত্ব আপন ঔপনিষদিক চেতনায় সমন্বিত করে রবীন্দ্রনাথ লিখলেন– শুধু ধাও, শুধু ধাও শুধু বেগে ধাও...'। আকাশে উড্ডীয়মান বলাকাদের বললেন– হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোন্ খানে!'

এই চলাচল শুধু পার্থিব জগতের ম্যারাথন দৌড় বা দুর্গমগিরি লঙ্ঘনের মধ্যে সীমায়িত নয়। মন মনন ও বোধের অন্তর্মুখী জগতে তা অসীম অনন্ত জ্ঞানগঞ্জের দিকে চির ধাবমান।

মহাগ্রন্থ 'আল কোরানের' প্রথম দৃষ্ট শব্দ 'ইকরা'- যার অর্থ পড়ো'- 'পড়ো তোমার রবের নামে,যিনি সৃষ্টি করেছেন, সৃষ্টি করেছেন মানব, আলাক হতে। পড়ো তোমার রব মহা সম্মানিত, যিনি শিখিয়েছেন কলমের মাধ্যমে। শিখিয়েছেন মানুষকে যা তারা জানত না।' (সুরা-৯৬ [১] আলাক, আয়াত ১-৫)

হ্যাঁ, পড়তে হবে আমাদের। নিয়ত অধ্যয়ন আমাদের পৌঁছে দেবে অজ্ঞানতার তিমিরভেদী জ্ঞানের নিত্য আলোকিত জগতে। ঈর্ষা-দ্বেষহীন প্রেমময় সে জগত। অধ্যয়ন-সৃজনের চিরচলিষ্ণু এই বৌদ্ধিক ভাবনাকে আদর্শ করে কিয়ৎকালের সুষুপ্তি কাটিয়ে অবশেষে আমাদের কলেজ পত্রিকা-চরৈবেতি'র পুনরায় পথচলা শুরু। পূর্বসূরির কর্মধারাকে অক্ষুন্ন রেখে আমাদের শ্রদ্ধেয় অধ্যক্ষ ড.সুহাস রায়ের সুযোগ্য নেতৃত্বে এক নব উদ্যোগ লক্ষ করা যাচ্ছে কলেজে। সেমিনার, ওয়ার্কশপ, গ্রন্থপ্রকাশ, খেলাধূলা, এন এস এস, এন সি সি-র নানাবিধ কর্মযজ্ঞে সদা মুখরিত কলেজ অঙ্গন। যেন তারই নবতম অংশীদার রূপে এই পত্রিকা প্রকাশ।

পত্রিকা প্রকাশের এই আনন্দিত মুহূর্তে কলেজের সকল সহকর্মীবৃন্দ ও ছাত্র-ছাত্রীদের অসংখ্য ধন্যবাদ জানাই। অনেকেই লেখা দিয়ে সমৃদ্ধ করেছেন আর অনেকেই আগামী সংখ্যায় লিখবেন বলে প্রতিশ্রুতিবদ্ধ।

সমকালের গুণী চিত্রকর কৃষ্ণজিৎ সেনগুপ্ত প্রচ্ছদটি এঁকে আমাদের কৃতার্থ করেছেন। তাঁকেও অজস্র ধন্যবাদ জানাই।

এই সম্পাদকীয় যখন লেখা হচ্ছে তখন ঘটে গেছে করমণ্ডল এক্সপ্রেসের মর্মান্তিক দুর্ঘটনা। তিন শতাধিক মানুষের মৃত্যুতে আমরা শোকাহত।

সবশেষে, কলেজের সঙ্গে সম্পৃক্ত, অসম্পৃক্ত সদ্য প্রয়াতজনদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি।

# অধ্যক্ষের দপ্তর থেকে



একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের আদর্শ, কর্মপদ্ধতি ও উদ্দেশ্য তার উন্নয়ণের পরিকল্পনা তৈরি করার জন্য বিশেষ গুরুত্বপূর্ণ। শিউনারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজেরও সুনির্দিষ্ট আদর্শ, কর্মপদ্ধতি ও উদ্দেশ্য রয়েছে। এগুলি কলেজের নানা লিখিত দলিলে পরিষ্কারভাবে উল্লেখিত।

এই কলেজ প্রতিষ্ঠার উদ্দেশ্য, কর্মপদ্ধতি আদর্শকে নীচে কয়েকটি অনুচ্ছেদে সংক্ষেপে বর্ণনা করা হল :

কলেজটি প্রতিষ্ঠিত হয়েছিল সন্নিহিত ও পার্শ্ববর্তী এলাকার আপামর জনসাধারণের মধ্যে শিক্ষা বিস্তার ঘটানোর জন্য;

ছাত্রছাত্রীদেরকে দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে তুলতে;

ছাত্রদের মধ্যে আত্মবিশ্বাস, সংহতি, সাম্প্রদায়িক সম্প্রীতির বোধ জাগ্রত করতে;

সকলের মধ্যে সমানাধিকার প্রতিষ্ঠা করতে।

এই আদর্শে উপনীত হতে গিয়ে কলেজ যে কর্মপদ্ধতি গ্রহণ করেছে তা নীচে বিবৃত হল :

কলেজের মধ্যে একটি সুস্থায়ী ছাত্র-দরদী পরিবেশ বজায় রাখতে সচেষ্ট থাকা;

কলেজের মধ্যে একটি শিক্ষণের ও ঋদ্ধ হয়ে ওঠার অনুকূল পরিস্থিতি তৈরি ও বজায় রাখতে যত্নশীল হওয়া;

কলেজে যাতে সমাজের সকলেই শিক্ষা নিতে পারে, সেই উদ্দেশ্যে গ্রহণযোগ্য শিক্ষাক্রম চালু রাখা,

কলেজের শিক্ষাদানের মাধ্যমে অভিনব কৌশল, সামাজিক কৌশল আয়ত্ত করা ও জ্ঞানবৃদ্ধি করা।

ফলত কলেজের ঘোষিত উদ্দেশ্যগুলি হল—

একটি আদর্শ শিক্ষা বিনিময়ের পরিবেশ প্রতিষ্ঠা করা যেখানে আদর্শ ছাত্র-শিক্ষক সম্পর্ক বজায় থাকে;

ছাত্রছাত্রীদের উচ্চতর শিক্ষা গ্রহণে উদ্বুদ্ধ করা যাতে তাদের অন্তর্নিহিত সৃজনী ক্ষমতা প্রকাশ পায় এবং জটিল ভাবনার অভ্যাস রপ্ত হয়;

ছাত্রছাত্রীদের উপযুক্তভাবে গড়ে তোলা যাতে তারা পরিবর্তনশীল বিশ্ব পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে পারে।

ছাত্রছাত্রীদের সামাজিক ও পরিবেশগত সমস্যা ও সুযোগ সম্পর্কে ওয়াকিবহাল রাখা।

ছাত্রছাত্রীদের পাঠ্যক্রম অতিরিক্ত কার্যাবলী ও সহ পাঠ্যক্রম কার্যাবলীতে অনুপ্রেরণা দেওয়া যাতে তারা সমাজে যথাযথভাবে পরিবেশিত হতে পারে।

শিউনারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজ তার প্রতিষ্ঠা থেকে শুরু করে নিজস্ব আদর্শ, কর্মপদ্ধতি ও উদ্দেশ্য অনুযায়ী মুর্শিদাবাদ জেলার একটি সুবৃহৎ অংশে শিক্ষাদানের কাজ চালিয়ে যাচ্ছে। এখনও পর্যন্ত এই মহান প্রতিষ্ঠান থেকে ষাটটিরও বেশি ছাত্রছাত্রীদের ব্যাচ স্নাতক হয়ে সমাজে মিশেছে। তাঁরা নানা জায়গায় স্ব-মহিমায় প্রতিষ্ঠিত। অধ্যাপক, আইনজীবী, প্রশাসক, সেনা-আধিকারিক, শিক্ষক, সাংবাদিক, বিধায়ক, জনপ্রতিনিধি, ব্যবসায়ী এবং আরও নানাবিধ সামাজিক কর্মকাণ্ড ও পেশায় যুক্ত এই কলেজের গর্বিত প্রাক্তনীরা।

কলেজ চালু হওয়ার সময়ে মাত্র ছয়টি বিষয় নিয়ে চালু হয়েছিল। সেগুলি হল, ইংরেজি, বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থবিজ্ঞান, দর্শন ও ইতিহাস। এগুলি সবই বি.এ. পাশ কোর্সের জন্য অনুমোদিত ছিল। বর্তমানে কলেজে ১৬টি স্বতন্ত্র বিভাগ রয়েছে যার মধ্যে ১৪টি বিভাগে সাম্মানিক স্তরেও পড়ানো হয়। ১৫টি বিভাগ, সাধারণ ডিগ্রী স্তরে পাঠদান করা হয়। ছাত্রসংখ্যা এখন সাত হাজারেরও বেশি। এছাড়া কলেজে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের মুক্ত ও দূরশিক্ষার

স্নাতকোত্তর শ্রেণি পড়ানো হয় এবং নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষার স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির মোট কুড়িটি পাঠ্যক্রম পড়ানো হয়।

কলেজ শুধুমাত্র এলাকায় উচ্চশিক্ষার সম্প্রসারণের মধ্যেই নিজের দায়িত্বকে বেঁধে রাখেনি। পাশাপাশি উচ্চশিক্ষা যাতে জনগণের সর্বস্তরে পৌঁছাতে পারে সেই জন্য আর্থিকভাবে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের জন্য ফি-মুকুব করে মহসিন মোল্লা তহবিল থেকে। এছাড়া সরকারি ও বেসরকারি নানা ছাত্রবৃত্তির ব্যবস্থাও আছে। সরকারি ছাত্রবৃত্তি যেমন কন্যাশ্রী, স্বামী বিবেকানন্দ মেধা তথা সক্ষমতা ছাত্রবৃত্তি, ঐক্যশ্রী, মাধ্যমিক-উত্তর ছাত্রবৃত্তি, মুখ্যমন্ত্রীর ত্রাণতহবিল থেকে প্রদেয় ছাত্রবৃত্তি, কেন্দ্রীয় শ্রম মন্ত্রণালয়ের ছাত্রবৃত্তি, ভারতীয় রেল ও ভারতীয় সেনা থেকে প্রদত্ত ছাত্র বৃত্তি সমূহ অগ্রগণ্য।

এতদ্ব্যতীত, ছাত্রছাত্রীদের মানসিক ও দৈহিক উন্নতির জন্য কলেজ যত্ন নিয়ে থাকে। কলেজে আলাদাভাবে একটি সুগঠিত শারীরশিক্ষা বিভাগ রয়েছে যেখানে নির্দিষ্ট সংখ্যক ছাত্রছাত্রী শারীরশিক্ষা বিষয়ক জ্ঞান ও খেলাধূলা সম্পর্কিত বিদ্যা আয়ত্ত করতে পারে। কলেজের জিমখানা সম্প্রতি অতি সুলভ মূল্যে স্বল্প সংখ্যক সাধারণ ছাত্রছাত্রীদের জন্য উন্মুক্ত করা হয়েছে।

কলেজ, ছাত্রছাত্রীদের বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশ নিতে উৎসাহ দিয়ে থাকে। এই কলেজের ছাত্রছাত্রীরা বিগত বৎসরগুলিতে ধারাবাহিক সাফল্য বজায় রেখেছে। কলেজ কর্তৃপক্ষ স্থানীয় বিশেষজ্ঞদের সাহায্য নিয়ে যোগ ও ধ্যান, ক্যারাটে এবং আত্মরক্ষার কৌশল বিষয়ে সার্টিফিকেট কোর্স চালু করেছে।

কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে স্নাতক সুলভ গুণাবলী যুক্ত করতে গত কয়েক বছর ধরে যোগাযোগকারী ইংরাজী এবং কম্পিউটার সাক্ষরতার উপর সার্টিফিকেট কোর্স চালু করা হয়েছে।

কলেজ ছাত্রছাত্রীদের মধ্যে বৃত্তি প্রশিক্ষণ দ্বারা জীবিকা সংগ্রহে সহায়তা দানের উদ্দেশ্যে জীবিকা কাউন্সেলিং-এর অনুষ্ঠান বারে বারে আয়োজন করেছে। এই উদ্দেশ্যে একটি পৃথক সেল গঠন করা হয়েছে যাতে ছাত্রছাত্রীরা বিভিন্ন প্রতিযোগিতামূলক চাকুরীর পরীক্ষায় ভালো ফল করতে পারে। এ জন্য কয়েকটি পাঠ্যক্রম চালু করা হয়েছে। যেগুলি হল— ভারতীয় রাজনীতি, দর্শনের বিশ্লেষণাত্মক অভিমুখ, মানব অধিকার, পরিবেশ সচেতনতা প্রভৃতি। কলেজ বর্তমান ছাত্রছাত্রীদের পাঠদানে অধিকতর সুবিধাদানের জন্য কয়েকটি অ্যাড-অন-কোর্স চালু করার উদ্যোগ নিয়েছে। সেগুলি হল, আরবী, সংস্কৃত, বাংলা ভাষাতত্ত্ব, রিমোট সেন্সিং এবং রাশিবিজ্ঞানের পদ্ধতিসমূহ।

কলেজ তার ছাত্রছাত্রীদের সামাজিক-সাংস্কৃতিক অবস্থান উন্নততর করতে ইকো-ক্লাব, সিনে-ক্লাব, ড্রামা ক্লাব, ফটোগ্রাফি ক্লাব গঠন করেছে। কলেজে নির্দিষ্ট সময়ের ব্যবধানে ক্যুইজ প্রতিযোগিতা, তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতা এবং বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হয়।

সুখের খবর কলেজের প্রাক্তনী সংসদ খুব শীঘ্রই সোসাইটিস্ অ্যাক্টের আওতায় নিবন্ধীকৃত হতে চলেছে।

মোটের উপর কলেজ যথাসাধ্য চেষ্টা করছে যাতে নিজের অবস্থান জেলার শিক্ষা মানচিত্রে সম্মানের সঙ্গে তুলে ধরতে। শিক্ষক-শিক্ষাকর্মী-ছাত্রসংহতি এবং এলাকার মানুষের সদিচ্ছার এবং ইচ্ছাশক্তির জোরে কলেজের ক্রমাগত গুণগত উন্নতি, সুনামবৃদ্ধি এবং সাফল্য বৃদ্ধি অব্যাহত থাকবে।

কলেজের পত্রিকা 'চরৈবেতি' আমাদের শুভ প্রচেষ্টার একটি ক্ষুদ্র দৃষ্টান্ত মাত্র। পত্রিকা প্রকাশের এবং রচনার সঙ্গে যুক্ত সকল অধ্যাপক/অধ্যাপিকা, শিক্ষাকর্মী, ছাত্রছাত্রীদের জানাই অসংখ্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

# From the Principal's Desk



The vision, mission and objectives of a higher educational institution are very important for making its development plan. Sewnarayan Rameswar Fatepuria College has also its vision, mission and objectives. These are very clearly defined and well-manifested in its written documents. If it is precisely stated, the vision of the College can be written as follows: The College has been set up for spreading higher education for all sections of the people living its surroundings in order to make its students responsible citizens and exemplary human beings by instilling into them sense of confidence, sense of integrity, sense of communal harmony and providing equal opportunities to all irrespective of all differences.

In doing so, the mission of the College has been set as follows:

The College shall be careful in creating and maintaining a sustainable student-friendly ambience which is perfectly conducive to learning and enlightenment and in providing inclusive education assuring access to all sections of the society and offering innovative and socially relevant skill and knowledge.

Thus the objectives of the College included the following:

- To establish an ideal academic environment by ensuring an ideal teacher-student relationship;
- To motivate the students for acquiring higher education for bringing out their creative potential and nurturing the spirit of critical thinking;
- To equip the students properly for coping up with the changing global scenario;
- To make aware the students social, ecological and environmental challenges and opportunities;
- To inspire the students in extra-curricular activities and co-curricular activities for better grooming;

S. R. Fatepuria College since its inception has been catering the services to the vast region of Murshidabad district following its vision, mission and objectives. More than sixty batches of its students have been graduated from this esteemed institution. Many students of this College have established themselves in the society. Professors, lawyers, administrators, army officers, teachers, journalists, MLAs, elected representatives, traders, businessmen and many more professionals are there among the alumni of this College.

The College started its journey with six subjects, namely, English, Bengali, Political Science, Economics, Philosophy and History in the General Degree Course (B.A). Now, the College is running with 16 departments with 14 Honours subjects and 15 General elective subjects. Number of students have gone up to 7,000. In addition to this, the College has been running Distance Learning Post-graduate and Under Graduate Courses of Netaji Subhas Open University and Diectorate of Distance Learning of the University of Kalyani.

The College has not been restricting its duty in spreading higher education opportunities in its locality, it has been providing access of all sects of the population to the arena of higher education by providing free-studentships to economically backward

students from Mohsin Molla Fund of the College. It has also been arranging different scholarships from many government and non-govt. agencies. The major government schemes providing scholarships are, namely, Kanyashree, Swami Vivekananda Merit cum Means Scholarships, Aikyshree Scholarships, Post-Matric Scholarships for SC/ST, Scholarships from Chief Minister's Relief Fund, Central Labour Department, Indian Railways, Indian Army etc.

This apart, the College has been taking care of physical and mental development of the students as far as possible. The College has a separate department for Physical Education where a limited number of students are given special knowledge and skill on different games and sports. The Gymnasium of the College has been opened for the enrolled students against a reasonable and low fee in comparison to the market.

The College encourages its students in participating in Games and Sports. They have been consistently performing well in this field over the years. The College in association with local resource persons have introduced three separate certificate courses for promoting lifestyle skills of the interested students. These are, namely, Certificate Course on Yoga & Meditation, Certificate Course on Karate and Certificate Course on Self-defence.

In order to instil graduate attributes among the students of the College, since last few years it has been delivering certificate courses like Certificate Course on Communicative English and Certificate Course in Computer Literacy.

The College has also interested in taking the responsibility of grooming the students for entering into the job market. The College in regular interval arranged Career Counselling Programmes in collaboration with many agencies. The College has constituted a separate Career Counselling and Placement Cell to look after supportive programmes and initiatives for competitive examinations preparation. For this, a number of courses are going to be introduced soon. These are, namely, Certificate Course on Indian Polity, Add on Course on Philosophy, Certificate Course on Human Rights, Certificate Course on Environmental Consciousness in Practical Life.

The College has taken an initiative for providing support to the existing students by introducing Add on courses on following subjects for the time being:

Add on Course in Arabic; Add on Course in Sanskrit; Add on Course in Linguistics; Add on Course in Remote Sensing and Add on Course in Statistical Methods.

The College is going to excel the socio-cultural status of its general students. For this, ECO-Club, Cine Club, Drama Club, Photography Club have been established. In regular intervals, Quiz contests, Extempore Contests and Debate Contests are arranged.

The Alumni Association of S. R. Fatepuria College is going to be registered under the Societies Act shortly.

In fine, it is my humble submission to all stakeholders that the College has been trying its best for becoming a premier higher educational institute of the District. The strength of the unity of Teaching- Non-teaching – Students and will-power of the local people will definitely enhance our quality, goodwill and performance (level of success). The publication of our College Magazine 'Chareibeti' is a small token of our good effort to this end.

All Teaching, Non-teaching, Library Staff and students involved in this initiative are being acknowledged thanks and gratitude from my heart.

# NAAC মূল্যায়ণে ছাত্রছাত্রীদের ভূমিকা

**ড. সুহাস রায়**
**(অধ্যক্ষ, শিউনারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজ)**

যে কোনও শিক্ষা প্রতিষ্ঠানের প্রাণভোমরা হল ছাত্রছাত্রীরা। ছাত্রছাত্রীদের পরিচয়ে অধ্যাপক অধ্যাপিকারা সম্মানিত বোধ করুক — এমন একটা শিক্ষাব্যবস্থাই সমাজের কাম্য। শিক্ষাব্যবস্থাকে নির্দিষ্ট মানে ধরে রাখার জন্য শুরু হয়েছে শিক্ষাপ্রতিষ্ঠানের গুণমান যাচাই ও মূল্যায়ণের কাজ। সরকারি তরফে যে কয়টি সংস্থা এই ধরনের কাজের দায়িত্ব পেয়েছে তার একটি হল NAAC বা ন্যাক্।

গোড়ার দিকে ন্যাক্ কর্তৃক মূল্যায়িত হওয়ার বিষয়টি ঐচ্ছিক থাকলেও বর্তমানে এটি একরকম বাধ্যতামূলক হয়ে দাঁড়িয়েছে। এর অন্যথা করলে শিক্ষা প্রতিষ্ঠানটির অস্তিত্ব বিপন্ন হওয়ার সমূহ সম্ভাবনা।

ন্যাক্ কর্তৃক কলেজ মূল্যায়ণে ছাত্রছাত্রীদের ভূমিকা ভীষণ গুরুত্বপূর্ণ। এটা ঠিক কলেজের যাবতীয় তথ্য সাজিয়ে গুছিয়ে রাখার দায়িত্ব ছাত্রছাত্রীদের নয়। তবে যে তথ্য কলেজ কর্তৃপক্ষ রাখবে তা মূলত ছাত্রছাত্রীদের সম্পর্কিত। যেমন — ছাত্রছাত্রীদের নাম, ঠিকানা, ফোন নম্বর, ই-মেইল, আইডি, পরিচিতি-জ্ঞাপন নম্বর, অতীত পরীক্ষায় প্রাপ্ত নম্বর, বর্তমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর, উপস্থিতির তথ্য, মেধাবৃত্তি প্রাপ্ত অর্থের পরিমাণ, খেলাধূলায় পারদর্শিতা, সাংস্কৃতিক বিষয়ে পারদর্শিতা, পারিবারিক আয়, কলেজে সহপাঠীদের সঙ্গে ব্যবহার ও সম্পর্ক এবং আরও কত কী? ছাত্রছাত্রীদের কর্তব্য হল যখন যেটা জানতে চাওয়া হবে সেটা কলেজ কর্তৃপক্ষকে তৎক্ষণাৎ জানানো। কলেজ থেকে নানা উপায়ে যেমন কলেজের লিখিত নোটিশ, ওয়েবসাইটে আপলোডেড নোটিশ, হোয়াটস্অ্যাপ গ্রুপগুলোতে নোটিশ, ফেসবুক ও টেলিগ্রামে নোটিশ কী বিশেষ করে প্রয়োজনে মোবাইলে এস.এম.এসের মাধ্যমে ছাত্রছাত্রীদের অনেকের কলেজের বার্তা পৌঁছে দেওয়ার চেষ্টা করা হয়। ছাত্রছাত্রীদের অনেকেই কলেজের রেকর্ডে যে মোবাইল নম্বর ও ই-মেইল আই ডি দেওয়া রয়েছে তার ব্যবহার বন্ধ করে অন্য কোন নম্বর ও আইডি ব্যবহার করে থাকে। ফলে অনেক সময়ই কলেজের প্রেরিত বার্তা ছাত্রছাত্রীরা পায় না। তারা বেশি ভরসা করে লোকমুখে শোনা কথায় যা বেশির ভাগই আজগুবি ও অপ্রয়োজনীয় তথ্যে ভরা থাকে।

ছাত্রছাত্রীরা যদি নিয়মিত ক্লাসে হাজির থাকে, অধ্যাপক-অধ্যাপিকাদের সঙ্গে সর্বদা যোগাযোগ রেখে চলে তাহলে এই কমিউনিকেশন গ্যাপ হয় না। কলেজ কি চাইছে আর ছাত্রছাত্রীদের আকাঙ্ক্ষাই বা কী তা দু'পক্ষের বুঝতে সুবিধা হয়। কলেজ ছাত্রছাত্রীদের সুবিধার্থে নানা উদ্যোগ নিয়ে থাকে বছর ভর। কর্তৃপক্ষ আশা করে এই সব উদ্যোগগুলিতে ছাত্রছাত্রীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করুক। এতে আখেরে ছাত্রছাত্রীদেরই লাভ হয়ে থাকে। বুঝতে হবে কলেজের যাবতীয় উদ্যোগ কিন্তু ছাত্রছাত্রীদের মঙ্গল হবে, তাদের উপকারে আসবে এই ভেবেই করা হয়। ছাত্রছাত্রীদের অদূরদর্শিতা এবং বিবেচনার অভাবে তারা সুযোগ পেলেই পাশ কাটিয়ে যায়, এড়িয়ে যায়। এতে অধ্যাপক অধ্যাপিকারা যাঁরা উদ্যোগ নিয়ে থাকেন তাঁরা নিরুৎসাহিত হয়ে পড়েন, হতোদ্যম হয়ে পড়েন। উল্টোটা ঘটে যখন বেশি বেশি ছাত্রছাত্রী দলবেঁধে উৎসাহের সঙ্গে উদ্যোগটিতে ঝাঁপিয়ে পড়ে।

ন্যাক্ কর্তৃপক্ষ কলেজের কাছে নানা বিষয়ে জানতে চান। নিয়মিত ছাত্রছাত্রীরা ক্লাস করে কিনা; লাইব্রেরী থেকে বইপত্র নেয় কিনা; রিডিং রুমে কতক্ষণ বসে থাকে; কমন রুমে কতক্ষণ কাটায়; কী কী খেলার উপকরণ রয়েছে কমনরুমে, নিরাপদ পানীয় জলের ব্যবস্থা আছে কিনা; যথেষ্ট সংখ্যক প্রসাধনের ঘর রয়েছে কিনা; ল্যাবরেটরীতে যথেষ্ট সংখ্যায় যন্ত্র ও রাসায়নিক পদার্থ আছে কিনা; স্মার্ট ক্লাসরুম আছে কিনা;

ছাত্রছাত্রীদের ক্লাস কি শুধু চক আর বোর্ড দিয়ে নেওয়া হয় না আধুনিক (কম্পিউটার/প্রজেক্টর) যন্ত্রের সাহায্যে নেওয়া হয়; খেলার মাঠ আছে কিনা; ছাত্রীরা নিগৃহীত হলে অভিযোগ জানানোর ব্যবস্থা আছে কিনা; ছাত্রছাত্রীরা র‍্যাগিং-এর শিকার হলে কী ব্যবস্থা নেওয়া হয়; কতগুলো ক্লাসরুম আছে; কতগুলো কম্পিউটার আছে; ক্লাসরুমে লাইট ও ফ্যান আছে কিনা; প্রতিবন্ধীদের জন্য কোনও ব্যবস্থা আছে কিনা; স্কলারশিপ দেওয়ার ব্যবস্থা আছে কিনা; গরীব ও মেধাবী ছাত্রদের জন্য কোনও সুযোগ সুবিধা আছে কিনা; পরিবেশ পরিচ্ছন্ন কিনা; বৌদ্ধিক, সাংস্কৃতিক, চারুকলাদির প্রতিভা বিকাশের কোনও উদ্যোগ নেওয়া হয় কিনা, কলেজে নানা দিবস পালন করা হয় কিনা; এন.সি.সি./এন.এস.এস./ ইকো ক্লাব আছে কিনা ইত্যাদি। ছাত্রছাত্রীরা যদি দূরে সরে থাকে, তারা যদি অংশ না নেয় তাহলে কর্তৃপক্ষ কী জানাবে NAAC এর কাছে? ছাত্রছাত্রীরা যেমন ভাবে কলেজের বিভিন্ন বিষয়ে অংশ নেবে ঠিক তেমনই কলেজের প্রতিচ্ছবি ভেসে উঠবে এর মূল্যায়ণের পর্দায়। আলো থাকলে কলেজের ভাবমূর্তি উজ্জ্বল হয়ে উঠবে অন্যথায় নিকষ কালো অন্ধকার।

সব দেশেই ভালো, মাঝারি ও খারাপ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। বাইরে থেকে দেখে বা নাম শুনে তো বোঝার উপায় নেই যে কোন্ শিক্ষা প্রতিষ্ঠান কতটা ভালো। ন্যাক্ কর্তৃক মূল্যায়িত শিক্ষা প্রতিষ্ঠান A, B, C তিন ধরনের গ্রেডে বিভক্ত। যখন আমাদের কলেজ থেকে পাশ করা কোনও ছাত্র দূরে কোথাও চাকুরির জন্য যায় তবে তাকে বিচার করা হবে সে যেখান থেকে পাশ করে এসেছে সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রাপ্ত গ্রেড দিয়ে। যেমন আমাদের কলেজের NAAC এর মূল্যায়ণের আগের গ্রেড B ছিল, আমাদের ছাত্রছাত্রীদেরকে বাইরের লোকেরা অন্যান্য B গ্রেড প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের সমতুল্য ভাববে, এটাই স্বাভাবিক।প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের আন্তরিক প্রচেষ্টা থাকে সর্বোচ্চ গ্রেড পাওয়ার। ছাত্রছাত্রীরাও নিশ্চয়ই চায় তারা যেন সর্বোচ্চ গ্রেড প্রাপ্ত কলেজ থেকে পাশ করে বের হয়। যদি এই চাওয়াটা সত্যিই আন্তরিক হয়ে থাকে তাহলে সকল ছাত্রছাত্রীদের একান্ত কর্তব্য হওয়া উচিত কলেজের যাবতীয় সম্পদগুলির (resource) সবচাইতে বেশি সদ্ব্যবহার (maximum utilization) করে নিজেদের ফল (result) সর্বোত্তম করে সুনামের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হতে চেষ্টা করা।

ভালো রেজাল্ট তো সবাই চায়। শুধু ভালো রেজাল্ট করলেই সব হয়ে যায় না। ভালো ভাবে সমাজে প্রতিষ্ঠিত হতে হবে। কলেজ থেকে পাশ করে চলে গেলেও কলেজের সঙ্গে আজীবন সম্পর্ক রেখে চলতে হবে। তুমি কখন কি করছ তা কলেজকে জানাতে হবে। কলেজে প্রাক্তণী সংসদ রয়েছে। একটা কলেজ কোন্ কোন্ মণি, রত্ন সমাজকে উপহার দিল তা খুঁজে পাওয়া যাবে প্রাক্তনী সংসদের সভায়। কলেজ তখন পরিচিত হবে তার প্রাক্তনীদের পরিচয়ে। সমাজ নুইয়ে সালাম জানাবে কলেজকে, যে কলেজ সরবরাহ করে যাবে যুগের কর্ণধারদের, কর্মবীরদের, জ্ঞানী, গুণী ও বিশিষ্ট জনেদের।

ন্যাক্-এর কাছে আমাদের এখানে ভর্তি হওয়া গত পাঁচ বছরের সমস্ত ছাত্রছাত্রীদের নাম, রোল নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি, ইউনিক আইডেন্টিটি নম্বর পাঠাতে হয়। ন্যাক্ কর্তৃপক্ষ random sample নিয়ে 10% ছাত্রছাত্রীদের কাছে সরাসরি ই-মেইল পাঠিয়ে একটি MCQ paper সম্বলিত Google form পাঠাবে। তাতে মোট 21 টি প্রশ্ন থাকবে। 20 টি objective এবং 1 টি open-ended প্রশ্নের উত্তর দিতে হবে। সকল ছাত্রছাত্রীকে পাওয়ার দিনই উত্তর দিতে হবে। এ থেকে ন্যাক্ জেনে নিতে পারবে কলেজ সম্পর্কে ছাত্রছাত্রীদের বাস্তব ধারণা।

এই প্রক্রিয়ার নাম Students' Satisfaction Survey (SSS)। এই ধাপ অতিক্রম করতে পারলে তবেই ন্যাক্ কর্তৃপক্ষের প্রতিনিধিরা কলেজকে সরেজমিনে পর্যবেক্ষণ করতে আসবেন। তাঁরা তিনদিন ধরে এই কাজ করবেন। এর মধ্যে প্রতিটি বিভাগ, তাঁদের অধ্যাপক অধ্যাপিকা, ছাত্রছাত্রীদের সঙ্গে দেখা করবেন। মিলিয়ে দেখবেন আমরা কলেজ সম্পর্কে যা লিখে পাঠিয়েছি

তা কতদূর সত্য। প্রত্যেককে জিজ্ঞাসা করবেন। ছাত্রছাত্রীদের সাথে আলাদা করে কথা বলবেন। সেখানে নানাভাবে পরীক্ষা করে দেখবেন যে কলেজ কর্তৃক প্রেরিত তথ্যাদি কতদূর খাঁটি। এছাড়া ন্যাক্ প্রতিনিধিদের সম্মানে ছাত্রছাত্রীদের একটি সাংস্কৃতিক সন্ধ্যা উপহার দিতে হয়। এতে তাঁরা পরিচিত হন, আমাদের ছেলেমেয়েরা কতটা ঋদ্ধ ও প্রতিভাসম্পন্ন।

কলেজ তো পড়াশোনা করার জায়গা। এখানে ছাত্রছাত্রীরা কত ভালো ফল করেছে পরীক্ষায় তা আলাদা করে গুরুত্ব পেয়ে থাকে। এছাড়াও গুরুত্ব পায় ছাত্রছাত্রীরা খেলাধূলা, সাংস্কৃতিক বিষয়ে, সামাজিক বিষয়ে যেসব সম্মান অর্জন করেছে। ছাত্রছাত্রীদের কৃতিত্ব তুলে ধরে আমরা কলেজের সম্মান ভিক্ষা করি, কলেজের মর্যাদা বৃদ্ধি করি। সুতরাং ছাত্রছাত্রীদের ভূমিকা ন্যাক্ মূল্যায়ণে অতীব গুরুত্বপূর্ণ।




বাংলা বিভাগের শিক্ষামূলক ভ্রমণ

# ‘তেলেনাপোতা আবিষ্কার’ এক রূঢ় রোমান্টিক বাস্তব

**অপূর্ব পাল**

**(স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা বিভাগ)**

বাংলা ছোটগল্পে প্রেমেন্দ্র মিত্র (১৯০৪-৮৮) এক নতুন সুর নিয়ে এলেন। রোমান্টিক আবেশের সঙ্গে বাস্তবের মেলবন্ধনের এক অসামান্য শিল্প রূপায়ণ ‘তেলেনাপোতা আবিষ্কার’ গল্পটি। তেলেনাপোতা নামে এক অজ গ্রামে গিয়ে গল্পের নায়কের যে অভিজ্ঞতা, তার মানসমুক্তি, নায়িকা যামিনীকে ঘিরে রোমান্টিক স্বপ্ন লোলুপতা এবং অসুস্থ মায়ের নিকটে যামিনীকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে আসা — তা নিম্ন-মধ্যবিত্ত শহুরে যুবকের চিরন্তন ট্র্যাজেডির নামান্তর। প্রেমেন্দ্র মিত্র তাঁর রোমান্টিক কবি মন নিয়ে এক অপূর্ব ব্যঞ্জনাগর্ভ গল্পের অবয়ব নির্মাণ করেছেন।

রবীন্দ্রনাথের পর প্রেমেন্দ্র মিত্র বাংলা সাহিত্যের বিচিত্রক্ষেত্রে বিচরণ করেছেন। কবি, গল্পকার, ঔপন্যাসিক, চিত্রপরিচালক ইত্যাদি একাধিক শাখায় আপন সৃষ্টি নৈপুণ্যের পরিচয় দিয়েছেন। তিনি কল্লোল যুগের সমসাময়িক। কল্লোল যুগ বাংলা সাহিত্যে এক নতুন চিন্তা-ভাবনা নিয়ে এল। আশা-হতাশা, নৈরাশ্য ও বেদনা এবং তা থেকে উত্তরণের চেষ্টা প্রেমেন্দ্র মিত্রর মধ্যে দেখা যায়। ‘তেলেনাপোতা আবিষ্কার’ গল্পটি ১৯৪২ খ্রিস্টাব্দে ‘যুগান্তর’ পত্রিকার শারদ সংখ্যায় প্রকাশিত হয়। গল্পটি পরবর্তীতে ‘কুড়িয়ে ছড়িয়ে’ (১৯৪৬) গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত হয়।

গল্পপাঠে আমরা জানতে পারি, গল্পটিতে নায়কের কোনও নাম নেই। তবে গল্পকার তাকে এক আবেগতাড়িত শহুরে যুবক রূপে চিত্রিত করেছেন। আমাদের অভ্যস্ত চিন্তাবৃন্তের শিকড়ে লেখক টান দিয়েছেন। পুরাতন সমাজ ব্যবস্থায় নারীর মূল্যবোধকে তেলেনাপোতা তারই দৃষ্টিতে আবিষ্কৃত করেছে। একটি অখ্যাত গ্রাম যার নাম মানচিত্রে খুঁজে বের করা দুরূহ। কিন্তু নায়কের চোখে গ্রামটির গ্রাম্য প্রকৃতি, সন্ধ্যার অন্ধকার, তমসাচ্ছন্ন পথে যাত্রা, অন্ধকার ঢাকা ভগ্ন প্রাচীর, বিশাল বাড়ি— এ সমস্ত কিছু লেখকের বর্ণনায় এক অনৈসর্গিক রূপময়তা লাভ করেছে।

গল্পটির নায়ক নিরঞ্জনের মতোই যামিনীকে বিয়ের প্রতিশ্রুতি দিয়েছিল। আর বাড়ি গিয়ে পুনরায় ফিরে আসার অঙ্গীকার করেছিল। এক রোমান্টিক আবেগে অস্থির হয়ে ব্যর্থ নায়িকা আজও নিরঞ্জনের ফিরে আসার অপেক্ষার ক্লান্ত চোখে নিমন্ত্রণ বিছিয়ে রেখেছে তার বৃদ্ধা রোগশয্যায় পাণ্ডুর মায়ের নিকটে। এই নায়কটি নিজেই নিরঞ্জন হয়ে প্রতিশ্রুতি দিয়েছে এবং যামিনীও তা বিশ্বাস করেছে। কিন্তু নিরঞ্জনের মতো তেলেনাপোতায় সেও আর ফিরে আসতে পারেনি। শহরে ফিরে গিয়ে দীর্ঘ রোগভোগের পর শহরের বাস্তব পরিবেশে তেলেনাপোতার অনুভূতি ক্রমেই বিলীন হয়ে গেছে। নায়কের এই অনুভূতি রবীন্দ্রনাথের পোস্টমাস্টারের অনুভূতির সমগোত্রীয় ঃ “... জীবনে এমন কত বিচ্ছেদ, কত মৃত্যু আছে, ফিরিয়া ফল কী। পৃথিবীতে কে কাহার।”[১] গল্পটির নায়কও নিরঞ্জনে রূপান্তরিত হয়েছে। আর ব্যর্থ নায়িকা যামিনী নিরঞ্জনদের ফিরে আসার প্রতীক্ষায় ক্লান্ত চোখে উদাস দৃষ্টিতে তাকিয়ে থাকে। তাদের প্রতীক্ষা কোনোদিনই শেষ হবে না। অর্থাৎ এ গল্পের নায়িকা কালিদাসের শকুন্তলার মতো সীমাহীন অপেক্ষায় দিন গোনে নিরঞ্জনের জন্য। তাই তেলেনাপোতা আবিষ্কৃত হয়েও বাংলার আর পাঁচটি গ্রামের মতোই অন্ধকারে ডুবে যায়।

রচনাশৈলী ও অশ্রুসজল ট্র্যাজিক পরিণতির দিক থেকে গল্পটির অভিনবত্ব দেখা যায়। প্রেমেন্দ্র মিত্রের রোমান্টিক মনন এবং রিয়ালিস্টিক Attitude এই গল্পকে বাস্তব থেকে রোমান্সরসের মধ্যে নিয়ে গিয়ে পুনরায় আবার বাস্তবের রূঢ় মৃত্তিকায় প্রোথিত করে দিয়েছে।

শহর থেকে মাত্র ত্রিশ মাইল দূরে এক অখ্যাত গ্রামে গল্পটির নায়ক তার দুই সঙ্গীকে নিয়ে পৌঁছেছেন। এই তিন বন্ধু মাছ ধরার উদ্দেশ্যে গিয়েছিল। গ্রামটির পরিবেশ এবং মানুষ সবই তাদের অজানা ছিল। গ্রামের অন্ধকারাচ্ছন্ন রূপ এবং পচা পানা পুকুরের নায়িকা যামিনী এবং তার অসুস্থ বৃদ্ধা মা। তেলেনাপোতার এই গ্রাম্য পরিবেশে যামিনী মৃত্যুপথযাত্রিণী তার বৃদ্ধা মায়ের অন্তিম আকাঙ্ক্ষাটির রূপায়ণে ব্যর্থ হয়ে যথার্থই বিষণ্ণ হয়ে উঠেছিল। নিরঞ্জন পুনরায় ফিরে এসেছে মনে করে বৃদ্ধার মন অরক্ষণীয়া যামিনীর বিয়ের সম্ভাবনায় উন্মুখ হয়েছিল। তখন নায়িকা সম্পর্কে নায়কের মন জীবনানন্দের কবিতার মতোই :

যে আমাকে চিরদিন ভালোবেসেছে
অথচ যার মুখ আমি কোনোদিন দেখিনি,
সেই নারীর মতো
ফাল্গুন আকাশে অন্ধকার নিবিড় হ'য়ে উঠেছে।[২]

তবে গল্পটির নায়ক রোমান্টিক আবেশে আপ্লুত হয়ে এই বৃদ্ধার ভুল ভাঙাতে চাইল না। নিরঞ্জন আর ফিরে না এলেও গল্পটির নায়ক নিজেই নিরঞ্জন হয়ে বৃদ্ধাকে প্রতিশ্রুতি দিয়েছিল যামিনীকে বিয়ে করার এবং পুনরায় ফিরে আসার ঃ ''আমি তোমায় কথা দিচ্ছি মাসিমা। আমার কথা নড়চড় হবে না।''[৩] কিন্তু শহরে ফিরে গিয়ে নায়ক ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয় এবং শহরের কাজের চাপে ক্রমশ তার রোমান্টিক সত্তাটি অন্তরে গোপন গুহায় নির্বাসিত হয়ে যায়। নিরঞ্জনের প্রতিশ্রুতি ছিল ইচ্ছাকৃত; কিন্তু নায়কের ক্ষেত্রে তা বাস্তবের রূঢ় আঘাতজনিত রোমান্টিকতার বিলুপ্তি।

গল্পটি কাঠামোগত দিক থেকে এক অনবদ্য সৃষ্টি। গঠন কৌশলের অভিনবত্ব এবং গল্পটির আঙ্গিক রচনা, কবিত্বমণ্ডিত ভাষাসৃষ্টি লেখকের রচনাশৈলীর এক প্রশংসনীয় দিক। গল্পটির রচনাভঙ্গিমায় মাঝে মাঝে ব্যঙ্গের খোঁচা থাকলেও সুমিষ্ট বাচনভঙ্গি ও রোমান্টিক কাব্যগুণে তা যথেষ্ট সমৃদ্ধ। লেখক মুন্সিয়ানার সঙ্গে গল্পরস পরিবেশন করেছেন। কলকাতা থেকে ত্রিশ মাইল দূরে তেলেনাপোতা গ্রামে তিন যুবক ছুটির দিন কাটাতে এসেছিল। এদের মধ্যে একজনের মাছ ধরার শখ ছিল। অন্য দুইজনের একজন পানরসিক এবং আর একজন ঘুমোতে ভালোবাসে। সন্ধ্যায় বাস থেকে নেমে গাঢ় অন্ধকারে আচ্ছন্ন গ্রামের রোমাঞ্চকর পরিবেশে তারা বিস্ময় ও বিমূঢ় হয়ে যায়। ধ্বংসপ্রায় একটি অট্টালিকার জীর্ণ গৃহে তারা আশ্রয় পায়। বাড়ির অন্য গৃহে অনূঢ়া যামিনী তার মৃত্যুপথযাত্রী অন্ধ বৃদ্ধা মা'কে নিয়ে থাকে।

নিরঞ্জন নামে একটি যুবক এই তেলেনাপোতা গ্রামে এসে যামিনীকে বিয়ে করার প্রতিশ্রুতি দিয়ে চলে যায়, কিন্তু সে আর ফিরে আসেনি। তবে বৃদ্ধার দৃঢ় বিশ্বাস ছিল নিরঞ্জন ফিরে আসবেই। তাই নিরঞ্জন এসেছে মনে করেই যামিনীর বৃদ্ধা মা যখনই কথা বলতে চেয়েছে তখন আবেগতাড়িত নায়ক নিজেকে নিরঞ্জন বলে ছদ্ম পরিচয় দিয়ে সান্ত্বনা দেওয়ার চেষ্টা করেছে। কিন্তু যামিনীর মনের মধ্যে কেউ নেই। নিরঞ্জন নয় জেনেও তেলেনাপোতা গ্রাম থেকে বিদায় নেবার সময়ে যুবকটির দিকে যামিনী সকৃতজ্ঞ দৃষ্টিতে তাকিয়ে থেকেছে। কিন্তু নিরঞ্জন অথবা গল্পের নায়ক কেউই আর ফিরে আসেনি। এই এক অতিসামান্য ঘটনাটিকে কেন্দ্র করে প্রেমেন্দ্র মিত্র এক অসামান্য ছোটগল্প রচনা করলেন। তিনি যদি নায়ককে পুনরায় তেলেনাপোতায় ফিরিয়ে আনতেন এবং যামিনীর সঙ্গে মিলন ঘটাতেন তাহলে হয়তো গল্পটির একটা তৃপ্তিদায়ক পরিসমাপ্তি ঘটতো, কিন্তু রসনিষ্পত্তি ব্যাহত হত। সমালোচক সুব্রত নিয়োগী বলেছেন ঃ

''তেলেনাপোতা স্মৃতি নয়, স্বপ্ন নয়, বাস্তবও নয়।
গল্পের স্টেটমেন্টধর্মী কথনভঙ্গিমা গল্পটিকে
ঋজুতা দিয়েছে। এমন যন্ত্রের সঙ্গে গল্প
শরীর নির্মাণ করা সে যুগে দুর্লভ ছিল।''[৪]

গল্পের নায়কের তেলেনাপোতা প্রত্যাবর্তন না করা এবং প্রতিশ্রুতি পালন না করা নিরঞ্জনের না ফেরার সঙ্গে কখনই সমগোত্রীয় নয়। কেননা মরণোন্মুখ বৃদ্ধার বেদনা এবং যামিনীর গম্ভীর বিষণ্ণতা নায়ককে বেদনাবিদ্ধ করে প্রবল আবেগতাড়িত করেছিল। সেই রোমান্টিক আবেগের তাড়নায় নায়ক নিরঞ্জন হয়ে যামিনীকে বিয়ে করার প্রতিশ্রুতি দিয়েছিল। গল্পটির নায়ক এবং নিরঞ্জনের আচরণের ফলশ্রুতি একই, কিন্তু তার উৎস এক নয়।

শহরে গিয়ে ম্যালেরিয়া জ্বরে শয্যাশায়ী হয়ে যাওয়ায় তার ইচ্ছা বাধাপ্রাপ্ত হয়েছিল। তারপর যখন নায়ক সুস্থ হয়ে উঠল তখন দেখল ঃ ''নিজের অজ্ঞাতসারে দেহ ও মনের অনেক ধোয়া মোছা ইতিমধ্যে হয়ে গেছে।''[৫]

ব্যঞ্জনাসৃষ্টির এই কৌশল গল্পটিকে রসোত্তীর্ণ করে দিয়েছে। এখানেই আমরা বুঝতে পারি, নিরঞ্জনের প্রতিশ্রুতি ও গল্পটির নায়কের প্রতিশ্রুতি সম্পূর্ণ বিপরীতধর্মী। নায়ক ও নিরঞ্জন এক মানসিকতার ব্যক্তি নয়। গল্পের নায়ক যখন প্রতিশ্রুতি দিয়ে তেলেনাপোতা গ্রাম ত্যাগ করে চলে গেল, তখন লেখনীর প্রসাদগুণে আমাদের মনেও প্রত্যাশা ছিল সে হয়তো পুনরায় ফিরে আসবে। কিন্তু শহরে গিয়ে রোগাক্রান্ত হয়ে সে আর ফিরে আসতে পারেনি। যামিনী ও বৃদ্ধা মা'কে দেওয়া প্রতিশ্রুতি ক্রমশ ফিকে হয়ে আসে নায়কের স্মৃতিতে। তেলেনাপোতার কথা ভুলে যাওয়া স্বপ্নের মতোই থেকে যায় ঃ ''একবার ক্ষণিকের জন্যে আবিষ্কৃত হয়ে তেলেনাপোতা আবার চিরন্তন রাত্রির অতলতায় নিমগ্ন হয়ে যাবে।''[৬] সমাপ্তিতে এই ব্যঞ্জনাগর্ভ উক্তিটিতে শ্রেষ্ঠ ছোটোগল্পের নিদর্শন হয়ে রয়েছে। একটা দীর্ঘ নিঃশ্বাসের মতোই এই গল্প আমাদের স্মৃতিকে আচ্ছন্ন করে। তখন আমাদের মনে হয় :

> ''তেলেনাপোতা নামে কোনো গ্রাম নেই, কিন্তু সমস্ত গ্রামই এই তেলেনাপোতা গ্রাম, আর তার দারিদ্র সব গ্রামেই সত্য, সত্য তার মানুষ গুলি শহরবিচ্ছিন্ন, সুখ বৈভব বিলাস বিবিক্ত চিরন্তন অসহায়তা।''[৭]

গল্পকার ব্যঞ্জনায় বোঝাতে চেয়েছেন, বাংলার সমস্ত গ্রামই তেলেনাপোতার মতো--- আমাদের আনাচে-কানাচে তা দেখা যায়। সব গ্রামেই আজ চরম দারিদ্র, নানা জটিল রোগ, দারিদ্র-লাঞ্ছিত-গঞ্জিত পরিবার, সেইসব পরিবারের কন্যাদায়, বৃদ্ধ বাবা-মায়ের অসহায় আর্তজিজ্ঞাসা, অশ্রুসজল জীবনযাত্রা প্রতিভাত। বাস্তবে যা নেই তা আবিষ্কার করা রসিক মানুষের পক্ষেই সম্ভব। প্রেমেন্দ্র মিত্র শিল্পীর তুলি দিয়ে এক ব্যঞ্জনাগর্ভ গল্প পাঠকের সামনে তুলে ধরলেন।

তথ্যসূত্র

১। 'পোস্টমাস্টার', রবীন্দ্রনাথ ঠাকুর, 'গল্পগুচ্ছ', সাহিত্যম্, কলকাতা, ২য় সং, ১৪১৫, পৃ.২৯
২। 'নগ্ন নির্জন হাত', জীবনানন্দ দাশ, 'বনলতা সেন', নিউ স্ক্রিপ্ট, ৩য় সং, পুনর্মুদ্রণ, কলকাতা, ২০২১, পৃ. ১৯
৩। 'তেলেনাপোতা আবিষ্কার', প্রেমেন্দ্র মিত্র, 'প্রেমেন্দ্র মিত্রের শ্রেষ্ঠ গল্প', সৌরীন ভট্টাচার্য (সম্পা), দে'জ ২য় সং, কলকাতা, ১৪১১, পৃ. ১৮৩
৪। 'প্রেমেন্দ্র মিত্রের গল্প প্রসঙ্গে', সুব্রত নিয়োগী, 'প্রেমেন্দ্র মিত্রের শ্রেষ্ঠ গল্প', সৌরীন ভট্টাচার্য (সম্পা), দে'জ, ২য় সং, কলকাতা, ১৪১১, পৃ. ২৩৪
৫। 'তেলেনাপোতা আবিষ্কার', পূর্বোক্ত, পৃ. ১৮৩
৬। তদেব
৭। 'তেলেনাপোতা আবিষ্কার', বীরেন্দ্র দত্ত, 'বাংলা ছোটগল্প প্রসঙ্গ ও প্রকরণ' (১ম খণ্ড), পুস্তক বিপণি, ষষ্ঠ সং, ৭ম মুদ্রণ, কলকাতা, ২০১৩, পৃ. ৬২৮

# তুলনামূলক সাহিত্য ও গুরুত্ব

**ইউসুফ আলী**

**(স্টেট এইডেড কলেজ টিচার, আরবি বিভাগ)**

**প্রস্তাবনা :**

আধুনিক বিশ্বের সাহিত্যাকাশে নানান ধরনের শাখা প্রশাখার সমারোহ দৃষ্ট হয়, তন্মধ্যে তুলনামূলক সাহিত্য (আল্-আদাবুল মুকা-রীন) অত্যাধিক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে বললেও অত্যুক্তি হয় না। বর্তমান সাহিত্যে এ শাখার অধ্যয়ন, পঠন-পাঠন ও লালন-পালন জোর কদমে স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে চলেছে তা বলার অপেক্ষা রাখে না। তুলনামূলক সাহিত্য এমন একটা পাঠ্যাভ্যাস বা গবেষণা যা, সাম্প্রতিককালে পশ্চিমা সাহিত্যে তথা ফ্রান্সের জ্ঞান পিপাসুদের বিশেষ ভাবে নাড়া দিয়েছে যেমন পি. ভি. তাইগ্যেম-এর কথায় খানিকটা আঁচ করা যায়। তিনি বলেন, ''যে গবেষণা বিভিন্ন সাহিত্যের অধ্যয়ন করে আপোষে হার্দিক সম্পর্ক গড়ে তোলে, সাহিত্যের বিচারে তাকেই তুলনামূলক সাহিত্য বলে''। (Paul Van Tieghem, La Litterature Comparee, Paris, 1931)

নিজেদের কল্পনার সীমা কতদূর- সেটি জানার এই প্রয়াস তুলনামূলক সাহিত্যের এক ধরনের কার্যকারিতা দেখিয়ে দিতে পারে। কবি পি. বি. শেলী-র ভাষায় : ''We want the creative faculty to imagine that which we know.'' অর্থাৎ আমরা সৃজনশীল কল্পনা করতে প্রস্তুত যা আমাদের জ্ঞাত। (Percy Bysshe Shelley- A Defense of Poetry,1821, published-1840)

বর্তমান সারা বিশ্বের উন্নয়নশীল দেশগুলোতে আপেক্ষিকভাবে তুল্যমান গবেষণা উত্তরোত্তর বৃদ্ধি পেতে চলেছে। সে তুলনায় আমাদের এই ভূ-ভারতে উক্ত গবেষণা তেমন একটা সাড়া জাগাতে পারেনি। আশাকরি মরা গাঙ্গে বান আনতে না পারলেও আমার এ ক্ষুদ্র প্রয়াস সাহিত্যানুরাগীদের পিপাসা কিছুটা হলেও নিবারণ করতে সাহায্য করবে।

**তুলনামূলক সাহিত্যের সংজ্ঞা :**

তুলনামূলক সাহিত্য হল- সাহিত্যের এক গবেষণামূলক অধ্যয়ন যা ভিন দেশের সাহিত্যের সাথে স্বদেশী সাহিত্যের তুলনা করে এবং তার সাথে সাথে সাহিত্যের মধ্যে সম্পর্কের অনুসন্ধান নিরীক্ষণ করে এমনটাই এম. এফ. গয়ার্ড মনে করেন। তিনি বলেন, ''তুলনামূলক সাহিত্য হল, সকল সাহিত্যের স্বীয় রচনাকারগণের অক্লান্ত গবেষণার বিষয়বস্তু যার মধ্যে সুসম্পর্কের আন্ত অধ্যয়ন, যে অধ্যয়নের মাধ্যমে তারা অচেনা পথ খুঁজে পেয়েছে যেমনটা আকৃষ্ট হয়েছে তেমনটা প্রভাবিত হয়েছে। (Marius-Fran'ois Guyard– La Litterature Comparee)

তুলনামূলক সাহিত্যের সংজ্ঞা নিরূপণ করতে গিয়ে নানান দেশের বিভিন্ন মনীষীগণ মতামত পোষণ করেছেন, এই বিশ্বায়নের যুগে পরদেশীয় সাহিত্যের ঐতিহাসিক মধুর সম্পর্ক গড়ে তোলার জন্য স্বীয় মাতৃ-ভাষায় সীমারেখার মধ্যে অবাধ বিচরণ করেছেন। বিশেষ করে আত্ব-ত্বাহির আহ্মাদ মাক্কীর মতানুসারে তুলনামূলক সাহিত্য হল আন্তঃর্জাতীয় পর্যায়ে প্রভাব মুক্তভাবে সুসম্পর্ক নির্মাণের অতন্দ্র প্রয়াসের অভিব্যক্তি অর্থাৎ এটা এমন এক সাহিত্য যার উপর ভর করে বিশ্বের অন্যান্য দেশের সাহিত্যের উপর গবেষণা যার মাধ্যমে তাদের সাহিত্যের রস, গন্ধ, তদেশীয় আচার আচরণ, জীবন ধারণের উপকরণ, সামাজিক-রাজনৈতিক অবস্থা সম্পর্কে সাহিত্যের যাবতীয় আচরণ বিধি মান্য করে আলোচনা সমালোচনা করা জাতীয় সাহিত্য সম্পর্কে ভিন জাতির পরস্পরের সাথে তুলনামূলক অনুসন্ধান। (আত্ব-ত্বাহির আহমাদ মাক্কী: আল-আদাবুল মুকা-রীন, পৃ.৭)

তুলনামূলক সাহিত্য সংজ্ঞায়িত করার লক্ষ্যে জনৈক সাহিত্যিক বলেন– ''তুলনামূলক সাহিত্যের একমাত্র

অভীষ্ট লক্ষ্য হল ঐতিহাসিক বিবরণাদি সম্পর্কে সম্যক জ্ঞান আহরণ করা"– যার মধ্যে বিশেষ করে অতীতের অজানা গন্ধ খুঁজে পাওয়া যায়, তাই তুলনামূলক সাহিত্য।

**তুলনামূলক সাহিত্যের উৎপত্তি :**

তুলনামূলক সাহিত্যের সূচনা সম্পর্কে ডক্টর মুহাম্মদ গোনাইমি হেলাল বলেন, ''ইউরোপে তুলনামূলক সাহিত্যের উদ্ভব হয়েছিল ও এখানেই এর ধারণাটি সম্পন্ন হয়েছিল, এতে গবেষণার ধরনগুলিকে উৎসাহিত করা হয়েছিল, এবং সাহিত্য বিজ্ঞানের মধ্যে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। যা আধুনিক সমালোচনার গুরুত্বের চেয়ে কম নয়, বরং এর গবেষণার ফলাফল একসাথে সাহিত্য ও আধুনিক সমালোচনার মূল ভিত্তি হয়ে উঠেছে।" (ড. মুহাম্মদ গোনাইমি হেলাল : আল-আদাবুল মুকা-রীন, পৃ. ২৩)

**তুলনামূলক সাহিত্যের নামকরণ :** সাহিত্যের এ শাখাটা আল-আদাবুল মুকা-রীন ('তুলনামূলক সাহিত্য' বা 'Comparative Literature') হিসেবে বিশ্ব সাহিত্যে আত্মপরিচিতি লাভ করেছে। তুলনামূলক সাহিত্যের উপরে উল্লেখিত সংজ্ঞার দিকে লক্ষ রেখে মিসরের ড. গোনাইমি হেলাল বলেন : মনে হয় সাহিত্যের এ বিষয়টিকে তুলনামূলক সাহিত্য নামকরণ না করে 'সাহিত্যের তুলনামূলক ইতিহাস' বা 'তুলনামূলক সাহিত্যের ইতিহাস' নামকরণ করলেই যথার্থ হতো। (ড. মুহাম্মদ গোনাইমি হেলাল : আল-আদাবুল মুকা-রীন, পৃ. ১৩)

**তুলনামূলক সাহিত্যের উপজীব্য বিষয় :** সাহিত্যের যে শাখায় নিজেদের জাতীয় সাহিত্যের সাথে বিশ্বসাহিত্যের সম্পর্ক অনুসন্ধান করা হয়; তা হল ''তুলনামূলক সাহিত্য''। এ কারণেই তুলনামূলক সাহিত্যের গবেষককে বিশ্বসাহিত্য সম্পর্কে গভীর জ্ঞান লাভ করতে হয়। সাধারণভাবে তুলনামূলক সাহিত্যের শিক্ষার্থী বা গবেষককে একাধিক ভাষায় দক্ষতা অর্জন করতে হয়, একই সাথে ঐ সকল ভাষার সাহিত্যগত ঐতিহ্য, সাহিত্য সমালোচনার ধারা ও প্রধান সাহিত্য সম্পর্কে জ্ঞান অর্জন করা এবং তাকে অনুসন্ধান করে বের করতে হয়, তার জাতীয় সাহিত্য নিজের উন্নয়নে বিশ্বসাহিত্যের বিশাল ভাণ্ডার থেকে, কিভাবে সাহিত্যের উপাদানগুলো নিয়েছে আর কিভাবে বিশ্বসাহিত্যকে উজাড় করে দিয়েছে, কিভাবে সে নিজেকে সমৃদ্ধ করেছে আর কিভাবে অন্য সাহিত্যকে সমৃদ্ধ সাহিত্যের উপাদান ও বিষয়বস্তু দিয়ে সহযোগিতা করেছে, এসব খুঁজে বের করাই গবেষকের মূল কাজ এবং উপজীব্য বিষয়। এক সাহিত্য অপর কোনও সাহিত্য দ্বারা কিভাবে প্রভাবিত হল বা কিভাবে প্রভাবিত করল- তা যেভাবেই হোক না কেন–তার অনুসন্ধান করাই তুলনামূলক সাহিত্যের বিষয়। সাহিত্যের এ আদান-প্রদান ও প্রভাব সাহিত্যের কোনও মৌলিক অনুষঙ্গ গ্রহণের মাধ্যমে যেমন হতে পারে তেমনি সাহিত্যিক মতবাদ, সাহিত্যচিন্তা, ভাবনা ও ধারণা গ্রহণের মাধ্যমেও হতে পারে। তেমনিভাবে কোনও বিষয়বস্তু বা অবস্থান বা সাহিত্যের কোনও চরিত্র গ্রহণ ইত্যাদি দ্বারাও তা সম্ভব হতে পারে। কতগুলি বিষয় তুলনামূলক সাহিত্যে উপজীব্য হয়ে ওঠে তার মধ্যে রয়েছে–

- সাহিত্যের বিষয়ভিত্তিক বা ক্ষেত্র চর্চা।
- বিভিন্ন সাহিত্যের বাঁক বদলের বিষয়গুলো শনাক্তকরণ।
- সীমান্ত অতিক্রম করা সাহিত্যের বিচারই তুলনামূলক সাহিত্যে প্রাধান্য পেয়ে থাকে।
- সাহিত্যের উপাদান হিসেবে ভাষার বাচনভঙ্গি ও প্রবাদগুলোকে বিশেষ ভাবে লক্ষ করা।
- কাল্পনিক বা শিল্পসাহিত্যের রচনায় জাতিগত চরিত্রকে চিহ্নিত করা। অর্থাৎ জাতিগতভাবে কল্পনাশক্তির বৈচিত্র্যকে তুলে আনা।

**তুলনমূলক সাহিত্য পাঠের গুরুত্ব:**

অধুনা বিশ্বের আধুনিক শিক্ষার সাহিত্যাঙ্গনে 'তুলনামূলক সাহিত্য' বহুমুখী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে যা ধারাবাহিক ভাবে নিম্নে পরিবেশিত হল–

- পৃথিবীর কমবেশি প্রায় সকল দেশেই সমৃদ্ধশালী সাহিত্য সৃষ্টি হয়েছে এবং তাদের সৌরভ সুরভিত

হয়েছে দেশ-বিদেশে। সংযোগ স্থাপন করেছে আন্তর্জাতিক সাহিত্যের সাথে। যার ফলে তুলনামূলক সাহিত্যের গুরুত্ব আরও বৃদ্ধি পেয়েছে।

- তুলনামূলক সাহিত্যের পাড়ে দাঁড়িয়ে অনুমান না করে সাহিত্যের সাগরে ঝাঁপ দিলে অনুধাবন করা যায়, কোন্ কোন্ সাহিত্য কতটুকু গ্রহণ করেছে, কতটুকু বর্জন করে কতটুকু উন্নত হয়েছে ও কতটুকু সমৃদ্ধ হয়েছে। এ আদান-প্রদানের ফলে আন্তর্জাতিক সাহিত্য ভাণ্ডার এতটাই পরিপক্কতা লাভ করেছে যা বিশ্বের বক্ষে তুল্যমান সাহিত্য দান করতে সক্ষম হবে বলেই এর যথেষ্ট তাৎপর্য রয়েছে।
- তুলনামূলক সাহিত্য আন্তর্জাতিক ক্ষেত্রে আদান প্রদানের মাধ্যমে এতটাই সমৃদ্ধ হয়েছে যে, একটা দেশের সাহিত্য অপর দেশ খুব সহজেই জানতে সক্ষম হয়েছে। জানতে পেরেছে ভিন্ন দেশের জাতীয় জীবনের যাবতীয় চিত্র : দুঃখ-সুখের নিখুঁত চিত্র। যা দেখলে মনে হয় সদ্য আঁকা কোনও দক্ষ শিল্পীর চিত্র। এ বিষয় জানতে গিয়ে তুলনামূলক সাহিত্যের দ্বারস্থ হতেই হয়।
- স্বদেশীয় সাহিত্যকে সমৃদ্ধ করতে হলে তুলনামূলক সাহিত্যের সিঁড়ি বেয়ে যেতেই হবে। বিশ্বের নানান রঙ্গে রাঙ্গানো তুলনামূলক সাহিত্যের মধ্যে ডুব দিয়ে আহরণ করতে হবে। তুলনামূলক সাহিত্য একমাত্র আধার তাই এর গুরুত্ব অস্বীকার করা যায় না।

এ বিষয়টা বর্তমান বিশ্বে অত্যধিক প্রাসঙ্গিক হলেও প্রস্তুতকৃত পুস্তক বাজারে যথেষ্ট অপ্রতুল। তৃষ্ণা নিবারণের কোনও উপাদান নাই বললেও চলে। তবে দুর্লভের জগতে সাহিত্যবেত্তা মুনীর চৌধুরী বিরচিত ''তুলনামূলক সমালোচনা'' গ্রন্থটি সমালোচনার আঙ্গিকে পাওয়া যায়। তিনি কেবলমাত্র দুটি ভাষার মধ্যে তুলনামূলক আলোচনা সীমাবদ্ধ করেছেন।

**উপসংহার :**

অধুনা বিশ্বে 'তুলনামূলক সাহিত্য' অত্যধিক প্রাসঙ্গিক হয়ে উঠেছে। কোনও গবেষক যদি অপর দেশের জাতীয় সাহিত্য নিয়ে গবেষণা করতে চান তাহলে তার জন্য এ বিষয় রপ্ত করা আবশ্যিক হয়ে দাঁড়ায়। এ ফুল কেবল 'তুলনামূলক সাহিত্য' বাগানেই ফুটে ওঠে। যা জ্ঞান পিপাসুর দল ও জ্ঞান ভাণ্ডারের অতন্দ্র প্রহরীগণের উচিত এ বিষয়কে পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা এবং পর্যাপ্ত পুস্তক প্রস্তুত করা, যেন সহজেই একজন ছাত্র এ সাগরে ডুব দিয়ে তার মণিমুক্ত তুলে আনতে পারে। তাই পরিশেষে বলি বিশ্বসাহিত্য থেকে সাহিত্য রসাস্বাদন করার একমাত্র উপায় 'তুলনামূলক সাহিত্য' যা আন্তর্জাতিক সাহিত্যের ক্ষেত্রে হার্দিক সেতুবন্ধন রূপে ভূমিকা পালন করে থাকে।

**গ্রন্থপঞ্জী:**


- হেলাল, ড. মহাম্মদ গোনাইমি, আল-আদাবুল মুকা-রীন, বৈরুত : দারুল আওদাহ, ১৯৮১
- দারবীশ, ড. আহমাদ, নাজ-রিইয়া-তুল আদাবিল মুকা-রীন ওয়া তাজাল্লিয়াতুহা ফিল আদাবিল আরাবী, আল-কাহিরাহ : দারু গারীব, ২০০২
- মাক্কী, ড. আত্‌-ত্বাহির আহ্‌মাদ, আল-আদাবুল মুকা-রীন উসুলুহ ওয়া তা-ত্বাওউরুহ ওয়া মানা-হিযুহ, আল-কাহিরাহ : দারুল মায়া-রিফ, ১৯৮৭
- মাক্কী ড. আত্‌-ত্বাহির আহ্‌মাদ, ফিল-আদাবুল মুকা-রীন দিরাসাতু নাজ-রিইয়্যাহ ওয়া তাত্ববীকিয়্যাহ, আল-কাহিরাহ : দারুল মায়া-রিফ, ১৯৯৭
- তাইগ্যেম, পল ভ্যান, আল-আদাবুল মুকা-রীন, আল-কাহিরাহ : দারুল ফিক-রিল আরাবী

# স্বদেশী আন্দোলন ও শ্রীঅরবিন্দ

উমা দে (নন্দী)
সহকারী অধ্যাপিকা, ইতিহাস বিভাগ

১৯০৫ সালে লর্ড কার্জন বঙ্গভঙ্গের চূড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করার সঙ্গে সঙ্গে বাংলার রাজনৈতিক পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। Settled fact-কে Unsettled fact-এ পরিণত করার মরণপণ সংগ্রামে বাঙ্গালী ঝাঁপিয়ে পড়ে। এই আন্দোলনের একদিকে ঔপনিবেশিক শোষণের বিরুদ্ধে ভারতীয় জাতীয়তাবাদের বিপ্লবাত্মক রূপ প্রকাশিত হয়েছে, অন্যদিকে আত্মসচেতন, স্বাধীকার প্রতিষ্ঠায় দৃঢ়প্রতিজ্ঞ বাঙ্গালি জাতির স্বদেশিকতা ফুটে উঠেছে। বঙ্গভঙ্গ বিরোধী কর্মসূচি প্রধানত চারটি মূল ভিত্তির উপর প্রতিষ্ঠিত ছিল — বয়কট, স্বদেশী, জাতীয় শিক্ষা ও স্বরাজ। এই কর্মসূচিগুলির মূল লক্ষ্য ছিল বাংলার ঐক্য সাধন এবং উন্নয়ন। যদিও লক্ষ্যে পৌঁছানোর পথ মোটেই সহজসাধ্য ছিল না, নানা প্রতিবন্ধকতা অতিক্রম করতে নিজেদের জীবনকে উৎসর্গ করেছিলেন আন্দোলনকারীরা। বাংলার যখন এই উত্তাল পরিস্থিতি তখন বরোদা থেকে দীর্ঘদিনের ছুটি নিয়ে অরবিন্দ ঘোষ বাংলায় আসেন এবং আন্দোলনে অংশগ্রহণ করেন।

১৯০৬ সালে এক যুগসন্ধিক্ষণে বাংলায় আবির্ভূত হন শ্রীঅরবিন্দ। তিনি রাজনৈতিক কর্মসূচিতে নতুন চেতনার সঞ্চার করেন। জাতীয়তাবাদী দলের আদর্শ ও কর্মপন্থা প্রচারের জন্য ‘বন্দেমাতরম্’ পত্রিকায় উদ্দীপনামূলক লেখা প্রকাশিত হতে থাকে। তিনি উদাত্ত কণ্ঠে আহ্বান করেন অবসাদগ্রস্ত জাতিকে উঠে দাঁড়াতে, দেশমুক্তির জন্য অফুরান দুঃখবরণ ও ত্যাগ স্বীকার করতে। ‘ভবানী মন্দির’ প্রকাশনার মাধ্যমে যুবশক্তিকে সংগ্রামের নতুন পথের স্বপ্ন দেখালেন। জাতীয় কংগ্রেসের নরমপন্থী কার্যকলাপকে তীব্র আক্রমণ করে ব্রিটিশের বিরুদ্ধে আপসহীন সংগ্রামের প্রচার চালাতে থাকেন। তাঁর রাজনৈতিক আদর্শ ও কর্মপন্থার তিনটি দিক লক্ষ করা যায় — এক, গুপ্ত বৈপ্লবিক প্রচারকার্য চালানো এবং সমগ্র বিদ্রোহের প্রস্তুতি হিসাবে সংগঠন গড়ে তোলা; দুই, সমগ্র জাতিকে স্বাধীনতার জন্য প্রস্তুত করার উদ্দেশ্যে প্রচার কার্য চালানো এবং তিন, অসহযোগ ও প্রতিরোধের মাধ্যমে বিদেশী শাসনের বিরুদ্ধে জনগণকে সংগঠিত করা। ‘The Doctrine of Passive Resistance’ নামক প্রবন্ধে তিনি প্রথম স্বদেশী আন্দোলনের রূপায়ণ পদ্ধতির উপর নিজের মতামত প্রকাশ করেন। ইংরেজদের পণ্য বর্জন, সরকারি শিক্ষা প্রতিষ্ঠান বয়কট, শান্তি শৃঙ্খলা রক্ষার কাজে সরকারি কর্তৃপক্ষের মুখাপেক্ষীতা বর্জন এবং কর ও খাজনা দান বন্ধ করা— এই ছিল অরবিন্দ ঘোষের সংগ্রামের পদ্ধতি। তাঁর কাছে দেশ মৃন্ময়ী নয়, চিন্ময়ী। তাঁর রাজনৈতিক মতাদর্শে জাতীয়তাবাদ বলতে বোঝাত জাতীয় জীবনের পরিপূর্ণতা, প্রাচীন ভারতীয় আদর্শ মেনে জনগণের আত্মিক বিকাশ সাধন। ‘বন্দে মাতরম্’ পত্রিকায় তিনি লেখেন, ‘‘স্বরাজ হল বর্তমান অবস্থায় প্রাচীন ভারতীয় আদর্শকে পুনপ্রতিষ্ঠিত করা — সত্য যুগের জাতীয় গৌরবকে পুনরুদ্ধার করা এবং রাজনৈতিক ক্ষেত্রে বেদান্তের আদর্শকে প্রচার করা।’’ তিনি বিশ্বাস করতেন, ‘‘স্বাধীনতা জাতির প্রাণবায়ু, তা কখনও ভিক্ষা দ্বারা অর্জন করা যায় না।’’ এই বিশ্বাস থেকেই তিনি ‘অনুশীলন সমিতি’-র সঙ্গে যুক্ত হন। স্বরাজ লাভের উপায় সম্পর্কে তিনি বলেন, স্বাধীনতা চাইলেই স্বাধীনতা পাওয়া যায় না, কেবলমাত্র দেশপ্রীতির দ্বারা একটা জাতি গড়ে ওঠে না। স্বাধীনতা সৌধ রচনার জন্য তিল তিল করে দিতে হয় আত্মবলিদান। মুখে স্বরাজের কথা বললেই স্বরাজ ধরা দেয় না; আমাদের মধ্যে প্রত্যেকটি মানুষ যখন স্বরাজের জন্য জীবনপণ করবে তখনই শুধু স্বরাজের আবির্ভাব সম্ভব হবে। যারা স্বাধীনতা লাভে সক্ষম হয়েছে, স্বাধীনতা লাভের জন্য তাদের বরণ করতে হয়েছে চরম দুঃখ, স্বীকার করতে হয়েছে আত্মবলিদান। দুঃখবরণ ও আত্মত্যাগের মধ্য দিয়েই তারা পেয়েছে বিজয় গৌরবের অধিকার। সুতরাং ‘‘যারা

ভারতবর্ষকে স্বাধীন করতে চায়, দেশ-জননী যে মূল্য দাবি করেন তাদের সেই মূল্য দিতে হবে।" তিনি লিখেছেন, আমরা আত্মশক্তির সাহায্যে শিক্ষা, শিল্প, রাজনীতি ও জাতি গঠনের পরিকল্পনা গ্রহণ করতে চাই, কিন্তু তার পূর্বে প্রয়োজন স্বাধীনতা এবং স্বাধীনতার জন্য দরকার জাতির নবজন্ম। দেশ-জননী আমাদের কাছে কোনও পরিকল্পনা ও পদ্ধতি চান না। আমরা যে পরিকল্পনা ও পদ্ধতির কল্পনা করতে পারি না, তিনি নিজেই আমাদের হাতে তার চেয়েও ভাল পরিকল্পনা ও কর্মপদ্ধতি তুলে দেবেন। তিনি চান আমাদের হৃদয়, আমাদের প্রাণ, তিনি এর চেয়ে একটুও কম বা বেশি দাবি করেন না। তিনি চান আমাদের আত্মবলিদান। তিনি স্বদেশপ্রেমকে এক অপূর্ব আধ্যাত্মিকতায় মণ্ডিত করে তাকে ধর্মের আসনে প্রতিষ্ঠিত করেন। তাঁর লেখনীকে আশ্রয় করে যে সত্য বারবার ধ্বণিত প্রতিধ্বণিত হয়েছে তার মর্ম কথা হল, স্বদেশের জন্য চাই চরম আত্মত্যাগ ও আত্মবলিদান। ধীর পদক্ষেপে আত্মপ্রস্তুতির ভিতর দিয়ে ভারতের স্বাধীনতা আসবে, এ কথা তিনি বিশ্বাস করতেন না। স্বাধীনতার জন্য দেশ-জননীর বেদীমূলে আমাদের জীবনের সবচেয়ে প্রিয়বস্তু, এমনকি আমাদের জীবন পর্যন্ত দান করতে হবে। এইভাবে অগ্নিগর্ভ প্রচার চালিয়ে জাতির স্বদেশ চেতনাকে জাগ্রত করেন। এতে স্বরাজ সম্পর্কে মানুষের চিন্তাভাবনার আমূল পরিবর্তন আসে।

বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের অপর উল্লেখযোগ্য দিক জাতীয় শিক্ষার সঙ্গেও শ্রীঅরবিন্দ ওতপ্রোতভাবে যুক্ত ছিলেন। বঙ্গভঙ্গের প্রতিবাদে বিলাতি পণ্য বয়কটের সঙ্গে সঙ্গে সরকারি শিক্ষা প্রতিষ্ঠান বয়কটের আহ্বান জানানো হয়। ফলে রাজনৈতিক আন্দোলনের সঙ্গে জাতীয় শিক্ষার আন্দোলন যুক্ত হয়ে যায়। কার্লাইল সার্কুলারের মাধ্যমে সরকারের ছাত্র-পীড়ন নীতির (সেপ্টেম্বর-অক্টোবর ১৯০৫) ফলে আন্দোলন প্রবল আকার নেয়। এরই পরিপ্রেক্ষিতে ইতিবাচক পদক্ষেপ হিসাবে গড়ে ওঠে 'অ্যান্টি সার্কুলার সোসাইটি', জাতীয় বিদ্যালয় ইত্যাদি। নিপীড়িত বহিষ্কৃত ছাত্রদের ভবিষ্যৎ সমস্যা সমাধানের জন্য বিশিষ্ট নেতৃবর্গ কলকাতায় স্থাপন করেন 'জাতীয় শিক্ষা পরিষদ', ১১ মার্চ, ১৯০৬। এই পরিষদের পরিচালনায় প্রতিষ্ঠিত হল 'The Bengal National College and School', ১৪ আগষ্ট, ১৯০৬। শ্রীঅরবিন্দ ছিলেন এই কলেজের প্রথম অধ্যক্ষ এবং সতীশ চন্দ্র ছিলেন এর প্রথম তত্ত্বাবধায়ক। বেঙ্গল ন্যাশনাল কলেজের মহাকর্মযজ্ঞে তিনি সামিল হন এবং বরোদা থেকে বিনা বেতনে দীর্ঘকালীন ছুটি নিয়ে কলকাতায় আসেন। প্রসঙ্গত উল্লেখ্য, বরোদা কলেজের মাসিক ৭০০ টাকা বেতনের পরিবর্তে বেঙ্গল ন্যাশনাল কলেজে মাসিক ১৫০ টাকা বেতন পেতেন। তিনি খুব সহজেই এই ত্যাগ স্বীকারের সিদ্ধান্ত নেন। আসলে দেশ সেবার জন্য উৎসর্গীকৃত ব্যক্তির জীবনে এই ত্যাগ স্বীকার অতি সামান্য বিষয়। ১৯০৬ সালের ১৫ আগস্ট থেকে ১৯০৭ সালের ২ আগস্ট পর্যন্ত তিনি কলেজের অধ্যক্ষ এবং অধ্যাপনার দায়িত্ব নিষ্ঠা সহকারে পালন করেন। 'বন্দে মাতরম্' পত্রিকায় ব্রিটিশ বিরোধী লেখনীর জন্য শ্রীঅরবিন্দ ব্রিটিশের নেক নজরে পড়েন এবং গ্রেপ্তার হন। তাঁর গ্রেপ্তারের পর তিনি জাতীয় মহাবিদ্যালয়ের অধ্যক্ষ পদ থেকে ইস্তফা দেন। তিনি চাননি, এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ বিব্রত হোক বা ব্রিটিশ পুলিশের অত্যাচারে কলেজের কর্মকাণ্ড বিঘ্নিত হোক। অবশ্য জেল থেকে ছাড়া পাওয়ার পর তিনি সাধারণ অধ্যাপক হিসাবে থেকে যান।

জাতীয় মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কাছে তিনি বরোদার ছাত্রছাত্রীদের মতোই সম্মান ও শ্রদ্ধাভক্তি পেয়েছিলেন। তাঁর কারাবরণ ও অধ্যক্ষ পদ পরিত্যাগে ছাত্ররা এক সভা অনুষ্ঠান করে তাঁর এই সংকটে তাদের বেদনা ও শ্রীঅরবিন্দের প্রতি গভীর সহানুভূতি প্রদর্শন করে। ছাত্রছাত্রীদের অনুরোধে শ্রীঅরবিন্দ ১৯০৭ সালের ২৩ আগষ্ট এক সংক্ষিপ্ত অনুপ্রেরণামূলক ভাষণ দেন। তিনি বলেন, "প্রত্যেক জাতির জীবনে এমন মুহূর্ত আসে যখন ভগবান এক কর্ম, এক উদ্দেশ্য, জাতির সামনে তুলে ধরেন, তখন অন্যান্য সবকিছুর তা যত উন্নত ও মহৎ কাজ হোক না কেন সাময়িকভাবে পরিত্যাগ করতে হবে। আমাদের মাতৃভূমির সামনে আজ সেই পরিস্থিতির উদয় হয়েছে — যখন তাঁর সেবায় উৎসর্গীকৃত হওয়া ব্যতীত অন্য কোনও কাজ নেই, যখন সকল প্রচেষ্টা ধাবিত হবে সেই একই লক্ষ্যে। তোমাদের শিক্ষালাভ হবে তাঁরই সেবায় ও উদ্দেশ্যে নিয়োগ করা সেই শিক্ষা, যা হতে দেহ, মন ও আত্মা নিয়োজিত হয়

তাঁরই সেবায়। তোমাদের জীবিকা ও জীবনের লক্ষ্য হোক মাতৃভূমির সেবা। বিদেশ গমনের উদ্দেশ্য হোক অধীত বিদ্যা দ্বারা স্বদেশভূমির সেবা। তোমাদের কর্ম উদ্দীপ্ত হোক দেশের কাজে ও দেশের মঙ্গলে। তোমাদের আজকের আত্মাহুতি মায়ের তৃপ্তির জন্য হোক উৎসর্গীকৃত। তোমাদের প্রতি এই আমার আবেদন।”

ইতিমধ্যে ১৯০৮ সালের ৩০ এপ্রিল ক্ষুদিরাম বসু ও প্রফুল্ল চাকী ইংরেজ ম্যাজিস্ট্রেট কিংসফোর্ডকে হত্যার চেষ্টায় মজফ্‌ফরপুরে বোমা বিস্ফোরণ ঘটালে রাজনৈতিক পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। ঘটনার প্রতিক্রিয়ায় চারিদিকে ধর পাকড়, খানা তল্লাশির পরিমাণ বৃদ্ধি পায়। বোমা বিস্ফোরণের সূত্র ধরে পুলিশ মানিকতলার বাগান বাড়িতে বোমা তৈরির হদিস পায়। এর সঙ্গে যুক্ত সন্দেহে গ্রেপ্তার করা হয় বারীণ ঘোষ, উল্লাসকর দত্ত, উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, হেমচন্দ্র কানুনগো প্রমুখগণকে। ১৯০৮ সালের ২ মে গ্রে স্ট্রিট থেকে অরবিন্দ ঘোষকে গ্রেপ্তার করা হয়, দায়ের করা হয় আলিপুর বোমার মামলা। ঘর তল্লাশির সময় পুলিশ কাগজে মোড়া খানিকটা মাটি উদ্ধার করে। তারা ভেবেছিল এটা বোমা তৈরির উপাদান, কিন্তু তা ছিল দক্ষিণেশ্বরের পবিত্র মাটি। প্রায় ১৩১ দিন ধরে চলা মামলায় ৪০০০ দলিল, ৩৫০ দস্তাবেজ ও ২০০ জন সাক্ষী জোগাড় করা হয়েছিল। ব্যারিস্টার চিত্তরঞ্জন দাশ বিনা পারিশ্রমিকে মামলা লড়েন। শুরু হল বিপ্লবী অরবিন্দ ঘোষের ঋষি অরবিন্দতে রূপান্তরের সূচনা।

চিত্তরঞ্জন দাশের ঐকান্তিক প্রচেষ্টায় অরবিন্দ ঘোষ ছাড়া পেলেও অন্যান্য বিপ্লবীদের সাজা হয়। বিচারপতি পিসি বিচক্রফ্‌ট ছিলেন অরবিন্দ ঘোষের কেমব্রিজের সহপাঠী। তিনি অরবিন্দকে দেখে স্তম্ভিত হয়ে যান। মামলা চলাকালীন অরবিন্দ ঘোষ বলেন, ‘স্বাধীনতার আদর্শ প্রচার কারও পক্ষে কোনও অপরাধ নয়।’ এই সময় এক বছর তিনি জেলে ছিলেন। এই পর্বে তাঁর মধ্যে কিছু পরিবর্তন লক্ষ করা যায়, এক দিব্য চেতনার সঞ্চার হয়, যে উপলব্ধির কথা তিনি ‘কারাকাহিনী’-তে উল্লেখ করেছেন। ১৯০৯ সালের ৫ মে তিনি কারাগার থেকে মুক্তি পান। কিন্তু কারামুক্তির পূর্বেই তাঁর অন্তর্পদ্ম প্রস্ফুটিত হয়ে গিয়েছিল। তাই কারামুক্তির পরে আর পূর্বের কর্মকাণ্ডে ফিরে যাননি। নিজের ভিতরের যজ্ঞাগ্নির দিকে লক্ষ রেখে অন্তর্মুক্তির সাধনায় নিমগ্ন হন। ১৯১০ সালে রাজনৈতিক কর্মকাণ্ড ত্যাগ করে পণ্ডিচেরীতে চলে যান এবং সেখানে ৪০ বছর অতিবাহিত করেন। এর মধ্যে ২৪ বছর কেটেছে অতলান্ত প্রশান্তির নিগূঢ় গম্ভীর অধ্যাত্ম সাধনায়।

রাজনীতি, বিপ্লব, আন্দোলন — এ সব ছাড়ার পরও বহু মানুষের বিশ্বাস ছিল তিনি একদিন ফিরে আসবেন এবং আবার নেতৃত্ব দেবেন। বহু বিখ্যাত ব্যক্তিত্ব তাঁকে ফিরে আসার অনুরোধ করেন, এমনকি পণ্ডিচেরীতেও যান। দেশবন্ধু চিত্তরঞ্জন যার ঐকান্তিক প্রচেষ্টা স্মরণীয়, তাঁর অনুরোধ প্রসঙ্গত উল্লেখ্য ঃ ‘আপনি ফিরে চলুন। রাজনীতিতে আপনার প্রয়োজন আছে। ভারতের জন্য স্বাধীনতা সংগ্রামের যে বীজ আপনি রোপন করেছিলেন তা আজ মহীরূহ। আপনি ফিরে চলুন।’ অরবিন্দ ঘোষ মৃদু হেসে দেশবন্ধুকে জানিয়েছিলেন, ‘আমি আর বিপ্লবী অরবিন্দ নই, আমি এখন যোগী অরবিন্দ। আমার পক্ষে ফেরা সম্ভব নয়।’ তিনি দেশবন্ধুকে আরও জানান, আপনি বাংলার বিপ্লবী আন্দোলনের একজন প্রবীণ প্রতিনিধি। আপনি রাজনীতি ছাড়বেন না। আপনি অনেকের অনুপ্রেরণা।’ আলিপুর বোমার মামলা চলাকালীন দেশবন্ধু অরবিন্দ ঘোষকে ‘জাতীয়তাবাদের দ্রষ্টা’, ‘দেশপ্রেমের কবি’ বলে চিহ্নিত করেছিলেন। দেশবন্ধু অবশ্য দেখে যেতে পারেননি অধ্যাত্ম সাধনার গভীর সাধনায় নিমগ্ন হয়ে অরবিন্দ ঘোষ হয়ে উঠেছিলেন মানবসভ্যতার নিভৃতসাধনার ইতিহাসে এক বিরল মাপের মহাকবি। কেননা তাঁর অন্তঃজীবনলীলা দিয়ে রচনা করেছেন আত্মশাসনের এক সমুজ্জ্বল মহাকাব্য যা সমগ্র মানবসমাজকে আজও বিস্মিত করে।


তথ্যসূত্র:

১। শ্রীঅনিলবরণ রায় — পুরুষোত্তম শ্রীঅরবিন্দ

২। প্রমোদ কুমার সেন — শ্রীঅরবিন্দ ঃ জীবন ও যোগ

৩। মাতৃশক্তি ঃ ২২ বর্ষ, ২ সংখ্যা, ১৪২৯।

৪। Zee 24 Ghanta Digital, 15th August, 2021.

# হিংসা নয়, ভালোবাসা ও সহানুভূতিই (Empathy) হল মানবসম্পদ

**কাওসার আলী মোল্লাহ্**
**সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ**

আমরা মানুষ, পৃথিবীর শ্রেষ্ঠ জীব। বহু পরিবর্তনের মধ্য দিয়ে আজ আমরা বর্তমান অবস্থায় পৌঁছেছি। একবিংশ শতাব্দীতে আমরা জলে, স্থলে ও অন্তরীক্ষে সমভাবে বিচরণ করতে পারি। বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতিতে আমাদের জীবনে এসেছে স্বাচ্ছন্দ্য। যোগাযোগ ব্যবস্থার উন্নতি গোটা পৃথিবীকে আমাদের হাতের মুঠোয় এনে দিয়েছে। চিকিৎসা বিজ্ঞানের উন্নতি আমাদের জীবনকে করেছে নিরাপদ। আমরা নিজেদের সভ্য ও শ্রেষ্ঠ বলে দাবি করে থাকি। কিন্তু এই দাবি কতটা সঙ্গত? সত্যই কি আমরা সভ্য ও সুখী হয়েছি? একটু আত্মসমালোচনা করে দেখলে কেমন হয়?

আমাদের চারপাশটা যদি একটু পর্যবেক্ষণ করি তাহলে কী রকম একটা অস্বস্তিকর অবস্থার উপলব্ধি হয়। কী রকম একটা ভয়, চাপা উত্তেজনার মধ্যে আছি বলে মনে হয়। বর্তমান শতাব্দীতে আমাদের দেশ তথা গোটা বিশ্ব যেন স্বার্থের দ্বন্দ্বের মধ্যে দিয়ে যাচ্ছে। কী ব্যক্তিক, পারিবারিক, কী সামাজিক বা রাষ্ট্রীয় সব সম্পর্কই যেন দেওয়া নেওয়ার সম্পর্ক। আমরা কতটুকু বলব বা করব তা নির্ভর করছে আমাদের কতটা লাভ বা ক্ষতি হবে তার উপর। নিঃস্বার্থ কর্তব্য যেন আমরা ভুলতে বসেছি। অষ্টাদশ শতাব্দীর বিখ্যাত জার্মান দার্শনিক কান্ট-এর বিখ্যাত নীতিতত্ত্ব – 'Duty for duty's sake' বা গীতার নিষ্কাম কর্মবাদ আমাদের কর্মজীবনে কোনও প্রভাব ফেলতে পারেনি। 'Sadistic mentality' আমাদের গ্রাস করেছে। অনেক সময় কেউ বিপদে পড়লে আমরা তাকে রক্ষা করার জন্য এগিয়ে যাই না, বরং তার ছবি তুলে সমাজ মাধ্যমে ছড়িয়ে দিই। যদিও এর ব্যতিক্রম আছে— এই তো সেদিন দুর্গাপূজার বিসর্জনের দিন জলপাইগুড়ি সংলগ্ন মাল নদীতে হড়পা বানে ভেসে যেতে দেখে একজন যুবক নদীপাড় থেকে ঝাঁপ দিয়ে তলিয়ে যাওয়া ব্যক্তিকে উদ্ধার করল। আবার আমরা এও দেখেছি কিছুদিন পূর্বে রাজস্থানে একজন ভিন্ন ধর্মের পরিযায়ী শ্রমিককে আগুন দিয়ে পোড়ানোর ছবি মোবাইলে তুলে সমাজমাধ্যমে ছড়িয়ে দেওয়া হচ্ছে।

বর্তমান সমাজ ও রাজনৈতিক জীবনে ভালোবাসা ও সহানুভূতির তুলনায় 'হিংসা', 'বিদ্বেষ'-কে গুরুত্ব দেওয়া হচ্ছে। সভ্য শিক্ষিত মানুষ ক্ষমতার লোভে বিদ্বেষমূলক কথা বলছে। গোটা পৃথিবীতে সন্ত্রাসের রাজত্ব চলছে। সাম্প্রতিককালে আমরা ইউক্রেন ও রাশিয়ার যুদ্ধের কথা উল্লেখ করতে পারি। হাজার হাজার মানুষ আধিপত্য ও আগ্রাসনের বলি হচ্ছে। কোভিড নামক মহামারী গত দু-বছরে মানব সমাজের অনেক ক্ষতি করেছে। কিন্তু ইউক্রেনে মনুষ্যসৃষ্ট এই ধ্বংসের কি কোনও দরকার ছিল? একটা উন্নত দেশকে কিভাবে পরিকল্পনা করে ধ্বংস করা হচ্ছে। আমাদের প্রতিবেশী দেশ আফগানিস্তান দীর্ঘ দশক যুদ্ধদীর্ণ। দারিদ্র ও অপুষ্টিতে ভুগছে দেশটি। অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন না ঘটিয়ে ধর্মের নামে শাসকের ক্ষমতা দখল করেছে। জোর করে নারীদের শিক্ষার অধিকার হরণ করা হচ্ছে। চিকিৎসা নেই, ওষুধ নেই, খাবার নেই, যথাযথ শিক্ষার ব্যবস্থা নেই— কেবল ধর্মের ছদ্মবেশে তারা দেশ শাসন করছে। প্রকৃত ধর্ম তো এই ক্ষমতা দেয় না, ধর্মের মূল বাণী মানুষের কল্যাণ।

আবার তাকিয়ে দেখুন 'ISIS' (Islamic State for Iraq and Syria), 'Alqaeda' নামক মুসলিম জঙ্গী সংগঠনগুলির দিকে। কী তাদের আদর্শ ও উদ্দেশ্য? ধর্মকে ঢাল হিসাবে ব্যবহার করে সহিংস পথে আমেরিকা ও ইউরোপের আধিপত্য খর্ব করে রাষ্ট্রীয় ক্ষমতা দখল করা। ইসলাম শান্তির কথা বলে। Alqaeda

ও ISIS জঙ্গী সংগঠনগুলির উদ্দেশ্য ও আদর্শ ইসলাম সমর্থন করে না। আরবদেশে সাতশো খ্রিস্টাব্দে হজরত মহম্মদ প্রচারিত শান্তির বাণী তৎকালীন অসভ্য বর্বর আরব সমাজে শান্তি এনেছিল। সেই সময় কন্যা সন্তান জন্ম নিলে হত্যা করা হত। তাঁর বাণী এই প্রথা রদ করে। নারীদের তিনি মর্যাদা দান করেন। শান্তি ও সহনশীলতার বাণী প্রচারের মাধ্যমে ভিন্ন মতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেন।

আবার আমাদের প্রতিবেশী দেশ বাংলাদেশের কুমিল্লা জেলায় গত বছর এক অনভিপ্রেত ঘটনা ঘটে। বর্তমান শাসক দলকে উৎখাত করার জন্য পরিকল্পিতভাবে মুসলিম দুষ্কৃতিরা মন্দিরে কোরান রাখে। সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের বিরুদ্ধে বিদ্বেষ সৃষ্টি করে তাদের ঘরবাড়ি ভাঙচুর করে, সম্পত্তি নষ্ট ও আক্রমণে প্ররোচনা দেয়। যদিও বর্তমান সরকার খুব দ্রুততার সঙ্গে এই ঘটনার অনুসন্ধান করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

আমাদের প্রতিবেশী রাষ্ট্র মায়ানমারের স্বৈরাচারী সামরিক শাসকগণ ২০১৭ সালের আগস্ট মাসে বিদ্রোহী দমনের নামে সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের লোকেদের খুন, ধর্ষণ, ঘরবাড়ীতে আগুন জ্বালিয়ে দিয়ে দেশ ছাড়তে বাধ্য করে। হিংসা বিদ্বেষ ছড়িয়ে জাতিগত শুদ্ধিকরণের (Ethnic Cleansing) অভিপ্রায়ে লক্ষ লক্ষ দেশবাসীকে শরণার্থীতে পরিণত করেছে। প্রায় এগারো লক্ষ আরাকানবাসী বাংলাদেশের শরণার্থী শিবিরে কষ্টের মধ্যে দিন গুজরান করছে।

হিংসা বা বিদ্বেষ মানব চরিত্রের একটি খারাপ দিক। হিংসার দ্বারা কোনও মহৎ উদ্দেশ্য সাধিত হতে পারে না।

ভারতবর্ষ বৈচিত্র্যময় মহান দেশ। এই দেশে জন্ম গ্রহণ করে নিজেকে গর্ব বোধ করি। কত ভাষা, ধর্ম ও সংস্কৃতিতে বৈচিত্র্যময় এই দেশ। কত বিখ্যাত ব্যক্তি এই দেশে জন্মগ্রহণ করেছেন। পৃথিবীর প্রাচীন চারটি সভ্যতার মধ্যে হরপ্পা ও মহেঞ্জোদড়ো সভ্যতা ছিল আমাদের অখণ্ড ভারতবর্ষে।

ভারতীয় দর্শন কত সমৃদ্ধ দর্শন। বিভিন্ন তার শাখা নাস্তিক দর্শন— আস্তিক দর্শন। চার্বাক, বৌদ্ধ, জৈন, ন্যায়-বৈশেষিক, সাংখ্য-যোগ, মীমাংসা-বেদান্ত দর্শনের বিভিন্ন শাখাতে প্রাচীন মুণিঋষিগণ কী সুন্দর যুক্তি পদ্ধতির সাহায্যে দর্শনের আলোচনা করেছেন, জীবনের মুক্তি বা মোক্ষের সন্ধান করেছেন। পূর্বপক্ষ— খণ্ডন ও উত্তরপক্ষ এই ছিল তাদের আলোচনার পদ্ধতি। প্রাচীন ঋষিগণ আলোচনায় সহনশীলতার উপর জোর দেন। প্রত্যেক ভারতীয় দার্শনিক নিজ বক্তব্য উপস্থাপনের পূর্বে অন্য দার্শনিকদের মত আলোচনা করেছেন, যুক্তিযুক্তভাবে খণ্ডন করার পর নিজস্ব মতামত ব্যক্ত করেছেন। এই দৃষ্টিভঙ্গি থেকে আমরা প্রাচীন ভারতীয় চিন্তাধারার উদারতা উপলব্ধি করি। এই প্রসঙ্গে ঊনবিংশ শতাব্দীর বাংলার মনীষী 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক অক্ষয়কুমার দত্তের নাম আমরা উল্লেখ করতে পারি। তাঁর দুই খণ্ডে প্রকাশিত 'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়' বইটি পড়লে আমরা বুঝতে পারি কত বৈচিত্র্যময় বিভিন্ন ধর্মীয় মতের সহাবস্থান। কোনও একটি মত দ্বারা ভারতীয় সত্তাকে প্রকাশ করা যায় না। এই একই বিষয়ে আনন্দ পাবলিশার্সের ক্ষিতিমোহন সেন শাস্ত্রীর 'হিন্দুধর্ম' নামক বইটির উল্লেখ করা যেতে পারে। এই বইতেও আমরা প্রাচীন ভারতের বহুমত সমন্বিত সহনশীল সত্তার পরিচয় পাই।

ভারতবর্ষের স্বাধীনতার ৭৫ বছর পূর্তিতে একবছর ব্যাপী অমৃত মহোৎসব ঘোষণা করা হয়েছে। এই অমৃতকালে পাশাপাশি বসবাস করে আমরা কি বিদ্বেষপূর্ণ গরল পেলাম? এ কোন 'নতুন' ভারতের কথা কল্পনা করছেন বর্তমান রাষ্ট্রের কর্ণধাররা? 'সবকা বিকাশ'-এর মধ্যে কি সংখ্যালঘু মুসলিমরা নেই? দীর্ঘ ভারতীয় সংস্কৃতির কী এটাই পরিণাম?

না, এই পরিণামে আমি বিশ্বাস করি না। নানা ভাষা, নানা মত, নানা পরিধান, বিবিধের মাঝে দেখ মিলন মহান — এই হল আমাদের ভারতীয় সংস্কৃতি। হিংসা বা বিদ্বেষ মহৎ কিছু ঘটাতে পারে না। প্রেম, ভালোবাসা ও সহানুভূতিই সমগ্র মানবসমাজকে একীভূত করতে পারে। প্রত্যেক ধর্মের মূল বাণী প্রেম। ধর্ম সংহতিমূলক শক্তি এবং একান্ত ব্যক্তিগত। ধর্ম একটি বিশ্বাস, বিশ্বাসে বৈচিত্র্য থাকবে। বর্তমান রাষ্ট্রজীবনে যে মধ্যযুগীয় চিন্তাধারা প্রবাহিত হয়ে চলেছে তার অবসান ঘটবে। বৈজ্ঞানিক যুক্তিসিদ্ধ চিন্তার আবির্ভাব হবে। উদার, গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, পরমতসহিষ্ণু, বৈচিত্র্যের মধ্যে এক ভারতের পুনরাবির্ভাব ঘটবে।

# মানবসমাজে নৈতিকতা ও মূল্যবোধ

**গোলাম মোর্তুজা**
**(স্টেট এইডেড কলেজ টিচার, ইতিহাস বিভাগ)**

মানুষ, সমাজ তথা পরিবেশের প্রধানতম উপাদান। পরিবেশের অন্যান্য জীব ও উপকরণসমূহ মানবজাতির কল্যাণকর উৎস হিসাবে প্রতিভাত। তাছাড়া বুদ্ধিবৃত্তির একচ্ছত্র অধিপতি হিসেবে মানুষ কায়েম করেছে তার শ্রেষ্ঠত্বের আসন। প্রাক্ সভ্যতাকালেই প্রমাণ করেছে সর্বপ্রকার প্রতিকূলতা জয় করে পৃথিবীর বুকে বিরাজ করার ক্ষমতা সে ধরে। সে উপলব্ধি করেছে নিজের অস্তিত্ব বজায় রাখতে হলে চায় পারস্পরিক সহায়তা এবং সহাবস্থান। ফলে মানুষকে ভাবতে হয়েছে সর্বাঙ্গীন কল্যাণ। তার মনে জন্ম নিয়েছে সততা, সহিষ্ণুতা, ইত্যাদি গুণাবলী, গড়ে উঠেছে ঐক্যবদ্ধ সমাজ। সামাজিক বন্ধনে আবদ্ধ হতে গিয়ে অবধারিত ভাবেই উদয় হয়েছে ন্যায়-অন্যায়, নিয়মনীতির প্রশ্ন। মানুষ আপন বিচারবুদ্ধির বলেই করতে শিখেছে আত্মত্যাগ। তার মনে স্থান পেয়েছে রীতিনীতি মেনে চলার বাধ্য বাধকতা। গড়ে উঠেছে মূল্যবোধ।

কলমের কয়েকটি আঁচড়েই মূল্যবোধের আলোচনা করতে গেলেও তার প্রতিষ্ঠা ও বাস্তবায়ন ছিল যথেষ্ট কঠিনসাধ্য ব্যাপার। কেনও না এটি ব্যক্তিমনে উদ্রেক হতে পারে একমাত্র স্বতঃস্ফূর্তভাবে। বাহ্যিক প্রভাবে কখনোই মূল্যবোধের ধারণাকে প্রভাবিত করা সম্ভব নয়। বিধান, আইন ও মূল্যবোধ ইত্যাদি বিষয়গুলি সামাজিক জীবনের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত হলেও মূল্যবোধের সঙ্গে অন্যান্য বিষয়গুলির মৌলিক পার্থক্য বিদ্যমান। বিধান ও আইন বাহ্যিকশক্তি তথা প্রশাসন, সরকার ইত্যাদির দ্বারা প্রয়োগকৃত, পক্ষান্তরে মূল্যবোধের উৎস হল মানুষের আন্তরিক সদিচ্ছা।

মানবসমাজের সুষ্ঠ বিকাশের ক্ষেত্রে সর্বযুগেই মূল্যবোধের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ। কিন্তু মূল্যবোধের অবক্ষয় বর্তমান সমাজের সবচেয়ে বড় সমস্যা। প্রতিটি মানুষ এটা স্বীকার করলেও মানছেন না সিংহভাগই। পশ্চিমবঙ্গের প্রেক্ষাপটে যদি আলোচনায় আসি; তাহলে আমরা দেখব--পারিবারিক, সামাজিক, রাজনৈতিক ও রাষ্ট্রীয়সহ যত অপরাধ সংঘটিত হচ্ছে তার প্রায় সবগুলিই নৈতিক স্খলন ও মূল্যবোধের অবক্ষয়জনিত কারণে হচ্ছে। বিপর্যস্ত হচ্ছে পরিবার ও সমাজ। আহত হচ্ছেন উন্নত মূল্যবোধে বেড়ে ওঠা কিছু মানুষ। ক্ষতির মুখোমুখি হচ্ছে আমজনতা। অপরদিকে অর্থনৈতিক দুর্বৃত্তায়ন, স্বজনকেন্দ্রীক ক্ষমতায়ন, দলান্ধ সুবিধাদান, বাহ্যিক চাকচিক্যের প্রতি টান ইত্যাকার সমস্যা মিলিয়ে আমাদের পরিবার ও সমাজ প্রায় ধ্বংসের মুখোমুখি।

ব্যক্তির যখন নৈতিকতা ও মূল্যবোধের অবক্ষয় শুরু হয় তখন অবধারিতভাবে সে সাংস্কৃতিক বিকলাঙ্গে ও আধ্যাত্মিক দেউলিয়ায় পরিণত হয়। তার কাছ থেকে বিদায় নেয় লজ্জা, মানবিকতা, আদব-আখলাক সহ যাবতীয় সুন্দর আচরণ। সেই ব্যক্তি তখন নিজের অবস্থানটাকেই মুখ্য মনে করে। তার চারপাশ হয়ে যায় কেবল আমিময়। সকল দায়বোধ থেকে মুক্তভাবে নিজেকে। সমাজ পরিবার ও সামাজিক ন্যায়-নীতি গুলোকে তার কাছে মনে হয় পুরানো, সেকেলে, অবাস্তব, অপ্রয়োজনীয় অনর্থক ও জঞ্জাল! নিজের পরিণত বিবেক আর বুদ্ধি যা সায় দেয় তাই তার কাছে সিদ্ধ মনে হয়। নিজস্বতা বলতে তখন তার কাছে আর কিছু থাকে না। সে হয়ে যায় প্রবৃত্তির দাস। তার মনোজগতে চলতে থাকে অস্থিরতার সুনামি। ছোট ছোট অপরাধ করতে করতে এক সময় বড় অপরাধের দিকে ধাবিত হয় সে। পরিবার আত্মীয়-স্বজন ও নিকটজনের উদ্বেগ উৎকণ্ঠার কোনও মূল্য থাকে না তার কাছে। চলতে থাকে সামাজিক ও পারিবারিক অশান্তি। একসময় তা বিরাট পারিবারিক ক্ষতির কারণ হয়। কখনও বা খুন পর্যন্ত গড়ায়। নাড়িয়ে দেয় দেশ সমাজ রাষ্ট্র সরকারের আদর্শিক ভিত! প্রমাণ পাওয়া যাবে ১৯ মার্চ ২০২২ এবং ৫ জুলাই ২০২২ পত্রপত্রিকায়। আমরা দেখতে পাই মালদা হরিশচন্দ্র থানা এলাকাতে অতুল মহলদার এবং পূর্ব মেদিনীপুরের শহিদ মাতঙ্গিনী ব্লকের অন্তর্গত

মারুই গ্রামে ৬৬ বছরের মোহন দাস, উভয়েই নিহত হন স্বীয় সন্তানের হাতে। এই রকম প্রতিদিনই ঘটে যাওয়া ঘটনাগুলি আহত করে আমাদের।

এখন প্রশ্ন হল নৈতিক মূল্যবোধের সূচনা হয় কোথা থেকে এবং কিভাবে শুরু হয়? এটা প্রাথমিকভাবে পরিবার থেকে শুরু হলেও পূর্ণতা পায় আমাদের শিক্ষা ব্যবস্থার ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনার কারণেই। এরপর রাজনৈতিক ছত্রছায়ায় ভয়াবহ রূপ ধারণ করে। এক সময় নতজানু প্রশাসন, অর্থলোভী কর্মকর্তা, শিথিল পঞ্চায়েত ব্যবস্থা, দলীয় প্রভাব, পারিবারিক শক্তি, এলাকাভিত্তিক লালন পালন, কোনও প্রভাবশালী নেতার দলে ভিড়ে যাওয়া ইত্যাদি কারণে কেউ কেউ আরও আশকারা পায়। কেউ কেউ হয়ে যায় ত্রাসের অপর নাম। চলতে থাকে পারিবারিক সামাজিক অশান্তি। চরম উদ্বেগে থাকে সমাজের সাধারণ মানুষ আর সেই অবক্ষয় স্থান-কাল-পাত্রভেদে চলতেই থাকে আমাদের সমাজে। ব্যক্তির অবস্থার আর ক্ষমতার প্রেক্ষিতে আমাদের সমাজে সবচেয়ে ছোটো প্রতিষ্ঠান, পরিবার থেকে রাষ্ট্রের সবচেয়ে বড়ো প্রতিষ্ঠানেও সংক্রমিত হচ্ছে দিন দিন। মানুষ হিসেবে কমে যাচ্ছে আমাদের অনুভূতি। কমে যাচ্ছে আবেগ, ধর্মাচারের আগ্রহ। বেড়ে যাচ্ছে চাহিদা, শ্রেষ্ঠত্বের আকাঙ্ক্ষা, বিলাসী জীবনের ইচ্ছা, অনুকরণের ভয়াবহ স্রোত, বেয়াদবির মাত্রাসহ নানা অনাকাঙ্ক্ষিত উপসর্গ।

একেবারে খুব ছোটোবেলা থেকে যদি দেখি তাহলে দেখব পরিবার থেকেই শুরু হয় অবক্ষয়টা। বর্তমানে আমরা খুব অসহিষ্ণু হয়ে যাচ্ছি আমাদের সন্তানদের বেলায়। শহর কিংবা গ্রাম সর্বত্রই আজকাল নিজের সন্তানের দোষত্রুটির প্রতি ভ্রূক্ষেপ করতে দেখা যায় খুব কমজনকেই। সন্তানের প্রতি যদি কেউ অভিযোগ করে তাহলে সেটার মীমাংসা হয়ে যায় তার সামনেই। এক্ষেত্রে অধিকাংশ অভিভাবকই নিজের সন্তানের নির্দোষিতার প্রমাণে সচেষ্ট থাকেন। আবার ক্লাসে শিক্ষক কোনও কারণে তাকে যদি একটু আধটু ভয় ডর দেখান তখন সন্তান মা-বাবার কাছে নালিশ করে। মা-বাবা অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় সন্তানের সামনেই শিক্ষকের সাথে খারাপ আচরণ করছেন। একটু উচ্চবিত্ত হলে তো কথাই নেই। কোনও কোনও ক্ষেত্রে শ্রমিকশ্রেণি, দরিদ্র পরিবার, দিনমজুর পরিবার সহ এমন পরিবারের অবক্ষয় শুরু হয় মা-বাবার ঝগড়া, প্রতিবেশীর সাথে ঝগড়ায় অশ্লীল বাক্য প্রয়োগ আর গালি থেকে। কখনও কখনও পরিবারের নিজস্ব নৈতিক অবক্ষয় থেকে।

মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত পরিবারের অবক্ষয়টা শুরু হয় পারিবারিক প্রতিযোগিতা, কাজের চাপে সন্তানের খোঁজ খবর না নেওয়া, বাবা-মা উভয়ের চাকরি করার জন্য কাজের লোকের কাছে বেড়ে ওঠা, সন্তানের শিক্ষাকে বিনিয়োগ মনে করা, আদরের প্রাবল্য। অন্যের সন্তান থেকে নিজের সন্তানকে বেশি ভালো মনে করা। সন্তানের প্রতি অতি আত্মবিশ্বাসের কারণে কোনও অভিযোগকে পাত্তা না দেওয়া। যে কোনও মূল্যে সাফল্যের চেষ্টাকে বাধা না দেওয়া ইত্যাদি উদাহরণ বলা যায়। পরীক্ষায় নকল করা; আজ পর্যন্ত কোনও বাবা-মাকে দেখিনি সন্তানকে বলছেন যে, নকল করে যদি পরীক্ষা দিস্ তাহলে বাড়িতে জায়গা নাই। কিন্তু শুনেছি 'রেজাল্ট ভালো না হলে বাড়িতে আসবি না' বলতে। সম্প্রতি দেখেছি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে অথবা অনলাইনে পরীক্ষার দাবিতে অভিভাবকদের কী ছোটাছুটি। প্রশ্নটা পেতেই হবে অথবা অনলাইনে পরীক্ষা হতেই হবে। যে-সব সন্তান মা-বাবার এই অবস্থান প্রত্যক্ষ করে বড়ো হচ্ছে সেই সন্তানকে কিভাবে তারা নৈতিকতা বা মূল্যবোধের শিক্ষা দেবেন?

এছাড়া আছে আকাশ ছোঁয়া সংস্কৃতির আগ্রাসন। আমরা আমাদের সন্তানদের এখন আর রামকৃষ্ণ বিবেকানন্দ বা সাহাবীদের কাহিনি, মনীষীদের কাহিনি শুনাই না। তাদের হাতে তুলে দিই রিমোট কন্ট্রোল। একসাথে বসে দেখি সিনেমা, নাটক আর নানা অনুষ্ঠান। আজকালের নাটক সিনেমা যৌনতা আর অপরাধ প্রবণতা ছাড়া হয় না। নায়কের ভালোমানুষির ভেতর ও থাকে প্রেম-প্রেম খেলার নষ্টামি। আর বাঙালি সব সময় মন্দটাকে নিতে পছন্দ করে। ফলে ভিলেনের চরিত্রটাই আমাদের সন্তানদের উপর বেশি প্রভাব ফেলে। আর মেয়েদের উপর প্রভাব ফেলে সিনেমার নায়িকাদের ফ্যাশনেবল পোশাক-আশাক। বর্তমানে উটকো ঝামেলা হিসেবে আবির্ভূত হয়েছে সিরিয়াল, ওয়েব সিরিজ। আমাদের মা-মেয়েদেরকে দেদার শেখাচ্ছে পরকীয়া আর

কিভাবে স্বামী ভাই বাবাকে ফাঁকি দিয়ে ডেটিং করা যায়। শিশু-কিশোরদের শেখাচ্ছে ইচরে-পাকামু, বেয়াদবি, ঔদ্ধত্য কল্পনাবিলাসী হওয়ার মন্ত্র। আর এই সব বিষয়ের কুফল আমরা ইতিমধ্যেই দেখছি আমাদের সমাজে।

উভয়েই চাকরিজীবী ও এক সন্তানের কোনও কোনও একক পরিবার, সন্তানের নিঃসঙ্গতাকে কাটানোর জন্য বাসায় নিয়ে আসেন নানা ধরনের বিনোদন সামগ্রী তাতে আছে কম্পিউটার, টিভি ও ডিস লাইনের সংযোগ ফলাফল শিশু কিশোররা মেতে থাকে কার্টুন আর গেমস্ নিয়ে; একটু বড়োরা বেশিরভাগ ক্ষেত্রেই আছে নানা এডাল্ট সাইট আর পর্নো নিয়ে। নারীদের একটা বড় অংশ মেতে থাকে সিরিয়াল নিয়ে। একসময় সবকিছু থেকেই তাদের মজা নষ্ট হতে থাকে। শুরু হয় নেশার জগতের প্রথম ধাপ। কেউ কেউ আবার সঙ্গী-সাথীদের সাথে ধূমপান করতে করতে মাদকতায় আসক্ত হয়ে যায় ফলে সমাজের একটা বিশেষ অংশ পঙ্গুত্ব প্রাপ্ত হচ্ছে অচিরেই।

কারও কারও সন্তান মানুষ হয় কাজের লোকদের সহায়তায়। স্কুলে আনা-নেওয়ার কাজটাও হয় ড্রাইভার অথবা কাজের লোকের মাধ্যমে। যদি কাজের লোকটি মানুষ ও সৎ হয় তাহলে তো বাঁচা গেল। যদি তা না হয়, ক্ষেত্র বিশেষে দেখা যায় সন্তানের চরিত্রে সেই কাজের লোকের চরিত্রের প্রভাব পড়ছে।

পরিতাপের বিষয় এখানেই শেষ নয়। পণপ্রথার কুপ্রভাব জাঁকিয়ে বসেছে। নারী নির্যাতন, বধূহত্যা, প্রাত্যহিক সংবাদ শিরোনাম। ততোধিক দুঃখের বিষয় এই যে, এই করুণ ঘটনাগুলিও আমাদের গা সওয়া হয়ে গিয়েছে। নিষ্পাপ, অবলা অসহায়দের অকাল মৃত্যুতে আমাদের পাষাণ হৃদয় কেঁদে ওঠে না অত্যাচারিতা নারীর বুক ফাটা আর্তনাদ আকছার শোনা গেলেও সকলেই উদাসীন হয়ে পড়ছে। এর স্বপক্ষে যুক্তি দেখানো হচ্ছে এসব পারিবারিক অভ্যন্তরীণ ব্যাপার। অতএব নাকগলানো অর্থহীন। কম যায় না নারীকূলও। নারী নির্যাতনের সিংহভাগই ঘটে শাশুড়ি, ননদরূপী নারীদের প্রত্যক্ষ বা পরোক্ষে মদতে। পরিশ্রম সাধ্য কর্মগুলি নির্দিষ্ট থাকে পরের ঘর থেকে আসা বধূটির জন্য। বিনিময় হিসেবে জোটে পরিবারের সকলের খাওয়ার পর অবশিষ্ট অপ্রতুল খাদ্যাংশ। এদৃশ্য সমাজে যত্রতত্র দেখা যায়।

মূল্যবোধের অভাব আজ সর্বত্রই। চিকিৎসক সমাজ সেবা ভুলে অর্থ উপার্জনের যন্ত্রে রূপান্তরিত। সরকারি অফিসে ঘুস না দিলে কাজ হয় না। অফিসার বাবুর মুখে 'পেয়ে থাকি' বাণীর নির্লজ্জ বহিঃপ্রকাশ শোনা যায়। খাদ্যসহ বিভিন্ন বস্তুতে ভেজাল মেশানো একটা শিল্প হয়ে দাঁড়িয়েছে। শিশুখাদ্যে ভেজাল দিতেও অর্থ লিপ্সুদের হাত কাঁপে না। তাদের একটিবারও মনে পড়ে না কচি কাঁচা শিশুগুলির নিষ্পাপ মুখগুলির কথা। সবলের হিংস্র থাবায় দুর্বল সদা ভীত সন্ত্রস্ত।

শিক্ষাঙ্গনের অবস্থা আরও ভয়াবহ! যারা আশা করেন যে, বাড়ির পরিবেশের থেকে বিদ্যালয়ে গিয়ে একটু উন্নত মানসিকতা ও নৈতিকতা নিয়ে বড়ো হবে তাও আজকাল সম্ভব নয়। শুরু হয় সাজেস্‌নের নামে প্রশ্ন আউটের উৎসব! এরপর আসে ভালো স্কুলে ভর্তির সংগ্রাম। কোথাও কোথাও অর্থের আদানপ্রদান। এরপর আছে টাকার বিনিময়ে চাকুরি পাওয়া অযোগ্য শিক্ষকদের দায়সারা কাজ করবার নানা অভিযোগ।

এরপর আরও আছে, কিছু অযোগ্য লম্পট টাইপ শিক্ষকদের (?) নষ্টামি। তাদের কুকীর্তির কথা মিডিয়ার কল্যাণে গোপন থাকে না। এমন আর কত যে আছে তার হিসেব কে রাখে? ছাত্ররা যখন একজন শিক্ষকের নানা ভণিতা ধরে ফেলে তখন সেই শিক্ষকের উপদেশ, আদেশ আর আদর্শ সেই ছাত্রটিকে আর টানে না। ফলে শিক্ষার্থীদের নৈতিক মান ও আদর্শ মূল্যবোধের শিক্ষা দেওয়াটা অনেক কঠিন হয়ে গেছে।

এবার আসা যাক কলেজের কথায়। সেখানেও আছে রাজনৈতিক দুর্বৃত্তায়ন, অর্থনৈতিক আত্মসাৎ, শিক্ষকদের দলাদলি, ছাত্রদের ছাত্ররাজনীতির নামে দলীয় লেজুর বৃত্তি, স্যেকুলারিজমের নামে ধর্ম ও সামাজিক প্রথার বিরুদ্ধে বিষোদ্গার ও সামাজিক অধিকার হরণের নির্লজ্জ কূটচাল ইত্যাকার নানা সমস্যা। ফলে দেশের সর্বোচ্চ শিক্ষা নেওয়ার পরও একজন মানুষ সত্যিকারের মানুষ হতে পারছে না। শিক্ষিত কোনও রাজনৈতিক নেতাও আসছেন না যিনি বদলে দেবেন আমাদের সমাজের খোলনলচে। অন্যদিকে সমাজের শিক্ষিত শ্রেণি ও সৎ মানুষেরা ক্রমেই রাজনীতি বিমুখ হচ্ছেন। সেই জায়গা দখল নিচ্ছে একদল গোয়ার, অশিক্ষিত, লোভী এবং

সুযোগসন্ধানী মানুষ নামের অমানুষ। আমরা পাচ্ছি একটি অনিশ্চিত আগামীর স্বদেশ। পাচ্ছি আগত প্রজন্মের জন্য এক আকাশ উদ্বেগ ও উৎকণ্ঠা। তৈরি হচ্ছে একদল সরকারি চাকুরে আর তৈরি হচ্ছে কেরানি আর শোষক। রাষ্ট্রের পরতে পরতে ধাপে ধাপে এখন চলছে ঘুষের বাণিজ্য। চলছে সুদের উৎসব। আর এইসব ঘুষ আর সুদের কারবারিদের মধ্যে শিক্ষিত ও সমাজের উপরতলার মানুষই বেশি। যারা সমাজ সভ্যতাকে আলোকিত করবেন তারাই এখন অন্ধকারের সারথি। কে দেবে আলোকের সন্ধান? কোথায় পাব আশার সঞ্জিবনী শক্তি। চারপাশের বাতাস ও পরিবেশ এখন বিষাক্ত! মানুষের কেন্দ্রীয় কমান্ড ভেঙে পড়েছে মনে হয়!

সমাজের প্রতিটি সেক্টরে আজ সুদখোর আর ঘুষখোরের প্রতাপ। কোনও বালাই নেই; আজকের সরকারি চাকুরেদের মধ্যে। কারণটা কী? কোথায় এই সমস্যার উৎস? এর একটাই কারণ, ভেঙ্গে গেছে আমাদের মূল্যবোধের দেওয়াল। ছিঁড়ে গেছে নৈতিকতার চাদর। দিন দিন মানুষের হতাশা বাড়ছে। বাড়ছে অপরাধের খতিয়ান। দুর্বল ঈমান আর আদর্শহীন মানুষ অন্যায় করেই যাচ্ছে একদল তা সয়েও যাচ্ছে। অপরদিকে যারা আদর্শিক মানে উন্নত তারাও আছে অনেকটাই বেখবর। তাদের মাঝেও আছে নানা মত-পথ আর অনৈক্যের সাতকাহন। ফলে একটা দেশ জাতীয়ভাবে ঘুষ আর দুর্নীতির কাছে হেরে যাচ্ছে। এখনই তো সামাজিক পরিবর্তন আর রাষ্ট্রীয় পরিবর্তনের সময়। একেবারে ধ্বংস হয়ে গেলে কোথা থেকে হবে তার উত্থান? চূড়ান্ত ধ্বংসের আগেই আমাদের জাগতে হবে। অন্যথায় অবক্ষয় বাড়তেই থাকবে, ভাঙ্গতেই থাকবে সামাজিক নিরাপত্তা আর পারিবারিক শান্তির ঠিকানা। মানুষ একসময় চলে যাবে আধ্যাত্মিক ও আদর্শিক শূন্যতার চূড়ান্ত সীমানায়। দেশ ও জাতির সৎ মানুষের জন্য রাষ্ট্র হয়ে যাবে আগুনের কারাগার। স্বেচ্ছা নির্বাসন ছাড়া কোনও বিকল্প থাকবে না আদর্শিক জীবন চর্চায় অভ্যস্ত মানুষদের!

সমাজ বিজ্ঞানী এমিল ডুর্খেইমের মতে, 'সামাজিক বিশৃঙ্খলার' অর্থ ব্যক্তির ওপর সামাজিক রীতিনীতির প্রভাব হ্রাস পাওয়া– ''আর একটি বিশৃঙ্খল সমাজে নিরাপত্তার বালাই থাকে না। সমাজ যখন নিরাপত্তাহীন হয়ে যায় তখন একটা পরিবার অবধারিত ভাবেই অনিরাপদ হয়ে যায়। শুরু হয় চারপাশে অস্থিরতা। বাড়তে থাকে সামাজিক ও পারিবারিক অপরাধের পরিধি। ফলে সমাজে চলতে থাকে নানাবিধ সমস্যা আর অপরাধের রাজত্ব।

নৈতিকতার অবক্ষয়ের কারণেই সমাজে ধেয়ে আসে নানা অপরাধের সুযোগ। সমাজের আবাল-বৃদ্ধ-বণিতা হয়ে যায় অপরাধপ্রবণ। আইন তখন আর সেই সমাজকে নিয়ন্ত্রণ করতে পারে না। সবাই খুঁজতে থাকে আইনের ফাঁকফোকর। সেইসব ফাঁকফোকর গলে অপরাধীরা সহজেই মুক্তি পায়। মুক্তির পর অপরাধ শুরু করে আরও বেশি। ফলে সমাজে বাড়তে থাকে ইভটিজিং, মাদকাসক্তি, সন্ত্রাস, চাঁদাবাজি, দুর্নীতি, কিশোর অপরাধ, ধর্ষণ, হত্যা, গুম, মিথ্যা মামলা, নারী নির্যাতন, যৌতুকের ভয়াবহতা, অ্যাসিড নিক্ষেপ, অপহরণ ছিনতাই, হাইজ্যাক, কিডন্যাপ, উৎকোচ ইত্যাদি অপরাধ। বাড়তে থাকে রাজনৈতিক সহিংসতা। মানুষের জীবনে নেমে আসে স্থবিরতা। জনজীবনে আসে অনিশ্চিত আগামীর পদধ্বনি। ভাঙ্গন ধরে পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে। তৈরি হয় বিভেদের দেওয়াল-- ভাইয়ের সাথে ভাইয়ের প্রতিবেশীর সাথে প্রতিবেশীর, বন্ধুর সাথে বন্ধুর।

নৈতিক আর আদর্শিক ঐশ্বর্য না থাকলে চিন্তাগত ও আদর্শগত মতানৈক্যের কারণে শত্রুতার বীজ বুনে যায় যে কেউ। বর্তমানে আমরা গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার দলনীতিতেই তাই দেখছি। পরমত সহিষ্ণুতা চলে যায় শূন্যে। সমালোচনা হয়ে যায় শত্রুতা। প্রতিবাদ হয়ে যায় যুদ্ধ। ক্ষমতার জন্য মানুষ হয়ে যায় অন্ধ।

সুতরাং পরিবার ও সমাজকে বাঁচিয়েই রাষ্ট্রকে বাঁচতে হবে। আর রাষ্ট্রকে বেঁচে থাকতে হলে তাকে তৈরি করতে হবে সুনাগরিক। সুনাগরিকের অন্যতম শর্ত হল তারা হবে নৈতিক মানে উন্নত। সামাজিক ও ধর্মীয় মূল্যবোধে উজ্জীবিত। আদর্শিক চেতনায় সুদৃঢ়। কর্মপ্রচেষ্টায় নিয়মিত।

# তৃতীয় লিঙ্গের মানুষ ও অক্সফোর্ড অভিধানে 'Ze' শব্দের অন্তর্ভুক্তি

**জাহির রায়হান**

**(স্টেট এইডেড কলেজ টিচার, ইংরেজি বিভাগ)**

গ্রিক পুরাণ অনুসারে, হার্মোস ও আফ্রোদিতির সুদর্শন পুত্র হার্মাফ্রোদিতাসের প্রেমে পড়েন ঝরনার দেবী সালমাসিস। অনুরক্ত সালমাসিস ঈশ্বরের নিকট প্রার্থনা করেন, তিনি যেন হার্মাফ্রোদিতাসের সাথে মনে প্রাণে হতে পারেন একীভূত। ঈশ্বর মঞ্জুর করেন সালমাসিসের প্রার্থনা: সৃষ্টি হয় তৃতীয় লিঙ্গের।

বর্তমান বিশ্বের নানা দেশে তৃতীয় লিঙ্গের মানুষের পরিচিতি বিবিধ পরিচয়ে। ইংরেজিতে তাদের পরিচয় 'ট্রান্সজেন্ডার', 'ইনুখ' বলা হয় হিব্রু ভাষায় আবার আরবী ভাষায় তাদের নাম 'মুখান্নাতুন'। ভারতীয় উপমহাদেশে হিজড়া, শিখণ্ডী, বৃহন্নলা, তৃতীয় লিঙ্গ, উভলিঙ্গ, কিন্নর, জগোপা, আরাবানী প্রভৃতি নামে তাদের ডাকা হয়ে থাকে এবং ভারতীয় মতে তাদের আরাধ্য দেবতার নাম 'আরাবান'। দেশভিত্তিক যেমন তাদের পরিচিতিতে ভিন্নতা রয়েছে তেমনি বিশ্বের অধিকাংশ রাষ্ট্রই তৃতীয় লিঙ্গের মানুষদের নাগরিক হিসেবে গণ্য করে না। দুনিয়ায় তাদের অস্তিত্ব স্বীকারই করতে চায় না কেউ। পুরুষ যেমন পুরুষ, নারী যেমন নারী; হিজড়াও তেমন হিজড়া, কিন্তু কিভাবে এটা সভ্য সমাজের নারী বা পুরুষকে বোঝানো সম্ভব, তা আজও অজ্ঞাত ।

পৃথিবীর বুকে তাদের জন্ম আর দশটি সাধারণ শিশুর মতোই। দীর্ঘ নয় মাস উৎকণ্ঠিত অপেক্ষার পর মায়ের কোল জুড়ে ঘর আলো করে আসে সন্তান। তাদের ভূ মিষ্ঠ হওয়ার লগ্ন হতে পরিবারে নামে খুশির জোয়ার, শিশুর আগমনে পাড়া প্রতিবেশী আত্মীয় পরিজনকে সু-সংবাদ দেওয়ার সাথে সাথে মিষ্টি মুখ করানো, মন্দিরে পুজো দেওয়া অথবা আল্লাহ'র দরবারে হাত তুলে মোনাজাত, সবই হয়। পরিবারের কেউ আকিকার খাসি খুঁজতে হয়ে পড়ে ব্যস্ত। কেউ বা চার্চে যিশুর কাছে জ্বালিয়ে আসে মোমের আলো। অনেকেই সদ্যজাত'র কচি মুখে তুলে দেয় বুদ্ধমূর্তি ধৌত পাদোদক। বাবা-মা ভাই-বোনের আদর যত্ন ভালোবাসায় বড়ো হতে থাকে নবজাতক।

তারপর একসময় দামাল শিশুর দেহে বদল আসে, শরীরে দেখা দেয় কিছু ব্যতিক্রমী পরিবর্তন। সেই পরিবর্তন আরও পরিস্ফুট হয়ে ওঠে কৈশোরের বয়ঃসন্ধিকালে। বালক শিশুটির দেহে দৃশ্যমান হয় মেয়েলি গঠন। বুকের দুই দিক কিছুটা উন্নীত হতে শুরু করে ক্রমশ, কণ্ঠস্বর এবং শারীরিক ভাষায় ধরা পড়ে মেয়েলিপনা। বাড়ন্ত শৈশবের হাবভাব পরখ করে বিদ্রুপ সহকারে উত্যক্ত করে সহপাঠী ও খেলার সঙ্গিসাথীরা। চারিপাশের এই অদ্ভুত আচরণে অবোধ শিশু বুঝতে শেখে সে বাকিদের থেকে ভিন্ন। পরিচিত অপরিচিত মানুষের ডাকা 'হিজড়া' ডাকটা তার কানে লাগে, লাগে মনেও। অসহায় শিশু কাতর চোখে চায়, নিজেকে লুকাতে চায় বহির্বিশ্বের আলো থেকে। ঘটনার সত্যতা জেনে কারও কারও চোখে ফুটে ওঠে ক্ষণস্থায়ী সহানুভূতির রেখা। অব্যক্ত মানসিক কষ্টের ছোবলে দিশেহারা হয়ে পড়ে শিশুটির বাবা-মা, গভীর রাত সাক্ষী থাকে তাঁদের নীরব কান্নার। কোন্ পাপের শাস্তি বর্ষণ করছেন সৃষ্টিকর্তা, তাঁরা সেই প্রশ্নের মরিয়া উত্তর খুঁজতে থাকেন সর্বক্ষণ। আদরের শিশু সন্তানটি শিকার হয় অবজ্ঞা, অনাদর ও অবহেলার। সমাজে টিকে থাকার নির্মম বাস্তবতায় পরিবার শিশুটিকে নিক্ষেপ করে সামাজিক পরিমণ্ডলের বাইরে। জন্মদাত্রী চোখের জলে লুকিয়ে ফেলেন সন্তান হারানোর যন্ত্রণা, বুকে পাথর চাপিয়ে ভালো থাকার ভান করেন পিতা। সামাজিক লজ্জার হাত থেকে পরিত্রাণ পায় পরিবার। কিন্তু সমাজ কি পারে তাদের দায়িত্ব এড়াতে?

তৃতীয় লিঙ্গ সম্পর্কে নেতিবাচক এবং অমূলক মনগড়া ধারণাই সমাজে, রাষ্ট্রে, রাজনীতিতে, ধর্মীয় বিশ্বাসে ও ব্যক্তিমানসে কঠোরভাবে প্রোথিত, এটা আমাদের দুর্ভাগ্য। সামাজিক এবং পারিপার্শ্বিক চাপে একজন হিজড়া নিজেই নিজেকে অভিসম্পাত দিতে

বাধ্য হয় একসময়, বিশেষ করে, সে যদি হয় আর্থিকভাবে দুর্বল। তারা নিজের আপনজন ও সমাজ থেকে বিতাড়িত। তারা অপমানিত, বঞ্চিত, তারা নিরাশ্রয়। জীববিজ্ঞান নির্ধারিত সেক্স ক্রোমোজোমের যে ত্রুটির কারণে তারা জন্মগত যৌন প্রতিবন্ধী, যে ত্রুটিতে আসলেই তাদের নিজের নেই কোনও ভূমিকা, সেই ত্রুটি বা খামতির কারণেই তথাকথিত অজ্ঞ সমাজ ব্যবস্থার দ্বারা তাদের হতে হয় নির্দয়ভাবে উপেক্ষিত।

আমাদের মনে রাখা দরকার, মনুষ্যজাতি কেবলমাত্র স্ত্রী লিঙ্গ ও পুং লিঙ্গে বিভক্ত নয়, বরং লিঙ্গের বিভিন্নতাই সত্য। সংখ্যায় খুব কম হলেও অনেক পুং লিঙ্গের মানুষই নিজেকে নারী রূপে অনুভব করেন আবার একইভাবে ঠিক তার বিপরীত দিকটাও। পৃথিবীতে এমন মানুষও আছেন যারা একই সাথে নারী ও পুরুষের অনুভূতি নিয়ে জন্মান। আবার নারী বা পুরুষ ইত্যাদি লিঙ্গিয় পরিচয়ের ঊর্ধ্বে, এমন মানুষও বিরল নন তাঁরা মানব সত্তা হিসেবেই নিজেকে অনুভব করেন এবং তাদের আচরণও সেইরূপ। এই সমস্ত মানুষের যৌন পছন্দ এবং আচরণও সামাজিক ব্যাকরণের বিপরীত বা ভিন্ন গোত্রীয়। অর্থাৎ লিঙ্গিয় বৈচিত্র্যময়তার পাশাপাশি যৌনতার বৈচিত্র্যও সত্য, আমরা তা মানি বা নাই মানি এই ভিন্নতা, এই বৈচিত্র্য মনুষ্য বা অন্য কোনও প্রাণী দ্বারা আরোপিত নয়, এটা একেবারেই প্রাকৃতিক এবং অত্যন্ত স্বাভাবিক ঘটনা। কিন্তু সামাজিক ও প্রাতিষ্ঠানিক একমাত্রিক বিচারে আমাদের চিন্তাভাবনা সীমাবদ্ধ হয়ে পড়ে তাই প্রকৃতিদত্ত স্বাভাবিকতা স্বীকার করে নিতে সায় দেয় না আমাদের মন মানসিকতা। সমস্যা শুরু হয় এখানেই, আমাদের মনোভাব এবং আচরণে মানুষ হিসেবে ভিন্ন লিঙ্গের মানুষের মর্যাদা ক্ষুণ্ণ হয়।

মানব মর্যাদা সর্বদাই লিঙ্গের ঊর্ধ্বে। সুতরাং, দৈহিক লিঙ্গের অপূর্ণাঙ্গতা এবং প্রকারান্তর থাকলেও নিজেকে নারী বা পুরুষ বা উভয় বৈশিষ্ট্যের অথবা নারী-পুরুষের ঊর্ধ্বে এমন অনুভব করার অধিকার মানুষের রয়েছে, এবং সেটা প্রাকৃতিক। আমাদের বুঝতে হবে, তথাকথিত 'পুরুষালি' এবং 'মেয়েলি' স্বভাব ও আচরণ সমাজ নির্ধারিত ধারণামাত্র, এবং তার নেই কোনও প্রকৃতিগত মান্যতা। সুতরাং কোনও কৃত্রিম ভিত্তিহীন ধারণার বশবর্তী হয়ে একজন ব্যক্তিকে তার অভ্যন্তরীণ এবং প্রাকৃতিকভাবে প্রাপ্ত গভীর ও ব্যক্তিগত অনুভূতিকে লাঞ্ছিত করা যায় না। মানবাধিকারের রীতিনীতি অনুসারে এই প্রবণতা ঘৃণ্য এবং অসমর্থনীয়। প্রথাগত ভ্রান্ত বিশ্বাসের উপর নির্ভর করার অর্থ মানব জন্মের প্রাকৃতিক পদ্ধতিকে অবিশ্বাস করা। মানবজাতির সার্বিক কল্যাণ ও সাম্য প্রতিষ্ঠা সেদিনই সম্ভব যেদিন আমরা বিশ্বাস করতে শিখব যে নারী ও পুরুষের বাইরে প্রাকৃতিকভাবেই ভিন্ন লিঙ্গের জীবনধারা মনুষ্য প্রজাতির বৈচিত্র্যের-ই প্রকাশ। তাই, জন্ম থেকে আমৃত্যু স্বাভাবিক মর্যাদাপূর্ণ জীবনযাপন করার অধিকার রয়েছে হিজড়াসহ যে কোনও ভিন্ন লিঙ্গের অধিকারী মানব সন্তানের।

যদিও, হিজড়া সন্তানকে পরিবার হতে বিতাড়িত করার অপসংস্কৃতি বন্ধ করা অবশ্যই সহজ কাজ নয়, তবে অসম্ভবও নয়। আবার মধ্যপ্রাচ্যীয় 'হিজড়া' পরিচয়বাচক শব্দটিও যথেষ্ট অবমাননাকর। তাছাড়া উক্ত জনগোষ্ঠীকে 'তৃতীয় লিঙ্গ' বলাটাও লিঙ্গভেদ ভিত্তিক শ্রেণি বৈষম্যের জন্য দায়ী। এর থেকে 'ভিন্ন লিঙ্গ' ব্যবহার করা হয়তবা সমীচীন। তবে নাম যাই হোক, সংবিধান অনুযায়ী দেশের প্রত্যেক নাগরিকের সম অধিকার ও মানবিক মর্যাদা প্রতিষ্ঠা করতে হলে সব বর্ণের, সব লিঙ্গের মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং তার পাশাপাশি ধারাবাহিক সামাজিক শিক্ষা কার্যক্রম হতে পারে একমাত্র কার্যকরী বিকল্প সুপ্রিমকোর্ট সরকারকে তৃতীয় লিঙ্গভুক্তদের সরকারি চাকরিতে বিশেষ সুবিধা কিংবা ভোটার কার্ড, পাসপোর্ট ও অন্যান্য পরিচয়পত্র এবং বিভিন্ন নাগরিক সুযোগ সুবিধার ব্যবস্থা করার নির্দেশ জারি করেছে তার রায়ে। তৃতীয় লিঙ্গের মানুষেরা এই আদেশনামায় কৃতজ্ঞ ও আপ্লুত। বিশেষজ্ঞদের মতে এই রায়ের ফলে ভিন্ন লিঙ্গিয়দের প্রতি ভারতীয় জনমানসের দৃষ্টিভঙ্গি পাল্টানোর পথ প্রশস্ত হতে পারে। ভারতে এতদিন সরকারি চাকরি ও অন্যান্য সমস্ত আবেদনপত্র বা ফরমে আবেদনকারীর লিঙ্গ উল্লেখ করার স্থানে দুটি মাত্র চৌকো ঘর থাকত, পুরুষ বা মহিলা। শীর্ষ আদালতের রায় অনুযায়ী সে-স্থানে তৃতীয় লিঙ্গের

জন্য আরও একটি স্থান সংকুলান করতে হবে, যাতে বৃহন্নলা বা কিন্নররাও তাদের নিজস্ব লিঙ্গ পরিচয় বজায় রেখেই সুযোগ পান আবেদনের। এই রায়ের ফলে পুরুষ ও মহিলা'র পর এরা এখন চিহ্নিত হবেন তৃতীয় একটি লিঙ্গের মানুষ হিসেবে। রেলওয়ে স্টেশন ও বাসস্ট্যাণ্ড ও অন্যত্র ব্যবস্থা করতে হবে তাদের জন্য পৃথক শৌচাগারের।

আরও রোমাঞ্চকর সংবাদ হল, কয়েক বছর আগে অক্সফোর্ড ইংরাজি অভিধানে যোগ হয়েছে 'Ze' শব্দখানি। 'He' ও 'She' পুরুষ ও মহিলা অর্থে ব্যবহৃত হয়ে চলা সর্বনাম। তাহলে মহিলা ও পুরুষের বাইরে তৃতীয় বা উভলিঙ্গের যে মানুষেরা রয়েছেন তাদের বোঝাতে ব্যবহৃত হবে কোন্ সর্বনাম? 'Ze' এই প্রশ্নের সমাধান। 'Ze' মানে সে বা তিনি, হোক তিনি পুরুষ, মহিলা কিংবা কিন্নর। He বা She, His বা Her ইত্যাদি শব্দ লিঙ্গ বৈষম্য তৈরিতে প্রভাবক হিসেবে কাজ করে এবং He/She-র বাইরে যেসব মানুষ আছেন তাদের অবজ্ঞা করা হয়। কাজেই 'Ze', 'Zir' বা 'Hir' হবে এসব লিঙ্গবোধক শব্দের পরিপূরক যাতে কেউই ভিন্নতর পরিচয় পাবে না এবং তৃতীয় লিঙ্গের মানুষের অধিকারও হবে না ক্ষুণ্ণ বরং সম্ভব হবে লিঙ্গভেদ দূরীকরণ। অভিধানে 'Ze' শব্দের অন্তর্ভুক্তি এবং সর্বনাম হিসেবে শব্দটির প্রচলন সামান্য ঘটনা নয়। এর ফল সুদূরপ্রসারী। বিশ্বজুড়ে বৈষম্যহীন, সমানাধিকার এবং সকল লিঙ্গভুক্ত মানুষের মর্যাদা রক্ষা করার ক্ষেত্রে এই অন্তর্ভুক্তি অতীব গুরুত্বপূর্ণ এবং কার্যকরী পদক্ষেপ।



পরিবেশ বিদ্যা বিভাগের শিক্ষামূলক ভ্রমণ

# দর্শনের কিছু কথা


**ড. অতসী সরকার**

**(স্টেট এইডেড কলেজ টিচার—দর্শন বিভাগ)**


চিন্তা ও জ্ঞানের জগতে দর্শন কথাটি একটি বিশিষ্ট শব্দ। এই শব্দটি সুনির্দিষ্ট অর্থে ব্যবহৃত হয়। এবং চিন্তার সকল শাখাতেই এই শব্দটি একটি দৃষ্টিভঙ্গির দ্যোতক। যেমন সমাজতত্ত্ব, ইতিহাসতত্ত্ব, (Philosophy of History) পদার্থতত্ত্ব, (Physics) গণিততত্ত্ব, সাহিত্যতত্ত্ব, দেহতত্ত্ব, মনস্তত্ত্ব। এখানে তত্ত্ব কথাটি দর্শন কথারই সূচক অর্থাৎ তত্ত্বজ্ঞানই দর্শন।

''তত্ত্ব'' ইন্দ্রিয় প্রত্যক্ষযোগ্য কোনও বস্তু নয়। ''তত্ত্ব'' 'একটা কিছু' যা বুদ্ধিতে ও উপলব্ধিতে বোঝা যায় কিন্তু মানুষের ইন্দ্রিয়ের দ্বারা প্রত্যক্ষ করা যায় না। যেমন গণিত শাস্ত্রের সংখ্যাগুলিকে আমরা ব্যবহারিক জগতে একরকম বুঝি কিন্তু সংখ্যাগুলিকে টেবিল, চেয়ার প্রভৃতি বস্তুর মতো প্রত্যক্ষ করতে পারি না। যেমন একটা টেবিলকে দেখতে পাই : তার আকৃতি, গড়ন, ওজন কাঠিন্য প্রভৃতি গুণগুলিকে বুঝতে পারি। কিন্তু 'এক' সংখ্যাটি যাকে আমরা সর্বদাই ব্যবহার করি এবং প্রয়োগ করি সেটি কী রকম? বাংলাতে আমরা 'এক' সংখ্যাটি লিখি বা পড়ি তা তো 'এক'-এর বাংলা ছবি। ইংরেজিতে '1' বলতে যেটা পড়ি সেটাতো '1'-এর ইংরেজি ছবি এইরকম বিভিন্ন ভাষায় 'এক' এর ছবি পাওয়া যায়। কিন্তু আসল 'এক' টি কী রকম? উত্তর পাওয়া যাবে না। যে কোনও সংখ্যার ক্ষেত্রেই এই প্রশ্নটি উঠতে পারে।

যাকে আমরা 'এক' বলি সেটি আছে না নেই। নেই বলা যাবে না কারণ 'এক' প্রভৃতি গাণিতিক সংখ্যাগুলিকে স্বীকার না করলে প্রাত্যহিক এবং জাগতিক ব্যবহারগুলি অচল বা অসম্ভব হয়ে যাবে এবং ব্যবহারিক গণিত শাস্ত্রের জগতে একটি শূন্যতা দেখা দেবে। আবার 'এক'-এর অস্তিত্ব যদি স্বীকার করি তাহলে সেই 'এক' কোথায় অস্তিত্বশীল? সেটি কি টেবিল, চেয়ারের মতো কোনও দেশে বা কালে অবস্থান করছে অর্থাৎ এমনকি বলা যায় 'এক'-এর থাকার জন্য 'এক' ফুট জায়গা দরকার বা অমুক সময়ে এক অমুক জায়গায় আছে বা থাকবে তাহলেই প্রশ্ন জাগছে যে গাণিতিক সংখ্যাগুলি অন্যান্য পার্থিব বস্তুর মতো কি অস্তিত্বসম্পন্ন? এই প্রশ্নের উত্তর খুঁজতে গেলে চলে আসে দার্শনিকতা! 'এক' আছে আমরা স্বীকার করছি বলছি কিন্তু নির্দিষ্ট করতে পারি না। এই ধরনের বিষয়গুলিকে আমরা তত্ত্ব বলি। যেমন শঙ্করের ব্রহ্ম।

দার্শনিকদের মধ্যে কেউ কেউ অদ্বৈতবাদী যেমন শঙ্কর, কেউ কেউ দ্বৈতবাদী যেমন সাংখ্যের প্রকৃতি ও পুরুষ। আবার কেউ কেউ বহুত্ববাদী যেমন ন্যায় বৈশেষিক দর্শন ও পাশচাত্যে লাইবনিজ প্রমুখ। এই তত্ত্ব সংখ্যার বিভিন্নতা হেতু সৃষ্টি হয়েছে কতকগুলি বাদ- যেমন অদ্বৈতবাদ, দ্বৈতবাদ, বহুত্ববাদ প্রভৃতি। এবার এই তত্ত্বের কয়েকটি উদাহরণ দেওয়া যাক দেশ, কাল, কার্যকারণ, সম্বন্ধ, গতি প্রভৃতি প্রসঙ্গক্রমে কতগুলি তাত্ত্বিক বচনেরও উদাহরণ যেমন ব্রহ্মাণ্ডের শুরু বলে কিছু আছে কি না? শুরু কে নির্ধারণ করা যায় কি না? শেষ বলে কিছু আছে কিনা? শেষ কে জানা যায় কি না?

এই তত্ত্ব নির্ধারণে দার্শনিকরা ভিন্ন ভিন্ন মতের এবং তত্ত্বকে বিভিন্নভাবে অভিহিত করেছেন কারও মতে 'ব্রহ্ম' কারও মতে 'গতি' কারও মতে (Absolute) 'পরম' কেউ বলেন (Infinity) অসীম, কেউ বলেন সত্য ইত্যাদি এবং এই তত্ত্বকে জানা নিয়ে বিভিন্ন মতের সৃষ্টি হয়েছে। কেউ বলেন 'আমি তাকে জেনেছি' (Gnostic) কেউ বলেন সত্য বলে কিছু একটা আছে কিন্তু তাকে জানা যায় না (Agnostic) কেউ বলেন

সেই সত্য বা তত্ত্ব আছে কি নেই বলা যায় না (Skeptic)। এইভাবে তত্ত্বকে জানা নিয়ে ভিন্ন ভিন্ন মত থাকলেও সকলেই তত্ত্ব বলে কিছু একটা স্বীকার করতে বাধ্য হন।

আপাতভাবে পরিদৃশ্যমান বহু বস্তুর যে জগত সেই

জাগতিক বহুত্ব সম্পর্কে যদি প্রশ্ন করা যায় যে এই বহুত্ব কি সত্যি? অথবা এরা একই সত্তা থেকে উদ্ভূত যেমন একটি ক্লাসরুমে চেয়ার, টেবিল, বেঞ্চ, দরজা, জানালা, ফ্যান, সিমেন্ট, বালি প্রভৃতি বহু বস্তু থাকে। কিন্তু উৎস যদি খোঁজা যায় তাহলে দেখা যাবে দরজা, জানালা, চেয়ার, টেবিল এই বহু দ্রব্য উদ্ভূত একটি বস্তু 'কাঠ' থেকে আবার সিমেন্ট বালির উৎস 'মাটি'। আমরা 'কাঠ' পাই গাছ থেকে আর গাছের উৎস মাটি তাহলে পরিদৃশ্যমান বহুকে তাত্ত্বিকভাবে ঐক্যে নির্বাসিত করা হল। শ্রেণিকক্ষ ও কলেজের বিল্ডিং সবই আসে মাটি থেকে। ভারতীয় দর্শনে আমরা যাকে পঞ্চভূত ( ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম) বলি সেখান থেকেই বহুত্বের উদ্ভব। একইভাবে বলা যায় প্রতীয়মান বহুকে যদি তাদের উৎসের দিকে নিয়ে যাওয়া যায় তাহলে সেই বহু হারিয়ে যায় 'একে'— এই ধারণা পাশ্চাত্য দর্শনেও পাওয়া যায়। প্রাক সক্রেটিস যুগে (Thales) থ্যালেস (একত্ববাদী) জলকেই প্রাথমিক উপাদান বলেছেন আবার Heracletus গতিকে আদিম উপাদান বলেছেন একই ধারণা বিজ্ঞানের ক্ষেত্রেও। বিজ্ঞানেও আপাতভাবে প্রতীয়মান যে জড় তাকেও যখন আমরা হ্রাস করি (Reduce) তখন সেটি সূক্ষ্ম থেকে সূক্ষ্মতর হতে হতে পরমাণু, ইলেকট্রন, প্রোটন ও নিউট্রনের দিকে যাচ্ছে। তারও পরে গতিতে বিলীন হচ্ছে এবং সেখানে নাকি গতি বা শক্তি (Energy) এবং জড় (Matter) একই বস্তুর দুটি ভিন্ন অবস্থা অর্থাৎ Matter reduced to energy এবং Energy condensed to matter. 'জল জমে বরফ' অথবা 'বরফ গলে জল'। জল তার তরলতা বর্জন করে কঠিন হচ্ছে আর বরফ তার কাঠিন্য বর্জন করে তরল হচ্ছে। অতি আধুনিক বিজ্ঞান আরও বহুদূর এগিয়েছে। সেই আলোচনা করা আমার পক্ষে সম্ভব নয়। আমি শুধু এটুকুই ইঙ্গিত দিতে চাইছি যে প্রত্যক্ষীভূত জগৎ বিজ্ঞানের অনুসন্ধানে যেখানে রূপান্তরিত হয়েছে সেটি দার্শনিক উপলব্ধি থেকে ভিন্ন নয় অর্থাৎ বিজ্ঞান যেখানে ভাবছে দার্শনিক ভাবনাও সেখানে। কিন্তু এই বৈজ্ঞানিক ও দার্শনিক ভাবনার জগতে দার্শনিক ও বৈজ্ঞানিকরা এই নিয়েই মগ্ন আছেন! আমাদের প্রত্যক্ষ ও প্রয়োজনের জগতকে দর্শন ও বিজ্ঞানলব্ধ তথ্য ও সত্য বা তত্ত্বগুলিকে স্বীকার করে চলতে হবে। তাই আবারও প্রশ্ন তত্ত্ব কী? উত্তরে বলা যায় বেশী করে জানা এবং প্রাপ্ত উপাত্তগুলিকে ন্যূনতম সূত্রে পর্যবসিত করা অর্থাৎ বিষয়কে তত্ত্বায়িত (Categorize) করা। তত্ত্বায়ন করার অর্থ হল স্থূলবস্তুর সেই সূক্ষ্ম রূপ বা অবস্থান যাকে আর সূক্ষ্ম করা যায় না। অর্থাৎ সেটি মৌল (Ultimate) তাহলে Categories are irreducible এবং Philosophy is the knowledge of such categories. Bertrand Russellও অনুরূপ একটি কথা বলেছেন– "Science is to know as many as possible and to reduce them under minimum laws."

# Understanding Money Management

**Dr. Prabir Kumar Dutta**
Associate Professor of Commerce

Money plays a very important role in our life. As a unit of measurement, our wealth and liabilities are measured and expressed in terms of money. When the term money is used to denote currency, it is used as a medium of exchange and we use it to fulfil our needs and wants. As soon as money was introduced replacing the barter system, the volume and value of economic activities increased many folds. Money gives us purchasing power. Given the fact that money is essential for our living, it is equally important for all of us to know how to manage money and what role it plays in our life. The term money management is used here to denote personal money management and it refers to the process of balancing one's individual wealth and income with financial **needs, desires, and goals**[1]. It is, in other words, an effective allocation of one's income and wealth to achieve short-term as well as long-term financial goals in life. Understanding personal money management and building disciplined financial behaviour is required by all. It includes the skills of budgeting, savings, investments, the wise use of loans, insurance and financial planning for the future. The process of developing appropriate money management behaviour through proper financial education must start from a very early age, from our childhood days. This writing is intended particularly for young adults to boost their financial awareness so that they can adopt appropriate financial behaviour and take the appropriate financial decisions in their early life.

Understanding personal money management starts with identifying the difference between needs and wants. Needs are essential, such as food, clothing, shelter and medical care; while wants are non-essential, such as expensive mobiles, bikes, expensive clothing etc. When two pair of jeans is sufficient one may desire to have 10 pairs of jeans of different colour and brand only to show off others. Here two pairs of jeans are a need and 10 pairs of jeans are a want. But sometimes confusion arises in identifying an item to be classified as need or want. Because an item may be a part of the needs of one person but it may be a part of the wants of others. In that case, the best way of distinguishing between needs and wants is to keep the desire for an item unfulfilled for some time, the desire for needs would increase with time whereas, the desire for wants would weaken with time[2]. It is necessary to examine periodically all expenses and try to know which items were wants. One can increase his/her savings, by focusing only on needs and curtailing expenses incurred to fulfil wants. Budgeting for two or three consecutive periods can be helpful here to manage expenses in a better way. Budgeting is nothing but a comparative analysis of all incomes and expenses for a particular period, say for one week or one month, to control unnecessary expenses.

We all know that excess income over expense generates savings. Developing a

saving habit is also very essential and must be developed from a very early age. What amount a young person can save is not important. A student depending on pocket money or a young adult who has just started earning money may have very little amount left after all necessary expenses. But regular saving would help him or her to develop saving habits and a positive attitude toward savings. In this way, one can also fulfil his/her desire to achieve short-term as well as long-term goals. It also helps not to fall into a debt trap to fulfil any desire. In this connection, one should know that debt/loans are of two types. Loans to buy any assets which will appreciate in value in future, such as land and building, to finance profitable businesses, children's education loans etc. are good loans. Whereas, loans to buy any consumer goods or to meet daily expenses are bad loans. Borrowing money to buy any consumer product is not a prudent decision. Saving Rs.1,000 per month for 12 months to buy a smartphone of Rs.12,000 is a good decision than taking credit to buy a smartphone on EMI which also includes interest. It should be noted in this connection that no-cost EMI also includes the cost in disguise. It is always important to set short-, medium- and long-term goals which give the motivation to save[3]. Building an emergency fund to meet unexpected future happenings, buying a laptop etc. may be examples of short-term goals. Whereas building a fund for a partial down payment to buy a house in future, meeting children's education expenses in future, retirement plans etc. are examples of long-term goals. It is also argued that as our world is uncertain, savings does not always require a goal. "Saving is a hedge against life's inevitable ability to surprise the hell out of you at the worst possible moment".[4]

Another important area which needs attention from all is inflation. What money we have today in our hands will not remain the same after one year, thanks to high inflation in the economy. So, keeping all your money idle in a savings account is not a prudent decision. We have to find out ways to beat inflation at least partially if not fully. Various investment opportunities are available in the market which can be used to beat inflation. But three factors must be kept in mind before investing- risk, return and liquidity. Risk and return are positively correlated. In other words, one can increase his/her return provided that he/she will have to assume more risk. So, one should first evaluate his/her risk-taking capacity along with the liquidity of the investment before investing. It is always advisable to gain sufficient knowledge about specific investments and seek expert advice, if necessary, before taking any investment-related decision.

We all know that our future is uncertain. So, we have various insurance facilities to cope with unexpected happenings in future. Broadly, there are two main types of insurance- life insurance and general insurance. Life insurance guarantees that in case of death/disability of the policyholder, his/her dependent/nominee would get the Sum Assured amount from the insurance company. General insurance, on the other hand, includes health insurance and various other types of property insurance. In today's world, health insurance is very essential keeping in mind the high cost of medical care. In case of health-related emergency medical insurance/health insurance would help to pay off medical bills. Property insurance includes vehicle insurance, house insurance etc. and

is taken to protect against any accidental damage to the property. All these policies require a premium to be paid regularly which again depends on the risk factors involved. One should gain sufficient knowledge about the various types of insurance policies available in the market and their usage and should be kept in mind that insurance and investment are not the same things even though in the case of life insurance we get back the sum assured amount with a bonus after the maturity. It is also advisable to take expert advice before taking any insurance policy.

There is no doubt that personal money management is essential for all. One could live life without giving proper attention to money management, but could not guarantee that he/she would not face any financial hardship in life. Only proper money management strategies can help one to secure his/her financial future. Appropriate knowledge about spending, borrowings, savings, investment and insurance is essential for money management. One should periodically analyse his/her expenses and control unnecessary expenses and increase savings. These savings will save him/her in case of emergency. One famous saying is that "it's not how much money you make. It's how much money you keep". Continuous financial education is required for having financial intelligence. A combination of Appropriate financial knowledge and behaviour can only make one's future financially secure.

1. "Introduction: Personal Money Management." Everyday Finance: Economics, Personal Money Management.

and Entrepreneurship.. Retrieved November 15, 2022 from Encyclopedia.com: https://www.encyclopedia.com/finance/encyclopedias-almanacs-transcripts-and maps/introduction-personal-money-management

2. https://www.abileneteachersfcu.org/blog/needs-vs-wants-how-to-tell-the-difference/#:~:text=A%20need%20is%20something%20necessary,while%20wants%20include%20everything%20else.

3. RBI (2015). Financial Literacy for people newly inducted into the Financial System. P-3

4. H. Morgan (2020). The Psychology of Money: Timeless Lessons on Wealth, Greed and Happiness. Jaico Publishing House.

5. Kiyosaki R.T. (2017). Rich Dad, Poor Dad. Plata Publishing. P-77.

# এই নগরী যে কোন্ দেশ

তনুশ্রী ভট্টাচার্য্য
(স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা বিভাগ)

**এক পৃথিবীর ভুলচুক**

আমার সঙ্গে নির্জন এই মানুষটির সখ্যতা বহুদিনের। পাঠ্যবই-এর পাতায় আঙুল ছোঁয়াতেই তাঁকে প্রথম চিনতে শেখা। তারপর সেই পরিচয়ের পরিধি বাড়তে বাড়তে তিনি পৌঁছে গেছেন আমার একান্ত হৃদয়ে। সত্তার সঙ্গী এই মানুষটি আমাকে আড়াল করে, আনন্দ দেয়, ক্লান্ত করে, বিষাদ মুহূর্তে আরও বিষণ্ণ অথবা মুক্তির আনন্দ দেয়। 'পৃথিবীর ক্লান্ত অশান্ত কিনারা দেশে'[১], আমার জন্ম; সেই মানুষটিরও জন্ম। যেখানে আশ্চর্য সব মানুষের ভিড়। আশ্চর্য মানুষেরা যেন 'অদ্ভুত জীব'। শ্রেণি সংগ্রামে পরাজিত। সর্বহারার দল। যাদের কোনও সম্রাট নেই, সেনাপতি নেই, সভাপতিও নেই। অথবা সবকিছু থাকলেও তা প্রচ্ছন্ন; ধরা ও ছোঁয়া কোনওটাই যায় না। এমনই কোনও নৈরাজ্যে জন্ম আমার এবং আমার কবি জীবনানন্দের। 'এদের গভীর শান্তি হৃদয়ে'[২], অনুভব করেই পথহাঁটা আমাদের। তখন ছিল দেশভাগের মধ্য দিয়ে স্বাধীনতা, আর এখন স্বাধীন হয়েও অসহিষ্ণুতা। তখন দাঙ্গায় মানুষ মরত, এখনও মরে। মৃত্যুটা একই রয়ে গেছে। প্রেক্ষাপট ভিন্ন শুধু। মানুষ শুধু অভিজ্ঞতা সঞ্চয় করে। সঞ্চয় করতে করতে সে হেঁটে যায়। মহানগর তাকে ডাকে। শহর কলকাতা! তার পায়ের শব্দের আড়ালে ঘুমিয়ে থাকে ট্রাম-বাস-দোকানপাট-বাড়িঘরের প্রকট স্বাক্ষর। কথায় আছে; ইহা সুরত হ্যায় আদম নেহি হ্যায়। আদপেও তাই। যাকে সুন্দর মনে হয়, তা সুন্দর নাও হতে পারে। 'Calcutta, with all its blemishes and bad names, is, after all, even in its odd architectural medley not so graceless as many strangers and Indians are disposable to think that it is... In the face of this tragedy, too, it is people blindly repose their trust in the heading power of Calcutta and pathetically cling to it.'[৩]দৃশ্যত এই ছবির মধ্যে কোনও ভুলচুক নেই। ভুলচুক ছিল আমার এই সাধের পৃথিবীতে। আমরা এই ছবিটিকে বরং একটু একটু জীবন্ত করে তুলি। জীবনানন্দের একটি কবিতা তুলে দিই–

''একটি পয়সা আমি পেয়ে গেছি আহিরীটোলায়,
একটি পয়সা আমি পেয়ে গেছি বাদুড়বাগানে,
একটি পয়সা যদি পাওয়া যায় আরও –
ব'লে সে বাড়ায়ে দিলো অন্ধকারের হাত।
আগাগোড়া শরীরটা এক কানা যেন বুনে যেতে চেয়েছিল তাঁত;
তবুও তা নুলো শাঁখারির হাতে হয়েছে করাত।
একটি পয়সা আমি পেয়ে গেছি মাঠকোটা ঘুরে,
একটি পয়সা আমি পেয়ে গেছি পাথুরিয়াঘাটা,
তবে আমি হেঁটে যাবো মানে মানে।
একটি পয়সা যদি পাওয়া যায় আরো –
তা হলে ঢেঁকির চাল হবে কলে ছাঁটা।
–ব'লে সে বাড়ায়ে দিল গ্যাসলাইটে মুখ।
ভিড়ের ভিতরে তবু–হ্যারিসন রোড, আরো গভীর অসুখ
এক পৃথিবীর ভুল; পৃথিবীর ভুলে: এক পৃথিবীর ভুলচুক।''

কবিতাটি ডিসেম্বর, ১৯৪২ সালে প্রকাশিত 'বনলতা সেন' কাব্যগ্রন্থে যখন প্রকাশিত হল, তখন দেশ উত্তাল। গান্ধি তাঁর 'ইজম' ছেড়ে বলেছেন; 'করেঙ্গে ইয়া মরেঙ্গে'। কিন্তু অচলায়তন যায়নি। আলোর পিছনে যেমন লুকিয়ে থাকে কান্নার কথা, অট্টালিকার আড়ালে যেমন থাকে নির্বাসিতের ইতিহাস, তেমনই আন্দোলনের পিছনে দেশের মানুষ। যাঁরা মরে যান, তাঁরা কি সকলেই বিপ্লবী? এত অচলায়তন হলে, বিশ্বযুদ্ধ চললে, উপনিবেশ থাকলে, ভারত প্রত্যক্ষভাবে যুদ্ধে অংশগ্রহণ না করলেও যে পরিস্থিতি অনুকূল হয় না। এ শহর কলকাতাও তার ব্যতিক্রম নয়। ওই যে 'একটি পয়সার কথা বলা হয়েছে, তা আসলে হীনতার

প্রতীক। যে সমস্যা কেবল উত্তর কলকাতার আহিরীটোলা, পাথুরিয়াঘাটা, হ্যারিসন রোডের আনাচে-কানাচে নয়, যা দেশজুড়ে। রোজগার নেই, শান্তি নেই, প্রেম নেই, স্বাধীনতা নেই– হাজার 'নেই'-এর মধ্যে যেন কবির আবর্ত। কলকাতার সিটি কলেজের শিক্ষকতার চাকরি হারিয়ে কবি তখন নিঃস্ব। বিবাহও সফল নয়। স্ত্রীর সঙ্গে বনিবনা হয় না। কিন্তু তা বলে তাঁর উচ্চারণ কিন্তু 'ব্যক্তিগত আমি'তে সীমাবদ্ধ থাকেনি কেবল। তাই এই গভীর অসুখ কেবল কবির নয়, এ গভীর অসুখ দেশবাসীর, বড়ো বিচিত্র এ দেশের দেশবাসীর! সুতরাং 'আরও-একটু'র খোঁজে এগিয়ে না যাওয়া ছাড়া কোনও উপায় নেই। একদিন যারা পৃথিবীতে নক্ষত্রের আলো জ্বালাতে চেয়েছিল, সে আজ অন্ধ; 'কানা'। ''এক কানা যেন বুনে যেতে চেয়েছিল তাঁত'... যার দৃষ্টি নেই তার পক্ষে সম্ভব কিভাবে এই কাজ? আসলে এই কর্মটি এখানে সুন্দর স্বপ্নের মতো। যা তখন থমকে গেছে। তবু এই কলকাতা কল্লোলিনী তিলোত্তমার মতো নিখুঁত হয়ে উঠবে। বিশ্বাস ''এই পথে আলো জ্বেলে–এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে।''[৫]

সময়টা ১৯৪৮। স্বাধীন দেশের জন্মের পর পেরিয়েছে কিছু সময়। সে বছরই প্রকাশিত হল কবির পঞ্চম কাব্যগ্রন্থ 'সাতটি তারার তিমির।' কাব্যটি ইতিহাস-ভূগোলের গণ্ডি থেকে টেনে বের করে আমাদের দাঁড় করায় নাগরিক চৌকাঠের সামনে। যা কেবল উজ্জয়িনী বা এথেন্সের নয়; ট্রাম লাইন পেরিয়ে পৌঁছে যাওয়া কলকাতার। '৪৮-এ এই কলকাতাতে প্রকাশিত হয় 'সাতটি তারার তিমির'। গুপ্ত রহমান অ্যান্ড গুপ্ত প্রকাশনী থেকে প্রকাশক আতাউর রহমান এটি প্রকাশ করেন। কিন্তু দুর্ভাগ্য হল, বইটি প্রকাশের পর থেকেই দুর্বোধ্যতার অভিযোগ ওঠে। যুগের জিনিস যুগের মানুষই বুঝতে পারে না কখনও কখনও। এমন নিদর্শন বা দৃষ্টান্ত বহু রয়েছে। তাই দায় কবির নয়, আমাদের , দায় আমাদেরই গ্রহণযোগ্যতার। মনে হয়, কবি– নিজেকে যুগের সঙ্গে সম্পৃক্ত করতে গিয়েই বিপত্তি বাঁধিয়েছেন।

'নিজেকে মেলাতে গিয়ে বেবিলন লণ্ডন

দিল্লি কলকাতার নক্টার্নে অভিভূত হ'য়ে গেলে মানুষের উত্তরণ

মাঝপথে থেমে

মহান তৃতীয় অঙ্কে: গর্ভাঙ্কে তবুও লুপ্ত হয়ে যাবে না কি!''[৬]

সত্যি তো! ভাবি, এ কথা কি সত্য নয়? তখন মেট্রোপলিটনের কনসেপ্ট ছিল না। কিন্তু তখনও কলকাতা ছিল। দিল্লি ছিল। লণ্ডনের মতো ''প্রথম বিশ্বের দেশ ছিল। ব্যাবিলনের মতো প্রাচীন সভ্যতাও ছিল। কিন্তু মানুষ এসবে মজে গেলে তার উত্তরণ থেমে যাবে! কী বলতে চাইলেন কবি? আসলে এ মজে যাওয়া হল মোহের বাঁধনে আটকে পড়া। এ পাখি সূর্যের থেকে সূর্যের ভিতরে আজকের পৃথিবীর আলোড়ন হৃদয়ে জাগিয়ে আরও বড় হয়। এই পাখি হল রূপকথার ফিনিক্স। যে সূর্যের দিকে উড়ে যায় ভস্ম হবে বলেই। তার ছাই মাটিতে পড়ে। আবার সে পাখি জাগে। আবার সেই সূর্যের দিকে ওড়ে... মানুষও তেমন। সে পরাজিত হয়। পরাজিত হতে হতেই সে জাগে। লড়ে। অস্তিত্ববাদের (existentialism) গোলোকে একে একরকমভাবে ব্যাখ্যা করা যেতে পারে। এসবই সভ্যতার যেন চিরায়ত চাহিদা। পঙক্তির সাহায্যে বলা যায়, 'সূর্য আরও নব সূর্যে দীপ্ত হয়ে প্রাণ দাও; প্রাণ দাও পাখি।''[৭]

**আদিম সর্পিণী সহোদরার মতো ট্রাম লাইন**

''শব থেকে উৎসারিত স্বর্ণের বিস্ময় আমাদের সভ্যতাকে যে সমস্ত মেধাবী যন্ত্রণা উপহার দিয়েছে তা কখনও উত্তর কলকাতার মেসবাড়ি, কখনও রাসবিহারী অ্যাভিনিউর ফুটপাথ থেকে কুড়িয়ে পেয়েছে সৌন্দর্যের সারাৎসার: নশ্বরতা থেকে অমরতা। বরিশাল থেকে কলকাতা– 'সাতটি তারার তিমির' শুধু ভৌগোলিক স্থানান্তর নয়; এই স্থানান্তরণ ইতিহাসের একধরনের রূপান্তরণ। নাগরিকতার এ ধরনের অভিব্যক্তি কখনই উজ্জয়িনী বা এথেন্সে ছিল না। পাপের ফুল্লকুসুমিত প্যারিস অথবা ট্রামলাইন মথিত কলকাতা এমন এক ইতিহাস চেতনার পরিসর...''[৮]

এই আমাদের শতচ্ছিদ্র কলকাতা কতই না রূপ তার নিজদেহে ধারণ করে আছে। কখনও ঝকঝকে আলোকনগরী, আবার কখনও আঘাত সয়ে সয়ে স্থবির বিষাদপ্রতিমা। এ শুধু কলকাতা নয়, পৃথিবীর যে-কোনও মহানগরীর সত্যতা। চোখের সামনে যে ফুটপাথ ভেসে ওঠে, তা যেন ক্রমাগত শাসন করে আমাদের। আর

পায়ের তলায় লিকলিকে ট্রামের লাইন। মাথার উপর অসংখ্য জটিল তার। কিন্তু এসব থেকে উত্তরণও যে চাই। এমন উত্তরণ যেখানে বাংলার নদী, মাঠ, ভাটফুলের মধ্যে কোনও সীমারেখা বিভাজন তৈরি করেনি, যেখানে গঙ্গা-পদ্মার চড়ে মৃত জ্যোৎস্না দেখার জন্য প্রয়োজন হত না কোনও সরকারি অনুমতিপত্রের। কিন্তু কল্পনা ও বাস্তবের মধ্যে বিস্তর ব্যবধান। তাই কবিকে ফিরে আসতেই হল! একুশ শতক তাঁকে ডাকে। যেখানে বিস্বাদ অনুভব করে হাঁটতে হাঁটতে আবারও প্রশ্নের মুখে দাঁড় করান নিজেকে; আমরাও থমকে যাই; 'গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পড়ছে—কেমন যেন ঠান্ডা বাতাস; / কোন দূর সবুজ ঘাসের দেশ নদী জোনাকির কথা মনে পড়ে আমার , / তারা কোথায়?/ তারা কি হারিয়ে গেছে?'[৯] 'Animals, whom we have made our slaves, we do not like to consider our equal',[১০] ব্যাখ্যা নিষ্প্রয়োজন। মানুষের ক্রমবর্ধমান চাহিদা তাকে আরও বিষাদের দিকে নিয়ে যায়। আসলে মানুষ যে প্রকৃতির চাকর, সে কথাই তার মনে নেই। সে প্রকৃতিকে বশ মানাতে চাইলে প্রকৃতি একদিন তার প্রতিশোধ নেবেই। 'পেঁচা তার ধূসর পাখা আমলকীর ডালে ঘষবে না এখানে,/আমলকীর শাখা থেকে নীল শিশির ঝরে পড়বে না,/তার সুর নক্ষত্রকে লঘু জোনাকির মতো খসিয়ে আনবে না এখানে, রাত্রিকে নীলাভতম করে তুলবে না! সবুজ ঘাসের ভিতর অসংখ্য দেয়ালি পোকা মরে রয়েছে/দেখতে পাবে না তুমি এখানে,/পৃথিবীকে মৃত সবুজ সুন্দর কোমল একটি দেয়ালি পোকার মতো মনে হবে না তোমার,/জীবনকে মৃত সবুজ সুন্দর কোমল একটি দেয়ালি পোকার মতো মনে হবে না তোমার..'[১১] এরপর কথা ফুরিয়ে যায়! 'The man who is unable to people his solitude is equally unable to be alone in a bustling crowd...'[১২] ভিড়ের ভিতরেও তাই তিনি একলা থাকতে পারেন, ''আমরা জেগেছি;তবু জাগাতে পারিনি;/আলো ছিল; প্রদীপের বেষ্টনী নেই; কাজ ছিল;শুরু হল না তো...',[১৩]

বিষাদ নিয়ে বেশি ভাবনার কিছু নেই। বিস্বাদ নিয়েও নয়। কারণ, এসব 'জীবনানন্দীয়।' কারণ, 'আকাশের থেকে আলো নিভে যায় ব'লে মনে হয় ।আবার একটি দিন আমাদের মৃগতৃষ্ণার মতো পৃথিবীতে / শেষ হয়ে গেল তবে শহরের ট্রাম / উত্তেজিত হয়ে উঠে সহজেই ভবিতব্যতার যাত্রীদের - বুকে নিয়ে কোন্-এক নিরুদ্দেশ কুড়োতে চলেছে।'[১৪] কারণ, 'কলকাতা ময়দানে/ বৈশাখের রাতে; বিশাল নক্ষত্রের রাতে বিস্তৃত বাতাসে/ দু'জন লোক চার হাজার ছাপান্ন টাকার কথা বলছিল/ পরের দল সাড়ে ছ' হাজার সাড়ে ছ' হাজার করছিল'।[১৫] কারণ, শীতল মুচিরা 'কলকাতার মাঠে-ঘাটে এরা অগণন /এই সাইলেনাসের দল/(যদিও জীবনে এরা এক ফোঁটা মদ পায় নি / না পেয়েছে মেয়েমানুষ)"।[১৬] কারণ, ''প্রেসিডেন্সি কলেজ আমাকে ডাকল/সন্ধ্যার অন্ধকারে/ তার উঁচু উঁচু গাছের ইসারা নিয়ে/কয়েকটা চির চাকির মতো গাছগুলোর মাথায় ঘুরছে/ নেমে পড়ছে তারা/ অনেক পাখি ডালপালার ভিজে নরম হৃদয়ে স্থান পেল/ কলেজ আমাকে তেন্নি ক'রে বুকে নিতে চায় যেন/ তার শরীরের ঘ্রাণ অন্ধকারকে ভরে রেখেছে"...[১৭] সাদা আলোর মতো সহজ এই সব চিত্র। অথচ সহজ চিত্রগুলি সরল নয়। এই সব 'ইতিহাসধারা' ঢের আগে শুরু হয়েছিল। সমাপ্তি নেই। হে আমার কলকাতা— আমার নগর, সে তো আমারই দেশ--তাই এই সব 'ইতিহাসধারা' আড়াল করেই বাঁচতে ইচ্ছে করে, বড়ো বাঁচতে ইচ্ছে করে।

নির্দেশিকা :

১. এই সব দিনরাত্রি, সাতটি তারার তিমির; জীবনানন্দ দাশ।
২. পথহাঁটা, বনলতা সেন; তদেব।
৩. দ্য সিটি; জীবনানন্দ দাশ ।
৪. ভিখিরি, বনলতা সেন; তদেব।
৫. সুচেতনা, তদেব; তদেব।
৬. মকর সংক্রান্তির রাতে, তদেব; তদেব।
৭. তদেব।
৮. হ্যারিসন রোডে আরও গভীর অসুখ; সঞ্জয় মুখোপাধ্যায়। http- //www.parabaas.com
৯. ফুটপাথে, মহাপৃথিবী; জীবনানন্দ দাশ।
১০. চালর্স ডারউইন।
১১. ফুটপাথে, তদেব; তদেব।
১২. Crowds, Charles Baudelaire
১৩. মৃত্যু স্বপ্ন সংকল্প, বেলা অবেলা কালবেলা; জীবনানন্দ দাশ ।
১৪. উত্তরসামরিকী, তদেব; তদেব।
১৫. ১১তম কবিতা, ছায়া আবছায়া; জীবনানন্দ দাশ।
১৬. ১৫তম কবিতা, তদেব; তদেব।
১৭. ১৬তম কবিতা, তদেব; তদেব।

# চোখ ডুবে গেছে ঝলসানি আলোয়...

**দিলীপ কুমার মণ্ডল**
**গ্রন্থাগারিক, এস. আর. এফ কলেজ**

হাই! হেই! হ্যালো! জি.এম, জি.এন, এল.ও.এল এই রকমই আরও অনেক সংক্ষিপ্ত বা অতি সংক্ষিপ্ত শব্দ, অক্ষর বা শব্দগুচ্ছ এত দ্রুততার সাথে, এত মানুষের সঙ্গে এই ছোট্ট সব অস্পর্শী জানলা দিয়ে আদান প্রদান! আজ থেকে পঁচিশ-ত্রিশ বছর আগেও কেউ যদি বলত বা ভাবত তা হলে গ্যালিলিও বা ব্রুণো-র মতো অবস্থা না হলেও সন্ধ্যাবেলায় চা-এর আড্ডায় নিঃসন্দেহে সে হাস্যকর একটা আলোচ্য বিষয় বিবেচিত হত। ইনকুইজিশন কোর্ট হয়তো হত না, তার অঙ্গচ্ছেদ বা চামড়াও তুলে নেওয়া হত না। আরে বাবা! এত সব কেন হবে? সে তো আর কারও বা কোনও ধর্মের ধর্মীয় ভাবাবেগে আঘাত করেনি! তবে?

বিদ্যাসাগর মহাশয় বা রামমোহন রায় কিংবা আশুতোষ মুখোপাধ্যায়ের মতো যশস্বীদের সঙ্গে শারীরিক সাক্ষাৎ হয়নি। তাঁদের আগের ও পরের অনেককেই দেখিনি। অথচ কোনও সময় পেলে যখন তাঁদের সম্পর্কে কখনও ভাবি তখন মনে হয় সত্যিকারের বাঙালিয়ানা বা বাঙালি সংস্কৃতির ধারক তাঁরাই। বাহক হবার যোগ্যতার পরীক্ষা আমরা দিতে গেলে অনেকেই ঘুষের দায়ে কালাপানি পার হবে। অথচ আধুনিক কিছু মানুষ, এই যেমন সত্যজিৎ রায়, সলিল চট্টোপাধ্যায়, সৌমিত্র চট্টোপাধ্যায়, জ্যোতি বসু কিংবা আরও কয়েকজন— এঁদের সম্পর্কেও মনের ভেতর যেন একটা বড়ো মাপের শ্রদ্ধা রয়েছে। কিন্তু প্রসঙ্গ হল হাতে কেন গুনবো? ছড়াছড়ি কেন থাকবে না? বাংলা কি এক চোখে নুন আর অন্যচোখে ঝাল নিয়ে সন্তানকে পালন করে? আসলে সমস্যা অন্য জায়গায়। রাজনীতি-অর্থনীতি-ধর্মনীতির বাইরেও মানসিকনীতি বা মানসিকতা একটি জটিল অধ্যায় যা নিয়ে ভাববার অবকাশ রয়েছে।

কিছু খণ্ডচিত্র সমাজমনে বিদ্যমান এবং জ্বলন্তভাবে চলিষ্ণু। এই যেমন তাদের মনে হয়েছে এটা মন-মানসিক বা স্বাস্থ্যের পক্ষে ভালো। আবার আমার মতে আমি যা বলেছি তা ঠিক। শুরুটা কেবলই শুরু হল। অর্থাৎ শুরুর শুরু। তবে এটা বলব না যে, আমার ভয় নেই; বা আমি প্রচণ্ড স্পষ্টবাদী। আরে! ভয় আছে বলেই তো আমরা স্টেটমেন্টটা মনে মনে যাচাই করে নিই। কিংবা বলার সময় কিছুটা ধীরে বলি। আবার স্পষ্টবাদী বা সত্যবাদীও নই। বলতে বলতে তাহলে ফ্লাশব্যাকে কেন যাব? তবে এটা সত্য যে, আমি প্রশংসা বা নিন্দা যায়ই করি না কেন, ভাষা আমার কাছে বড়ো ম্যাটার করে। এমন নয় যে প্রশংসার ভাষা উন্নত আর নিন্দার ভাষা কানে বাঁধে। আসলে নিন্দাটা বা সমালোচনা 'উন্নত' ভাষাতেও বিবৃত করা সম্ভব। পরোপকারে বাঁশ উপহার রইল।

টিভির পর্দায় ব্রেকিং নিউজ-এর তোলপাড়। ঘটনা বিবৃত হয় নাকি খবর তৈরি হয়। ধ্যুস্, চুলোয় যাক এসব নিয়ে কেনই বা মাথা ঘামাব? যা বলছে মেনে নাও আর যেগুলি দেখাচ্ছে উপভোগ কর। ল্যাঠা চুকে গেল। আচ্ছা! সেই ভাওয়াইয়া, ভাটিয়ালী, গম্ভীরা, কুশান, আলকাপ, ঝুমুর, ছৌ, কবিগান এখনও কি হয়? 'প্রোপাগন্ডা থ্রু মিডিয়া' বা 'প্রোপাগন্ডা ইন মিডিয়া' এগুলিতেও তো হত! দূর ছাই। হাতে মোবাইল তো রয়েইছে। কত ফাংশান! ঘড়ি, টর্চ, পোষ্টকার্ড, রেডিও —আরও কত কি তো একাই পুষিয়ে দিয়েছে। অল-ইন-ওয়ান। আরও নিখুঁত চায়? চুলোয় যাক নাটক। রি-টেকেবল সিনেমা জিন্দাবাদ। সুবাস বা ঘ্রাণ নয়, সৌন্দর্য চায়। কৃত্রিম গোলাপের মণ্ডপেই শাদি সম্পন্ন। ডি.জে-র ধমকে গীত-ঢোলক নির্বিকার। প্রথম বৃষ্টির মাটির সুগন্ধ এখন হোয়াটসআপে এবং ইউটিউব ও ফেসবুকের শর্টরিলেই পাওয়া যায়। ক্রিয়েট ইওর ওন। ধুতি-লুঙ্গি- পাঞ্জাবীর প্রপৌত্ররা আজ পিছন-ফাটা ও হাঁটু কাটা জিন্স ও শর্ট হিসাবেই জন্ম নেয়। শুভ জন্মদিন!

এদেরও নাতি-নাতনী হবে। কেউ বলবে না— 'এ্যই রাজা তোর কাপড় কোথায়?'

বলিউডের তিন দিগ্বিজয়ী গুঠখা খেয়ে পাড়ার গলিতে পিক্ ফেলে গেল। জাফরান-এর সুবাসে পাড়া মো-মো করছে। বোধ হয় কয়েকদিন বিরিয়ানিতে আর জাফরান লাগবে না। হাঁটুর ব্যথা আর ময়লা পোষাক আরও কত কিছু! দাদা গো! মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে। কাকে দেখব?

বিলের পাড়ের বালিতে মুতে ছিল সে। পেচ্ছাব তো বালির বুকে লুকিয়ে পড়েছে। খুঁজে না পাওয়ায় ভাবতে হল — বিলের জল হয়ে বয়ে গেছে। আঃ পরম তৃপ্তি। পুকুর পাড়ের গাছগুলির সবুজ ডগাগুলি মাথা তুলে বলছে এখান থেকে আর কেউ ঝাপ মারে না। শুনছি জমিতে ভার্চুয়াল ক্ষেতি হবে। এক ডুবে কতদূর যাবি? চোখ লাল হয়ে যেত জলে। আজ চোখ ডুবে গেছে ঝলসানি আলোয় ফোলা পাতার গভীরে।

কী লাগছে মাইরি! আরে নাহ্, মুখে অনেক কিছু মেখেছে। এই জন্যই এক নেহি, হার এক লেড়কি কো দেখা তো অ্যায়সা লাগা কি...। চলো একসাথে মুখ ধুই। পরিবেশ দূষণের দায়ভার একা তোমাকে বহন করতে হবে।

বাবার দেওয়া প্রথম পিঠে ঝোলানো ব্যাগ, প্রথম ফুলপ্যান্ট না কি 'আতাগাছে তোতা পাখি' বা সেই রাগী স্যারের বেতের ডগা— এর মধ্যে কোনটি যে সোর্স অফ এডুকেশান— আজও বুঝতে পারিনি। আসলে বুঝে ওঠা হয়নি। আর জনজোয়ার তখন মইয়ের ধাপিতে ঝুলছে। উপরের দিকে কে যেন বলে উঠল — সোনা চায় না। অবিলম্বে চাঁদে যাবার রাস্তার সংস্কার করতে হবে, নইলে মঙ্গল ছাড়তে হবে। সবাই হাত ছেড়ে দাও। ঠোকো তালি!

'পলিটিশিয়ান গট ট্যালেন্ট' ভার্সিটির ডিম্যান্ড অনেক। এখান থেকে বেরোনো দেশজ পিতারা আসমানের দিকে চাইলেই সোনার বিস্কুট গরীবের হাঁড়িতে সেদ্ধ হতে শুরু হয়। আঃ কি টেস্ট! এই ফাঁকেই কানাঘুষো পরামর্শে পরবর্তী প্রোগ্রাম লেট হয় সমুদ্রতলের একশো-আট তলায়, কোনও অগণিত স্টার হোটেলে। শেষ হয় সর্বদলীয় স্বাক্ষর। ঠান্ডা যুদ্ধের মন্থনে অমৃতের পেয়ালায় চিয়ার্স। উল্লাস্। সাপের সপ্তশিরে হাত রেখে প্রতিজ্ঞা — বন্ধু আমরা জনজোয়ারে এসে হাত উঁচিয়ে, মৃদু কণ্ঠে, মাইকের কর্কশ ধ্বনিতে এটা বলব — 'বিনা ভোটে নাহি দেব সূচাগ্র বেদনা।'

তনিমা ব্যানার্জী আর খাইরুল মূর্মুর সন্তান যোশেফ সিং এর নতুন ধর্ম 'সিপ' (SIP)। ঘোর কলি রে বাবা! ও বলে কিয়ামতের নমুনা! সে বলে যিসাস ক্রাইস্ট ডায়েড ফর ইউর সিন। সোস্যাল মিডিয়া আজ গুগল্ ম্যাপেও অস্তিত্বহীন।

দিন আজ খুব ম্লান। রাত্রিকে আর খুঁজে পাওয়া যাচ্ছে না। সেই কবে থেকে কোথায় যে গেছে - না পাওয়া যায় তাকে, না দিনের আরাম নেওয়া হয়ে ওঠে। চোখের মণিগুলি যেন আগ্নেয়গিরি থেকে সদ্য ধুয়ে আনা হয়েছে। চাঁদের তেজে সমুদ্রের ছটফটানি বেড়ে গেছে। পরম তৃপ্তি!

'আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে।' সেই চিরপ্রতিজ্ঞ মাতৃক্রোড় দীর্ঘশ্বাস ফেলে। হয়তো বা মলিন খুঁটের দু-ফোঁটা জল বাষ্প হয়ে গেছে। এখনও বৃদ্ধাশ্রমের সব ঘর পূরণ হয়। নতুন বিল্ডিং-এর কাজ 'আনডার কনস্ট্রাকশান!'

অনেক কিছুই এখনও অসমাপ্ত। সব হয়ে ওঠেনি। কিছু শুরু হয়েছে। কিছু মাঝপথে আছে। কিছু অনেকটায় এগিয়ে গেছে। হয়ে উঠবে।

# বিশ্বায়ন ও জাতি পরিচিতি

**বিশ্বজিৎ মণ্ডল**
**সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ**

বর্তমান সময়ে সাধারণ মানুষ থেকে শুরু করে শিক্ষাবিদ, রাজনীতিবিদ ও অর্থনীতিবিদ প্রত্যেকের কাছেই বিশ্বায়ন একটি বহুল প্রচলিত শব্দ। এটি একটি বহুল প্রচলিত ও বিতর্কিত ধারণা। এর সংজ্ঞা, এর বৈশিষ্ট্য, এর উৎপত্তির সময়কাল, তার ইতিবাচক প্রভাব ও নেতিবাচক প্রভাব সবকিছু নিয়েই পণ্ডিতদের মধ্যে ভীষণ মতভেদ ও বিতর্ক বিদ্যমান। দ্বিতীয় বিশ্বযুদ্ধের অনতি পর থেকেই এই ধারণাটি প্রচারের আলোকে এলেও, অ্যাকাডেমিক স্তরে তার প্রভাব শুরু হয় ১৯৮০-র দশকে এবং সোভিয়েত ইউনিয়নের পতনের পর তা তীব্র গতি পায়। যদিও বিশ্বায়নের যাত্রাকাল নিয়ে পণ্ডিতদের মধ্যে মতভেদ আছে। একদল পণ্ডিত মনে করেন যে বিশ্বায়ন নতুন কোনও ধারণা নয় তা বহুকাল ধরে চলে আসা একটি প্রক্রিয়া, আধুনিক সময়ে অত্যাধুনিক প্রযুক্তি ও যোগাযোগ ব্যবস্থার অভূতপূর্ব উন্নতির ফলে তার তীব্রতা বেড়েছে মাত্র। অন্যদল মনে করেন যে বিশ্বায়ন হল বিংশ শতকে উৎপন্ন হওয়া একটি নতুন ধারণা। এই ধারণা নতুন না পুরাতন সে বিতর্ক পাশে সরিয়ে রেখে সংক্ষেপে বিশ্বায়ন নামক বিষয়টি কী তা বোঝার চেষ্টা করব। নব্য কেইনশিয়ান (New Keynesian) মতবাদে বিশ্বাসী কলোম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং ভূতপূর্ব বিশ্ব ব্যাঙ্কের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও মুখ্য অর্থনীতিবিদ জোসেফ স্টিগলিট্স-এর মতে, বিশ্বায়ন হল বিশ্বের বিভিন্ন দেশ ও জনগণের মধ্যে এক নিবিড় সংযোগসাধনের প্রক্রিয়া। বিশ্বায়নের অন্যতম তাত্ত্বিক রোল্যান্ড রবার্টসনের মতে, বিশ্বায়ন হল এক নয়া বিশ্বব্যবস্থা সম্প্রসারণের ধারণার সাথে সম্পর্কিত বিষয়। এককথায় বলতে গেলে, বিশ্বায়ন হল বিশ্বব্যবস্থা সম্প্রসারণের এমন এক প্রক্রিয়া যার দ্বারা রাষ্ট্র সংক্রান্ত সমস্ত সংকীর্ণ ধারণার অবসান ঘটে এবং অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে বিশ্বব্যাপী অবাধ আদান-প্রদানের পথ সুগম হয়। পুঁজির অবাধ চলাচল, মুক্ত বাজার অর্থনীতি, উদারীকরণ এবং বেসরকারিকরণ প্রভৃতি বিষয় বিশ্বায়নের সাথে ঘনিষ্ঠভাবে জড়িত।

অন্যদিকে, জাতীয়তাবাদ একটি রাজনৈতিক মতাদর্শ হিসাবে, একদিকে, এটি একটি ঐক্যবদ্ধকারী এবং মুক্তিকারী শক্তি; অন্যদিকে আবার, এটি একটি স্ব-প্রকাশিত জাতিকে প্রাক্তন ইউনিয়ন থেকে নিজেদের স্বতন্ত্র জাতিসত্তা দাবি করতে অনুপ্রাণিত করে। ঊনবিংশ শতাব্দী থেকে, এই মতাদর্শ বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে থাকে এবং বিংশ শতাব্দী জুড়ে সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনকেও গতি দিতে থাকে। প্রথম বিশ্বযুদ্ধ উচ্চ-রাজবংশবাদের অবসান ঘটায়। এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকেই, আন্তর্জাতিক আচার-নিয়ম জাতি-রাষ্ট্রকে ঘিরেই আবর্তিত হতে থাকে, এবং বিদ্যমান সাম্রাজ্যবাদী শক্তিগুলিকেও জাতীয়/জাতীয়তাবাদী পোশাক (National Costume) পরতে বাধ্য করে। জাতীয়তাবাদের অধ্যয়নের উত্থান ১৯৬০ থেকে ৭০ দশকে শুরু হলেও ১৯৮০-এর দশকে এটি ব্যাপক ভাবে বৃদ্ধি পায় যখন এই বিষয়ে ধারাবাহিকভাবে কতগুলি বই প্রকাশিত হয় এবং সোভিয়েত ইউনিয়ন এবং অন্যান্য কমিউনিস্ট শাসনের পতনের সময় থেকেই এই বিষয়ে অধ্যয়নে পণ্ডিতদের আগ্রহ দ্রুত বৃদ্ধি পেতে দেখা যায়। এই প্রবন্ধ যে প্রশ্নগুলিকে ঘিরে আবর্তিত তা হল, বিশ্বায়নের যুগে জাতি-রাষ্ট্রের অস্তিত্ব নিয়ে যে সংশয় দেখা দিয়েছে তা কতটা সঙ্গত? বিশ্বায়নের জোয়ার কি ব্যক্তির জাতীয় পরিচিতির (Primordial Identity) বাঁধ ভেঙে তাকে প্লাবিত করতে পেরেছে? বিশ্বায়ন কি ব্যক্তিকে বিশ্ব-নাগরিকে গড়ে তুলতে সক্ষম হয়েছে? নাকি ব্যক্তির নৃকৌলিক পরিচিতি (Ethnic Identity) বর্তমান সময়েও সমান গুরুত্বপূর্ণ?

যাই হোক, বিশ্বায়নের প্রবক্তাগণ মনে করেন যে, বিশ্বায়নের প্রভাবে সংকীর্ণ জাতিরাষ্ট্রের বেড়াজাল ছিন্ন হয়ে বিশ্বময় গ্লোবাল ভিলেজ (Global Village) গড়ে উঠবে। বর্তমান সময়ে দাঁড়িয়ে একথা অস্বীকার করার উপায় নেই যে অর্থনৈতিক ক্ষেত্রে বহুলাংশে এবং সাংস্কৃতিক ক্ষেত্রে অনেকাংশেই আমরা এখন গ্লোবাল ভিলেজের অংশ। কিন্তু, মজার বিষয় হল যে, গ্লোবাল ভিলেজের যুগেও, জাতিসত্তার ধারণা বা জাতীয় পরিচিতির ধারণায় বর্তমান প্রাসঙ্গিকতা ও প্রয়োজনীয়তা সম্পর্কিত নানান বিতর্ক ও আলোচনা একাডেমিক ক্ষেত্রে বারংবার পুনরুত্থিত হয়ে চলেছে। যেখানে বিশ্বায়নের সমর্থকরা আদিম জাতীয় পরিচয়কে ম্লান করে দিয়ে একটি সীমানাহীন সমাজ (Borderless society) প্রতিষ্ঠা করতে চাইছে, অন্যদিকে, জাতীয়তাবাদী স্কুলগুলি জাতীয় পরিচিতিকে বজায় রেখেই আধুনিক রাষ্ট্রগুলিকে চিহ্নিত করতে উদ্যোগী হন। বর্তমান বিশ্ব ব্যবস্থায় পুঁজির অবাধ প্রবাহ নিরবচ্ছিন্ন, কিন্তু যখনই 'জাতি'র (Nation) প্রশ্ন আসে, প্রত্যেক ব্যক্তিই তাদের জাতীয় পরিচয় ত্যাগ করতে নারাজ; বরং, তারা এই পরিচিতিকে আরও দৃঢ়ভাবে উপলব্ধি করতে আগ্রহী। যেমন, জাতীয়তাবাদের অন্যতম তাত্ত্বিক বেনেডিক্ট অ্যান্ডারসন বলেছেন, 'বাস্তবিকই, আমাদের সময়ের রাজনৈতিক জীবনের সবথেকে গুরুত্বপূর্ণ সর্বজনীনভাবে স্বীকৃত বৈধ মূল্য হল জাতিত্ব' (Nation-ness)। এছাড়াও হান্টিংটন ঘোষণা করেছেন যে, 'বিশ্বায়নের পরিপ্রেক্ষিতে, এটি ধরেই নেওয়া হয়েছিল যে বিশ্বায়নের জোয়ার জাতীয় পরিচয়ের সংকীর্ণ দেওয়ালকে ভেঙে গুড়িয়ে দেবে, জাতীয় পরিচিতি আন্তর্জাতিক রাজনীতিতে আর তেমন কোনও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে না। কিন্তু, ঠান্ডা যুদ্ধ-পরবর্তী বিশ্বে মানুষের থেকে মানুষের সবচেয়ে উল্লেখযোগ্য পার্থক্য রাজনৈতিক বা আদর্শগত নয়, তা সাংস্কৃতিক। ব্যক্তিরা বৃহত্তর ক্ষেত্রে নিজেদের পরিচয়কে সংজ্ঞায়িত করে কোনও না কোনও একটি সাংস্কৃতিক গোষ্ঠীর (Cultural Group) অংশ হিসেবে পরিচয়ের মাধ্যমে।'

এমনকি যে-সকল দেশগুলি বহুসংস্কৃতিবাদকে সরকারি রাষ্ট্রীয় নীতি হিসাবে বেছে নিয়েছে এবং ভিন্ন ভিন্ন জাতিদের জন্য স্থানসঙ্কলানের বন্দোবস্ত করেছে, তারাও ধীরে ধীরে সন্ত্রাসবাদের হুমকি এবং সাংস্কৃতিক পরিচয় নষ্ট হওয়ার আশঙ্কায় ধীরে ধীরে তাদের দরজা বন্ধ করে দিচ্ছে। তারা অভিবাসন আইনকে আরও কঠোর করছে এবং বিভিন্ন জাতির ভিন্ন সাংস্কৃতিক বৈচিত্র্য যা বহুসংস্কৃতিবাদের অন্যতম বৈশিষ্ট্য এবং যা একে অপরের থেকে পার্থক্যকে প্রতিফলিত করে তাকেও সংকুচিত করে আনছে। তদুপরি, ১৯৬০-এর দশকের শেষের দিক থেকে, পণ্ডিতদের মধ্যে আদর্শগত অবস্থান পরিবর্তন হতে শুরু করে। সমাজ বিজ্ঞানের পণ্ডিতরা হঠাৎ দাবি করতে শুরু করেন যে তথাকথিত 'মেল্টিং পট' তত্ত্বটি ব্যর্থ হয়েছে এবং এটি একটি প্রতারণামূলক তত্ত্ব। যদিও, শুরুতে মনে করা হয়েছিল যে, ভিন্ন ভিন্ন জাতির সাংস্কৃতিক বৈশিষ্ট্যগুলির মিশ্রণ হওয়াটাই বাঞ্ছনীয়, কিন্তু পরবর্তীকালে মনে করা হয় এটি একটি নৃশংস নীতি ও 'জাতিহত্যার' (Ethnocide) সমান একটি নীতি; তাই রাষ্ট্রের উচিত জাতিগত (Ethnic) এবং বর্ণগত (Race) আবেগকে যথাযথ স্বীকৃতি দেওয়া এবং এই মানদণ্ডের উপর ভিত্তি করে সম্পদের পুনর্বন্টন নীতিগুলিকে গ্রহণ করা।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের অনতি পর থেকেই বিশ্ব ব্যাংক আন্তর্জাতিক অর্থভাণ্ডার-এর হাত ধরে অর্থনৈতিক ক্ষেত্রে বিশ্বায়নের যে জোয়ার শুরু হয়, আশির দশকে তা রাজনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রেও সমান ভাবে প্রভাবিত করতে থাকে। এই সময়ে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা গড়ে ওঠে যারা মানবিক হস্তক্ষেপের নাম করে জাতিরাষ্ট্রের অভ্যন্তরীণ নানান ক্ষেত্রে অনেক সময় হস্তক্ষেপ করতে থাকে এবং জাতিরাষ্ট্রের সার্বভৌমিকতাকে অনেকাংশে ক্ষুণ্ণ করতে থাকে। এছাড়াও বিভিন্ন দেশ জাতিরাষ্ট্রের সীমানা এড়িয়ে নানান আঞ্চলিক সংগঠন গড়ে তোলে এবং এই সময় থেকেই বিশ্বায়নের প্রবক্তাগণ ভাবতে থাকেন যে বিশ্বায়নের যুগে জাতি রাষ্ট্র বা জাতি পরিচিতির আর তেমন কোনও গুরুত্ব নেই কারণ বর্তমান বিশ্ব গ্লোবাল ভিলেজে

রূপান্তরিত হয়েছে। কিন্তু নব্বইয়ের দশকের পর থেকেই দেখা যায় বিশ্বায়নের জোয়ার যত তীব্র হতে থাকে তার বিরুদ্ধ জাতীয় পরিচিতির দেওয়াল তত শক্ত হতে থাকে। ব্যক্তি তার নিজের জাতীয় পরিচিতি বা নৃকৌলিক পরিচিতি বা সাংস্কৃতিক পরিচিতি ইত্যাদি হারানোর ভয়ে এগুলোকে আরও তীব্রভাবে উপলব্ধি করতে থাকে। সুতরাং গ্লোবাল ভিলেজ এর যুগেও জাতীয় পরিচিতি সমান গুরুত্ব বহন করে চলেছে একথা আমাদের স্বীকার করতেই হবে। এই সমস্ত ঘটনাগুলি ইঙ্গিত দেয় যে জাতিত্ব বা জাতি-পরিচিতি বিশ্ব রাজনৈতিক বিষয় হয়ে একটি গুরুত্বপূর্ণ এক্স ফ্যাক্টর হিসাবে রয়ে গেছে। রথসচাইল্ডের মতে, 'বাস্তবেই, বিভিন্ন ঘটনা প্রবাহ লক্ষ করলেই দেখা যায়, নৃকৌলিকতা (Ethnicity) এবং জাতিসত্তার (Nationhood) শুধুমাত্র অস্তিত্বেই রয়ে গেছে তা নয়, বরং বর্তমানেও বিশ্ব-রাজনীতিতে সমান গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে, যদিও এটিকে আমরা এইভাবে কদাচিৎ বোঝার চেষ্টা করি'। সুতরাং, বিশ্ব রাজনীতিকে গভীরভাবে পর্যালোচনা করলে আমরা দেখতে পাব যে জাতি, জাতীয়তাবাদ এবং জাতিত্ব বিলুপ্ত হওয়ার পরিবর্তে এখনও বিদ্যমান। তদুপরি, ঊনবিংশ ও বিংশ শতাব্দীতে যেমন 'জাতীয়তা' (Nationality) রাজনৈতিক জীবনের একটি অনিবার্য দিক হয়ে উঠেছিল, তেমনই আগামী দিনেও এটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, সে এইভাবে এই বিষয়টিকে গুরুত্ব দেওয়া হোক বা না দেওয়া হোক। সুতরাং, এই বিষয়কে খারিজ করার পরিবর্তে, জাতিসত্তার প্রকৃতি এবং তার উপর নির্মিত রাজনৈতিক মতাদর্শ - জাতীয়তাবাদের অনুসন্ধান করা অপরিহার্য হয়ে পড়ে।

সুতরাং, সাম্প্রতিক দশকগুলিতে বিশ্বস্তরে দুটি সমান্তরাল প্রক্রিয়া পরস্পর সহাবস্থান করেছে: একদিকে বিশ্বায়ন, এবং অন্যদিকে বিভিন্ন সাংস্কৃতিক পরিচয়ের পুনর্নিশ্চিতকরণ। উভয় প্রক্রিয়াই আন্তঃসম্পর্কিত, কারণ সাংস্কৃতিক একত্রীকরণ যা সাধারণত বিশ্বায়নের সাথেই যুক্ত তা আবার স্থানীয় সংস্কৃতি (Local Culture), ও নির্দিষ্ট কিছু পরিচিতির (Specific Identity) জন্য বিলুপ্তির হুমকির সমান। এক্ষেত্রে ব্যক্তির সাংস্কৃতিক পরিচিতি হারানোর ভয় দেখা দেয় এবং তাই স্থানীয় বা আঞ্চলিক পরিচয়কে ঘিরে বিশ্বায়নের সাথে চাহিদা ও দ্বন্দ্ব শুরু হয়। এই দ্বৈত প্রক্রিয়ায় সেই সকল জাতি-রাষ্ট্রগুলি যারা অনেক ক্ষেত্রে একই রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে ভিন্ন ভিন্ন স্বতন্ত্র পরিচয়গুলিকে সমানভাবে পরিচালনা করে, তাদের অনেক কিছু করার আছে। যাতে জাতি-রাষ্ট্র একটি 'ব্যর্থ রাষ্ট্র' হয়ে না যায়, তাই এমন একটি সভ্য প্রচেষ্টা প্রয়োজন যা এই ভিন্ন পরিচয়গুলিকে বৈধতা দেয়।



নবীনবরণ (২০২৩)

# সময়যাত্রা ঃ সত্যতা ও সম্ভাবনা

**রাবিয়া বাসরি**
**তৃতীয় সেমেস্টার, সাম্মানিক ইতিহাস**

সময়যাত্রা বা Time Travel -এই শব্দটি শুনলে আমাদের মানসপটে ভেসে ওঠে 'Time Machine' নামক কষ্টকল্পিত একটি যন্ত্রের প্রতিচ্ছবি। কিন্তু যদি প্রশ্ন করা হয় — সময় যাত্রা কি সত্যিই সম্ভব? তবে সংক্ষেপে এবং এক কথায় উত্তর হবে — হ্যাঁ, সম্ভব। কিন্তু আমরা যেভাবে চিন্তা করি সেভাবে হয়তো নয়।

আমরা যদি সময়যাত্রার যে concept, তার ইতিহাস পর্যালোচনা করি তাহলে দেখতে পাব যে আমাদের পৌরাণিক এবং ধর্মীয় কাহিনিতে এর উল্লেখ আছে, যেমন; বিষ্ণুপুরাণে উল্লেখিত রাজা রাইভাতা কাকুদমি স্বর্গে ব্রহ্মার সাথে দেখা করতে গিয়েছিলেন এবং তিনি পৃথিবীতে ফিরে এসে দেখেন এখানে কয়েক যুগ অতিবাহিত হয়ে গেছে। ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মহম্মদ (সঃ) মিরাজের রাতে সময় যাত্রার মাধ্যমে অতীত এবং ভবিষ্যত পৃথিবীকে প্রত্যক্ষ করেছিলেন।

তবে আধুনিক পৃথিবীতে সময়যাত্রার ধারণা জনপ্রিয়তা লাভ করতে শুরু করে ১৮৯৫ সাল থেকে যখন H.G wells রচিত 'The Time Machine' নামক কল্পবিজ্ঞানের বইটি প্রকাশিত হয়। কল্পবিজ্ঞান বিষয়ক এই উপন্যাসটি পরবর্তীকালে অনেক দার্শনিক ও পদার্থ বিজ্ঞানীদের চিন্তার খোরাক যুগিয়েছিল।

সাধারণভাবে দেখতে গেলে সময়যাত্রা দুই রকমের হয়— একটি ভবিষ্যতে সময়যাত্রা আর একটি অতীতে সময়যাত্রা।

প্রথমে ভবিষ্যত সময়যাত্রা সম্পর্কে আলোচনা করা যাক। ভবিষ্যতে সময়যাত্রা করার যেসব ব্যাখ্যা ও তত্ত্ব রয়েছে তার মূল ভিত্তি Albert Einstein-এর 'Theory of special Relativity'. Einstein-এর আবির্ভাবের পূর্বে এই ধারণা বিদ্যমান ছিল যে সময় হল একটি constant জিনিস যা কখনও পরিবর্তিত হয় না। আমরা পৃথিবীতেই থাকি, মঙ্গলগ্রহে থাকি অথবা Black hole-এর কাছে থাকি— সময়ের গতি সবসময় অপরিবর্তিত থাকে। Albert Einstein প্রথম ব্যক্তি যিনি এই ধারণা প্রত্যাখ্যান করেন। আইনস্টাইনের মতে speed এবং Gravity-র তারতম্যের কারণে সময়ের গতি দ্রুত অথবা ধীর হতে পারে — একেই বলে Time Dilation.

Einstein-এর মতে কোনও বস্তু যত দ্রুত গতিতে যাবে সময় তার জন্য ততই ধীর গতিতে প্রবাহিত হবে। তত্ত্বগত দিক দিয়ে Einstein বলেন, যদি এমন একটি রকেট আবিষ্কার করা যায় যা আলোর বেগে চলে এবং কোনও ব্যক্তি ওই রকেটে চড়ে দশ বছর আলোর বেগে মহাকাশে ভ্রমণ করে তাহলে সেই অবকাশে পৃথিবীতে নয় হাজার বছর সময় অতিক্রান্ত হয়ে যাবে। কিন্তু দুঃখের বিষয় হল আলোর বেগে চলা কোনও রকেট এখনও আবিষ্কৃত হয়নি।

Time Dilation-এর দ্বিতীয় উপায় হল Gravitational Force-এর ব্যবহার। Einstein-এর মতে কোনও বস্তুর মাধ্যাকর্ষণ শক্তি যত বেশি সেই বস্তুর কাছে সময়ের গতি তত ধীর হয়ে যায় অর্থাৎ যদি আমরা ভবিষ্যতে সময়যাত্রা করতে আগ্রহী হই তাহলে আমাদেরকে অনেক বেশী মাধ্যাকর্ষণ শক্তি সমন্বিত কোনও বস্তুর সময় অতিবাহিত করতে হবে। এই concept টাই দেখানো হয়েছে বিখ্যাত হলিউড সিনেমা Interstellar-এ। যেখানে সিনেমার প্রধান চরিত্র একটি Black hole -এর নিকটবর্তী একটা গ্রহে যায় এবং প্রত্যেকটা ঘণ্টা যা সে ওই গ্রহে অতিবাহিত করে তা ওই গ্রহের বাইরের মানুষের জন্য সাত বছরের সমান হয়। এই কথাটা শুনতে অসম্ভব মনে হলেও Scientifically এটা সম্ভব। অবশ্য হ্যাঁ 'Black hole'-এর কাছে মানুষের survive করা সম্ভব কিনা তা আমরা জানি না।

এত গেল ভবিষ্যতে সময় যাত্রার কথা। এবার প্রশ্ন

আসে অতীতেও কি সময় যাত্রা সম্ভব? আঠাশে জুন ২০০৯ সালে বিশ্ববিখ্যাত পদার্থ বিজ্ঞানী Stephen Hawking, একটি নৈশভোজের আয়োজন করেছিলেন University of cambridge-এ। কিন্তু এই নৈশভোজে কেউ উপস্থিত ছিল না কারণ এখানে শুধুমাত্র ভবিষ্যতের সময়যাত্রীরা যারা ভবিষ্যত থেকে বর্তমানে এসেছে তারাই আমন্ত্রিত ছিল। এরকম একটা মজার experiment তিনি করেছিলেন এটা প্রমাণ করার জন্য যে অতীত সময়যাত্রা সম্ভব নয়, যদি সম্ভব হত তাহলে আমরা দেখতে পেতাম ভবিষ্যতের সময়যাত্রীদের।

কিন্তু যদি আমরা তত্ত্বগতভাবে দেখি তাহলে Einstein-এর Theory of Relativity অতীতে সময় যাত্রাকে অস্বীকার করে না। যেখানে বলা হয়েছে Worm hole-এর মাধ্যমে অতীত সময়যাত্রা সম্ভব। অভয় দেওয়াল অভিনীত ওয়েব সিরিজ JL50-তে এই তত্ত্বকে খুব সুন্দরভাবে দেখানো হয়েছে।

আসলে যদি আমরা কোনোদিন অতীতে যাত্রা করতে সক্ষম হয় তাহলে কিছু আপাত বৈপরীত্য বা paradox-এর সৃষ্টি হবে, যেমন; আমি যদি অতীতে যাত্রা করে আমার ঠাকুরদাকে হত্যা করি তাহলে আমার অস্তিত্ব কিভাবে সম্ভব। এটাকে ব্যাখ্যা করার জন্য অনেকে Theory of Multiverse- এর কথা বলেন। আমি যখন বর্তমান সময়ে আছি তখন সেটা আলাদা কিন্তু আমি যখন সময়ে পিছিয়ে গিয়ে কিছু করি তখন সেটা আলাদা Universe —নতুন একটা universe-এর অংশ। এইভাবে Multiverse তৈরি হয়। অনেকে আবার Predestination paradox-এর কথা বলেন, যেখানে বলা হয়েছে সব কিছুই পূর্ব নির্ধারিত অর্থাৎ আমরা সময় যাত্রা করে অতীতে গিয়ে কোনও কিছু পরিবর্তন করার চেষ্টা করলেও পারবো না।

যাই হোক অতীত পরিবর্তন করে বর্তমান ও ভবিষ্যত পরিবর্তন করা যায় কিনা সেটা তখনই বোঝা যাবে যখন সত্যিই মানুষ অতীতে সময়যাত্রা করতে সক্ষম হবে।

# জাতীয়তাবাদী ভাবনায় বঙ্কিম

**সৌমাল্য ঘোষ**
**সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ**

বন্দেমাতরম্ ধ্বনি উচ্চারণ সকল দেশবাসীকে আত্মত্যাগে উদ্বুদ্ধ করে। পরাধীন ভারতে বিপ্লবীদের প্রাণিত করা এই বীজমন্ত্রের স্রষ্টা ছিলেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। ঊনবিংশ শতকের অগ্রণী ঔপন্যাসিক ও প্রবন্ধকার বঙ্কিমকে তাই অরবিন্দ ঘোষ জাতীয়তাবাদের ঋত্বিক বলে সম্বোধন করেছেন। সঙ্গীত, প্রবন্ধ ও কালজয়ী রচনার মাধ্যমে বঙ্কিম পরাধীন নাগরিকদের জাতীয়তাবাদে অনুপ্রাণিত করেছিলেন।

ইংরেজ বিরোধী সন্ন্যাসী বিদ্রোহের প্রেক্ষাপটে রচিত 'আনন্দমঠ' উপন্যাস গোটা দেশে আলোড়ন ফেলে। এছাড়াও তার অন্যান্য সৃষ্টি 'দেবী চৌধুরাণী' উপন্যাস যা ভারতীয়দের জাত্যাভিমানকে উস্কে দেয়। 'রাজসিংহ', 'সীতারাম', 'দুর্গেশনন্দিনী' তার প্রখর স্বদেশভাবনার পরিচয় বহন করে। 'পরাধীনতা', 'ভারত কলঙ্ক', 'ভারতের স্বাধীনতা', 'বাঙালির বাহুবল' প্রভৃতি প্রবন্ধ প্রকাশের মাধ্যমে তিনি সমাজে বিদেশী চাটুকারিতার বিরুদ্ধে জনমত গঠন করেন। তাঁর কালজয়ী প্রবন্ধ 'কমলাকান্তের দপ্তর' অন্ধ ইংরেজপ্রীতির বিরুদ্ধে জনসাধারণকে জাগিয়ে তোলে। তাই হীরেন্দ্রনাথ দত্ত বঙ্কিমকে ''The Real Father of Indian Nationalism'' বলে চিহ্নিত করেছেন। তিনি সর্বদা পরাধীনতার বিরুদ্ধে আওয়াজ তুলে আত্মনির্ভরশীল হওয়ার আহ্বান জানান।

'আনন্দমঠ' রচনার উদ্দেশ্য হল বাঙালীর জাতীয় জীবন গঠন ও সব সম্প্রদায়কে ত্যাগ সেবাধর্মে দীক্ষিত করে তোলা। এই রচনা প্রসঙ্গে তার বক্তব্য ছিল ''আনন্দমঠ' প্রকাশিত হইলে পরে অনেকে জানতে ইচ্ছা প্রকাশ করেছিল ঐ গ্রন্থের কোনও ঐতিহাসিক ভিত্তি আছে কি না, সন্ন্যাসী বিদ্রোহ ঐতিহাসিক বটে। কিন্তু পাঠককে সে কথা জানাইবার বিশেষ প্রয়োজনের অভাব। এই বিবেচনায় আমি সে পরিচয় কিছুই দিই নাই, ঐতিহাসিক উপন্যাস রচনা আমার উদ্দেশ্য ছিল না। সুতরাং, ঐতিহাসিকের ভান করি নাই।'' 'বন্দেমাতরম্' গানটি 'আনন্দমঠ'-এ ব্যবহৃত হয়েছে যদিও এ গানের রচনাকাল 'আনন্দমঠ'-এর প্রায় বছর ছয়েক আগে। ১৮৯৬ সালে জাতীয় কংগ্রেসের অধিবেশনে রবীন্দ্রনাথ এ গানটি গেয়ে ভারতের জাতীয় জীবনে তরঙ্গ তুলে দিয়েছিলেন।

বঙ্কিম কেবলমাত্র সাহিত্য সৃষ্টির মাধ্যমে সাহিত্য সম্রাট উপাধিতে ভূষিত হননি, পরাধীনতার লৌহকপাট ভাঙার জন্য অনুপ্রাণিত করে দেশের যুব সম্প্রদায়কে স্বদেশ চেতনায় জাগরিত করে তোলেন।

বঙ্কিমের আরও একটি ঐতিহাসিক উপন্যাস 'দেবী চৌধুরাণী'র প্রেক্ষাপট ও 'আনন্দমঠ'-এর ন্যায়। তিনি অনুশীলন তত্ত্বের মূল উদ্দেশ্য এবং নিষ্কাম ধর্মের মূল সূত্র বোঝাবার তাগিদেই দেবী চৌধুরাণীর চরিত্র ফুটিয়ে তুলেছিলেন।

বঙ্কিমচন্দ্রের সৃষ্টি 'ধর্মতত্ত্ব অনুশীলন' গ্রন্থের আদর্শে বঙ্গে অনুশীলন সমিতি (১৯০২ খ্রি) গড়ে উঠে। তার মানসিক, শারীরিক, আধ্যাত্মিক নৈতিক উৎকর্ষ সমন্বিত আদর্শ পরাধীনদের যুবসমাজ গঠনের যে নির্দেশ দিয়েছেন তাই এই খ্যাতনামা বিপ্লবী সমিতির ভিত্তি।

অনেক চরমপন্থী বঙ্কিমকে সাম্প্রদায়িক বলে থাকলেও, তার 'বঙ্গদর্শন'-এ ১২৮০ বঙ্গাব্দের পৌষ সংখ্যায় লিখেছেন ''বাংলা হিন্দু-মুসলমানের দেশ, একা হিন্দুর দেশ নহে।'' তিনি বঙ্গমাতার সমস্ত সন্তানকেই স্বাধীনতার সংগ্রামে আহ্বান করেছেন।

সাহিত্য সম্রাট দেশকে জননীরূপে তুলে ধরে বিমূর্ত জাতীয়তাবাদকে সর্বসাধারণের কাছে অনেক সহজভাবে তুলে ধরেন। দেশ কোনও জড়বস্তু নয়, দেশ হল আমাদের মা, 'আনন্দমঠ'-এর সত্যানন্দ চরিত্রকে দিয়ে তিনি বলিয়েছিলেন ''জননী জন্মভূমিশ্চ

স্বর্গাদপি গরীয়সী" অর্থাৎ জননী স্বরূপা জন্মভূমি স্বর্গের চেয়েও বড়ো।

সমাজহিতৈষণা এবং স্বদেশীকতার উদ্দেশ্য নিয়েই বঙ্কিমচন্দ্র 'মৃণালিনী' রচনা করেছিলেন। বাঙালির শৌর্য-বীর্যে আস্থাশীল বঙ্কিম বখতিয়ার খিলজীর মাত্র আঠার জন সৈন্য নিয়ে বঙ্গবিজয়ের কাহিনি মেনে নিতে পারেননি। প্রবল স্বদেশপ্রেমী ও জাতীয়তাবাদী বঙ্কিম, এর প্রতিবাদে এবং এই পটভূমিকে কেন্দ্র করে রচনা করেন 'মৃণালিনী' উপন্যাস যা লেখকের এক বিস্ময়কর সৃষ্টি।

বঙ্কিমচন্দ্রের আরেকটি জাতীয়তাবাদী উপন্যাস 'রাজসিংহ', যার মূল বিষয় ছিল মোগল সাম্রাজ্য এবং হিন্দুদিগের সাথে মোগলদের বিবাদ। হিন্দুদিগের মধ্যে মোগলদের প্রধান প্রতিদ্বন্দ্বী ছিল মারাঠা ও রাজপুত। রাজপুতরা শৌর্যে, বীর্যে অগ্রগণ্য হলেও তাদের সুপরিচিত করার যথার্থ উপায় ইতিহাস, যদিও তাদের রচিত ইতিহাসও পুরোপুরি নির্ভরযোগ্য নয়। মোগল আমলে মানুচী নামে এক চিকিৎসক বাস করতেন। তিনি তৎকালীন আমলের ইতিহাস লিখে রাখেন এবং পরবর্তীকালে কুক্ৰ নামে এক পাদ্রি তা প্রকাশ করেন। এদের পরস্পরের ইতিহাস রচনার মধ্যে অনৈক্য বিদ্যমান।

বঙ্কিমের 'আনন্দমঠ', 'দেবী চৌধুরাণী' এবং 'সীতারাম' এই তিন রচনাকে বলা হয় ত্রয়ী রচনা। হিন্দু জাতীয়তা ও স্বজাতি প্রেম বিষয়ে নানান প্রবন্ধ তিনি তাঁর সম্পাদিত 'বঙ্গদর্শন'-এ লিখতে থাকেন। পরবর্তীকালে 'সীতারাম' নামক উপন্যাসে তার ছায়াপাত ঘটে। ইংরেজী সহ বিভিন্ন ভাষায় বঙ্কিমের জাতীয়তাবাদী এই রচনার অনুবাদ প্রকাশিত হয়, যদিও বঙ্কিম এই রচনাকে ঐতিহাসিক উপন্যাসের স্বীকৃতি দিতে চাননি, তার এই রচনা সাহিত্য ও ইতিহাস উভয়দিক থেকেই নানাভাবে আলোচিত হয়েছে।

কবিতা

# শান্তি

**সুভাষ চন্দ্র মণ্ডল**
**সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ**

সকালবেলা ঘুম থেকে উঠে
শুনলাম শান্তিকে পাওয়া যাচ্ছে না
পাড়ার লোকে বহুকাল তাকে দেখেনি
আমিও তাকে অনেকদিন দেখিনি।
মনে হল ভারাক্রান্ত শান্তি গেল কোথায়?
শেষ কবে সে ছিল কেউ বলতে পারল না
তদন্ত হয়েছিল, থানা পুলিশও হয়েছিল
কিন্তু শান্তিকে পাওয়া যায়নি।
কেউ বলল পড়তে গিয়ে আর ফেরেনি
ট্রেনে কাটা পড়েছে
বাস দুর্ঘটনাও হতে পারে
ধর্ষিতা শান্তি আত্মহত্যা করতে পারে
পুকুরে ডুবে মরেছে, আরও কত কী
শান্তি, যুদ্ধ করতে যায়নি সে
তাকে খুঁজে পাওয়া যাবে না
হসপিটালের মর্গে শান্তি নেই,
কৃষক পাড়ায় শান্তি এসেছিল পৌষমাসে
শ্রমিক পাড়ার মানুষ শান্তিকে দেখেনি
বামুন পাড়ায় দুর্গাপূজার সময় শান্তি এসেছিল
তারপর তাকে আর দেখা যায়নি
রাজনীতির মঞ্চে শান্তি একবারও আসেনি
পাড়ার একটি মেয়ে বলল ঘুমের মধ্যে
স্বপ্নে সে শান্তিকে দেখেছিল
জাগতেই শান্তি কোথায় চলে গেল।
শান্তিকে খুঁজে বের করতেই হবে
এই শপথ নিয়ে শান্তিকে খুঁজতে পথে নামলাম
বন্যাত্রাণ শিবির, বাস্তুহারা ত্রাণ শিবিরে
কত খুঁজলাম শান্তিকে পেলাম না
পাগলের মতো চারিদিকে তাকে খুঁজলাম
জলের লাইনে তেলের লাইনে
পুলিশের লাইনে, আর্মির লাইনে
চাকরির লাইনে, মিটিং, মিছিলে
কোথাও শান্তিকে পেলাম না,
মদের আড্ডায়, জুয়ার আড্ডায়
চোরাচালানে, নারীপাচারে, পতিতালয়ে
হণ্যে হয়ে কত খুঁজলাম চারিদিকে
তবু শান্তিকে পেলাম না।
হিন্দু, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন ধর্মের
মহাসম্মেলনে তন্নতন্ন করে খুঁজলাম
কত চিৎকার করে ডাকলাম, শান্তিকে পেলাম না।
মাছের আড়তে, পাগলা গারদে, হস্টেলে
নাটকে, থিয়েটারে শান্তির ঠিকানা পাইনি
গোষ্ঠী, পাড়া, গ্রাম, রাজ্য, রাষ্ট্র
উচ্চবর্ণে নিম্নবর্ণে খুঁজে খুঁজে সারা হলাম,
কেউ শান্তিকে দেখেছ– বলতে পারল না
দু-একজন সাধু-সজ্জন ভবঘুরেকে
জিজ্ঞাসা করলাম শান্তিকে দেখেছ
তারা বলেছিল আবছা দেখেছি তাকে
সম্পূর্ণ তাকে কোনোদিন দেখিনি
প্রেমিক নরনারী, গ্রাম্যবধূ, পার্টি ফেরত
আধুনিকা, কেউ আমাদের শান্তিকে দেখেনি
ছাত্রছাত্রী, শিক্ষক, অফিস ফেরত বাবু
ক্লান্ত কুলি মজুরের কাছে ছুটে গেছি
শান্তির খোঁজে, দিতে পারেনি কেউ তার ঠিকানা।
ব্রেকফাস্টের টেবিলে, খবরের কাগজে
অনুসন্ধান অফিসে, লাঞ্চের আলোচনায়
ডিনারের সান্ধ্য পত্রিকায়– না
কেউ দিতে পারেনি আমাদের শান্তির ঠিকানা
বল হরিবোল দিয়ে একদল মানুষ
ছুটে চলেছে শ্মশানের দিকে
তাদেরকে জিজ্ঞাসা করলাম তোমরা শান্তিকে দেখেছ
তারা কেবল বলল হায় হায়
আমি বললাম শান্তি তুমি কোথায়?

# শাস্তিবিধান

**মহম্মদ আলী হোসেন**
**(অশিক্ষক কর্মচারী)**

কি বলিব হায়!
মোদের দেশে মহিলা কত অসহায়
মাঝ রাস্তায়, হাজার ভিড়ে করছে তাকে কুকর্ম
নিরাপত্তা নয়, অপরাধীকে বাঁচানোই যেন ধর্ম
যাদের হাতে রয়েছে চাবুকখানি
ধরে না অপরাধীর কলারখানি
সবকিছুর পেছনেই রয়েছে পকেটমানি।

জ্ঞানহীন রক্তাক্ত মহিলার হয় না চিকিৎসা
বেঘোরে যায় যাক প্রাণ, থাকবে না কুৎসা
নামী লোকের ছেলে, যাবে না জেলে
মন্ত্রী, সান্ত্রী বা নেতামন্ত্রী এম এল এ।

লোপাট কর তার যত প্রমাণ
ইলিশ, গলদা, চিকেন, মটন
তার থেকে বেশি মজার পান নারী নির্যাতন
নারী মাংস খান
গরীবের আবার কিসের আত্মসম্মান!

থানা পুলিশ আইন আদালত
সবেতেই তাদের কেয়া বাত কেয়া বা-ত
ওসব সব ট্যাঁকে গোঁজে
কথায় কথায় সুযোগ খোঁজে
গরিবের মেয়ে এসব কী বোঝে?

আইনের ফাঁক ফোকরে
পাণ্ডবরা রাস্তায় ঘোরে
বাবা-মায়ের কোল খালি হয়
লাশের পাহাড়ে তাদের সর্বজয়
অভাগিনীর পাশে কেউ হয় না উদয়।
স্বাধীন দেশে আমাদের স্বাধীনতা কই
নারী হিসাবে আজও যে ভোগ্যপণ্য রই
বোন আমার পাবে না বিচার
মনুষ্যত্ব আর কতদিন থাকবে নিধিরাম।

# এতিম ছেলে

**তুহিদা খাতুন**
**(প্রথম সেমেস্টার, সাম্মানিক আরবি)**

রাস্তার ধারের ছেলেটির
কেউ কি খবর রাখে,

কেউ কি জানতে চাই,
তার মনের বাসনা কি!
স্বপ্ন কী?

কেন জানেন?
সে যে ছিল বড়োই এতিম!
সেই ছেলেটির না আছে পোশাক,
না আছে শিক্ষা,
আর না আছে ঠাঁই
স্বাধীনতা বলতে একেবারেই
নাই!

কেন জানেন
সে যে ছিল বড়োই এতিম!
তবে,
থাকতো যদি তার পিতা-মাতা
থাকতো বাড়ি ঘর
সেই ছেলেটির মনে
স্বপ্ন থাকতো আজ।

# ছাত্রছাত্রীদের প্রতি

**ফেরদৌসী সুলতানা**
**(পঞ্চম সেমেস্টার, বিএ)**

শৃঙ্খল হও নম্রতা আনো
মন দিয়ে কর পড়াশোনা
শ্রদ্ধা কর গুরুজনদের
করো না তাদের ভর্ৎসনা
শিক্ষকদের মান্য কর
তাদের থেকে নাও আশীর্বাদ
শিখে বুঝে নাও ভালো করে
মেটাও মনের সাধ
লেখাপড়া করার সময়
করলে অবহেলা
কাটবে তোমার আসল সময়
দুঃখে সারাবেলা
দৈন্য কষ্ট যাহা আসুক
মাথা পেতে নিয়ে
করতে হবে লেখাপড়া
শত দুঃখ পেয়ে।

# কথা দিলাম

**সায়ন চৌধুরী**
**(প্রথম সেমেস্টার, সাম্মানিক বাংলা)**

সঙ্গে যদি কেউ না থাকে
আমি আছি তোর পাশে
হাতের উপর হাতটি রেখে
থাকব 'জীবন'—একসাথে
কথা দিলাম, কথা দিয়ে
রাখতে জানি
তোকে আমার জীবন মানি
আমিও ছিলাম একা
কী যন্ত্রণা একা থাকার
তা জানি
যখনই তুই থাকবি একা
ভাবিস তখন আমার কথা
আমাকে তুই পাবি পাশে
সাথে যদি কেউ না থাকে–
আমি আছি তোর পাশে– ভালোবেসে তোকে।

# গীতি

**সূরজ সেহিরি**
**(প্রথম সেমেস্টার, সাম্মানিক আর্বি)**

অনেকদিন থেকেই ভাবছি
লিখতে হবে নতুন কিছু
কী লিখব? কী লিখব করে
লাগালাম ছুটতে ভাবনার পিছু

আর কিছু ভাবতে চাই না
ভাবনার টানলাম ইতি,
কাগজ কলম হাতে নিয়ে লিখতে
আরম্ভ করলাম ভালোবাসার গীতি।

# Moon

**Beauty Bilkis Khatun**
Third Semester, Department of English

O Moon!
Dim your light.
The night is at ease,
Its silence is deep.
That is the time when I can remember you in peace.
The glowing moon, the twinkling stars
Are symbolic of 'How pretty you are'.
A time when I feel so bad,
Your presence not around me makes me sad.
I want to meet you
Just before I sleep.
You'll be the queen of my heart.
And I'll be the king, so we'll never apart.
The Mingling of Our two Bodies and souls.
Love between two of us
Keeps us 'Happy and Joyous'.

# আমার কলেজ

**মনিজা খাতুন**
**(পঞ্চম সেমেস্টার, বি.এ.)**

'শিউনারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজ', মোদের সবার পীঠস্থান,
তোমার বক্ষে দিয়েছ স্থান।
তুমি প্রতি বছর কত ছাত্র-ছাত্রীকে কর বিদায়,
আবার কত ছাত্র-ছাত্রীকে কর গ্রহণ সদায়।
তাই তো তোমার গর্বে আমরা সবাই গর্বিত,
আমরাও একদিন চলে যাব দুঃখ নিয়ে কত।
হয়তো তখন আমাদের ভুলে যাবে তুমি,
কিন্তু তোমায় চিরদিন স্মরণ রাখব আমি।
ভুলব না কভু তোমার স্নেহ তোমার এই শিক্ষা,
স্মরণ রাখার জন্য তোমার কাছেই নিয়েছি দীক্ষা।
হে মোদের পীঠস্থান, তোমার গুণের নেই কোনও সীমা
শপথ নিতেছি আমরা বাড়াবই তোমার গরিমা।

# হারানো মা

**সুপর্ণা মণ্ডল**
**(পঞ্চম সেমেস্টার, সাম্মানিক বাংলা)**

ঐ যে একটি একলা মেয়ে নদীর পাড়ে বসে,
হেথায় কেন এল সে, দিবসের শেষে?
ও-মা হাতে একটি মোমবাতি ঐ দেখি,
আজ তবে এই শীতল নদীর জন্মদিন নাকি?
বহু প্রাচীন এই নদীটির জন্ম কি সে জানে?
শুভেচ্ছা জানাবে কি তাই নদীর কানে কানে।
ও কি ও যে অগ্নিশিখা হাতে নিয়ে আকাশ পানে চায়,
আকাশ পানে চেয়ে চেয়ে বিষাদের গান গায়—
মা তুমি কোথায় গেলে একলা ফেলে মোরে—
আমি যে ভীষণ ভয় পায় অন্ধকার ঐ ঘরে।
একটিবার ফিরে এস না আমার সোনা মা,
নতুন পুতুল, নতুন জামার বায়না করব না।
চুপটি করে ঘুমিয়ে যাব বলবে যখন ঘুমো,
তুমি না হয় ঘুমের মাঝেই দিয়ে যেও চুমো।
এস না মা বন্ধ করে লুকোচুরির খেলা—
খিদে পেয়েছে বলব না আর গড়িয়ে গেলে বেলা।
তোমার সনে নাইতে যাব আবার বিকেলবেলায়,
ফুলগুলো সব ভাসিয়ে দেব কবিতার ভেলায়।
চেয়ে দেখ মা তোমার নমি বড়ই দিশেহারা—
আমার যে আর কেউ নেই মা, শুধু তুমি ছাড়া।
সত্যি বলছি আর আমি বায়না করব না;
দাও না গো ফিরিয়ে মোরে হারিয়ে যাওয়া মা।।

## টাকা

**শাজাহান শেখ**
**(তৃতীয় সেমেস্টার, বি.এ.)**

দুই অক্ষরে নাম যার
পৃথিবীতে খুব দাম তার,
থাকে যদি পকেট ফাঁকা
মানে না মন, চলে না পেটের চাকা
সে কী জিনিস?
আরে সে তো টাকা

## বিচ্ছেদ

**রিম্পা মণ্ডল**
**(পঞ্চম সেমেস্টার, সাম্মানিক বাংলা)**

আমার জীবনে এই পরম সত্য,
পূর্ণ হবে কি এ জীবনে!
ছিল মনে একটিই আশা
পাওয়া তোমার ভালোবাসা।
মনের ভিতর বান ভাসিয়া
অশ্রুর আগুন মাখি,
তবুও প্রিয় আমি তোমায় ভালোবাসি।
যখন কষ্ট পাও তুমি প্রিয়
কাঁদে আমার বুক
তোমার খুশির অনুভূতিতে
এতেই আমার স্বর্গ সুখ।
ভালোবাসা আমার বড়ো নিষ্ঠুর
তোমার ভালো লাগা অস্থায়ী
তাই আজ তোমার—আমার প্রেমের
কোনও চিহ্ন নাই।

## An Evening Sit

**Mainak Biswas**
(Third Semester, English Honours)

So, I went there,
And sat with ease.
The lonely tree took my shoulder,
And my tiresome went away with the breeze

The breeze so airy, the grass swing,
And the leaves chatter in a downed voice with the twig.
And the setting sun checks the tired birds to nest,
And says to take it ease and not to haste.

The far across the sun see through the mountain gate,
It is none who brought me here but fate.
The lake sparkles and wiggless in peace,
I wonder if this peace reaches those many fish.

The smell so nice, it tempts my soul.
It's impossible or else I would've poured all this beauty in a bowl.

## প্রতীক

**মিষ্ঠু মিস্ত্রী**
**(তৃতীয় সেমেস্টার, সাম্মানিক ইংরেজি)**

সাদা কাগজের উপর কলমের কালির দাগ,
ভাঙা কাঁচে জোড়ার ক্ষত ভরা চিহ্নের তাক
অথবা পূর্ণিমার ললিত কলাভূতের কলঙ্কের সংকলন
কোনোটাই চিরতরে হয় না বিলীন।
তেমনই সবার জীবনে কিছু
দাগ ছাড়ে না পিছু।
সেই চিহ্ন হয়তো শুভের প্রতীকীদীপ্ত
নয়তো অশুভের কালিমালিপ্ত।
কত বারণ, কত নিষেধ,
কত অপমানের পাহাড় সম দণ্ড,
সব মিলিয়ে জীবনের একটি কলুষিত খণ্ড।
কাটে না সময় বয়সই বাড়ে,
প্রতি শ্বাসে মন দুঃখ গ্রাসে-হারে।
কলঙ্কের কালসিটের ছোপ
বাস্তবতা ছাড়িয়ে কল্পনার দেওয়ালে আঁকে খোপ।
দিনের শেষে হবে সন্ধ্যাতারা,
নাকি রাত পোহালে হবে শুকতারা?
ডুবলে দোয়াতের কালিতে দাও ডুব,
নয়তো বারুদের কালি মাখো খুব।
নয়ন দুটি সিক্ত কর অশ্রু ধারায়,
নয়তো লেলিহান অগ্নিশিখায়।
এটা নয় অন্ন সংকট দুর্ভিক্ষের উপঘাত,
এ যে ভ্রান্ত মননের বাঁচার সংঘাত।
নখের আঁচড়ে রেখা টানে
পরিচিত কোনও ক্যানভাসের মধ্যেখানে।
বিদীর্ণ প্রশ্নগুলোর ঢেউ-এর কেরামতি,
স্তব্ধ করে অথবা নতুন দিশায় জীবন করে মেরামতি।

## পড়া

**আম্মারা ইয়াসমিন**
**(প্রথম সেমেস্টার, পরিবেশবিদ্যা)**

পড়তে বসে মনটা কেন
আনমনা হয় ভীষণ ভাবে?
পড়ার সময় অন্যদিকে
মনটা দিলে ভুলটা হবে।

পড়ার কথা বললে কেন
মনটা সবার কেমন করে
পড়ার কথা শুনলে শুধু
সবার কেমন মাথা ধরে!

পড়তে যদি না হত তো
ভীষণ ভালো হত।
থাকতো নাকো মা, বাবা ও
ম্যামের বকা যত।
তবে পড়া মনের সাধ মেটাবে
পড়া দেবে মান সম্মান
পড়া মোদের পথ দেখাবে
পড়া হবে বাঁচার সোপান।
তাই যদি হয় পড়ার প্রতি
করব না আর হেলা।
এখন থেকে পণ করছি
পড়ব সারাবেলা।

## স্বাধীনতার প্রতিধ্বনি

**অয়ন মণ্ডল**
**(তৃতীয় সেমেস্টার, বি.এ.)**

স্বাধীনতার সংগ্রাম চলেছিল সেদিন ভারতবর্ষ জুড়ে
স্বাধীনতা তাই পেয়েছি মোরা ইনকিলাবের ভিড়ে;
লক্ষ্য ছিল স্বাধীন ভারত; ব্রিটিশ মুক্ত দেশ।
মলিনতা ডিঙিয়ে সাজিয়েছে তাঁরা ভারতমাতার বেশ।

প্রতিবাদের অগ্নি তেজে ব্রিটিশদের করেনি তাঁরা মান্য
রক্তাক্ত করেছিল ইতিহাসের পাতা ত্রিবর্ণরঞ্জিত পতাকার জন্যই।
অত্যাচারের সিঁড়িকে ভাঙতে গর্জে উঠেছিল সকলে,
সম্প্রীতির বাণী ছড়িয়ে পড়েছিল সকলের মনোবলে।

রাইটার্সের হত্যালীলায় ইংরেজদের বাড়িয়েছিল ভীতি
বিনয়-বাদল-দীনেশ
ওরা ভারতবাসীর মনে জাগিয়েছিল স্বাধীনতার-ই রেশ।
দেশ জুড়ে সব আন্দোলন যায়নি সেদিন বৃথা,
ভারতবর্ষের ইতিহাস তাই বীর শহীদে গাঁথা।।

নেতাজির ডাক 'দিল্লি চলো ...'' কণ্ঠে অভয় বাণী,
বীরত্বের বীর শ্রেষ্ঠ তুমি আমরা সবাই জানি।।
স্বাধীনতার ইতিহাসে খোদাই, বীর শহীদের নাম
শ্লোগান সেদিন উঠেছিল বন্দেমাতরম্।।

১৯৪৭, ১৪ আগস্ট ইংরেজ ছাড়ল মোদের দেশ
১৫ আগস্টে ঘুচল মোদের পরাধীনতার ক্লেশ।
মধ্যরাতে উড়ল কেতন শেষ হল হানাহানি
চতুর্দিকে ছড়িয়ে পড়ল স্বাধীনতার প্রতিধ্বনি।।

## মায়া

**এম এস টি মনসুরা খাতুন**
**(তৃতীয় সেমেস্টার, বি.এ.)**

যদি আমার কারণে তোমার জীবনে
অশান্তি নেমে আসে,
বলে দিও তবে চলে যাব আমি
দূরের কোনও দেশে।।
তোমার প্রেমেতে মত্ত আমি যে
কেন যে বোঝনি তুমি,
তোমায় ভালোবাসতে গিয়ে
মরতে বসেছি আমি।।
তোমার মায়ায় জড়িয়ে আমায়
কেন যে দিলে ধোকা,
তোমার প্রেমের অভিনয়ে আজ
হয়েছি আমি বোকা।।
ভালোবাসা কতো অসহায়ের মতো
দায়িত্বে রাখে চেয়ে,
ভালোবাসার চোখে দৃষ্টি পড়ে
ঝড় আসে বুক ধেয়ে।।

# মা

**সবনম সিরিন**
**(প্রথম সেমেস্টার, বি.এসসি)**

দশ মাস দশ দিন গর্ভে ধারণ করেছিলে তুমি
তারপর এক শীতের দিনে জন্ম নিলাম আমি,
ছোটো থেকেই অনেক যত্নে আগলে রেখেছ আমায়
জোর করে বলতে পারি কোনোদিন ফেলে দেব না তোমায়।
প্রতিদিন কত কাজ, কত কর্ম তুমি করে যাও
মুখে না বললেও জানি কত কষ্ট যে তুমি পাও,
তোমার থেকে অনেক শিখি, অনেক কথাই জানি
মুখে বলি না কিন্তু তোমায় ধরিত্রী বলেই মানি।
তুমি আমার জন্মদাত্রী, তুমিই অন্নদাত্রী
বাবার থেকে বাঁচতে হয়ে যাও রক্ষাকর্ত্রী।
এমনিতে মা খুবই ভালো, আমাকে খুব আদর করে
কিন্তু রেগে গেলে মা'র সে রূপ ভুলি কী করে!
যত বড়োই হই না তোমার ছোট্টো ময়না হয়েই থাকব আমি
কথা দিলাম সাফল্য এনে, তোমার মুখে হাসি
ফোটাব আমি।।

# বর্মপরা ঘাম

**মিজানুর রহমান**
**(তৃতীয় সেমেস্টার, সাম্মানিক বাংলা)**

সবুজ মাঠের অব্যাহত বাতাস খুঁড়ে খুঁড়ে—
তাস খেলতাম, যদি তুমি ভালো না বাসতে
আসলে তাসেরও ঘর হয়! জীর্ণতাহীন আগুনের মতো,
হাসতে ভালোবাসে রঙের মতো

আমি এখনও মাঠের রং সবুজ দেখি না;
রন্ধ্রে রন্ধ্রে তৃষ্ণা নিয়ে বাঁচে ধূসর বলে।
তখনও আমি বাসি না ভালো, যেহেতু তোমরাই
পার বাসতে ভালো রং ছেঁকে ছেঁকে সবুজ হয়ে।

# প্রহর শেষে

**প্রিয়াঙ্কী দাস**
**(স্টেট এইডেড কলেজ টিচার)**

বিষাক্ত বারুদ
রসায়নের ল্যাবরেটরিতে,
মস্তিষ্কে আনে গভীর অবসাদ।
সজারুর কাঁটা আর
টেবিলের অ্যালার্ম ঘড়ি
দামামা বাজিয়ে জানায় আসন্ন বিপদ।

অথচ পাইনের সারি এবং
শতজীর্ণ পোকায় কাটা বইয়ের আলমারি,
খুলে দেয় কুণ্ডুলিকৃত সব জট।
উদাসীন বিকেলের বুকে মেঘবলাকারা তৈরি করে রঙিন চিত্রপট।

জোলো আলাপ আর জঠরাগ্নির জ্বালা দ্রবীভূত হয় সুখের দ্রবণে।
কড়ি বর্গার সুড়কির সাথে কংক্রিটের সিমেন্ট, ঘর বাঁধে দূর গগনে।

পাতা-ঝরার কালে গাছ-রানারের দলে খবর নিয়ে আসে,
ছেড়ে যাওয়া প্রিয় তোমায় খুঁজছে আবার নিজের পাশে।
হঠাৎ বৃষ্টি ভেজা মাটির সোদা গন্ধে,
সঙ্গীহীনা ঘাস ফড়িংও মাতাল হয়েছে আনন্দের ছন্দে।

## ব্যস্ত শহর

**সুপ্রীতি চ্যাটার্জি**
**(দ্বিতীয় সেমেস্টার, সাম্মানিক সংস্কৃত)**

সব কিছু নিয়েই শহরটা আজ ব্যস্ত।
ব্যস্ত সেই শহরের সকল যানবাহন;
সেই সাথে মানুষের জীবনও ব্যস্তময়।
ব্যস্ততার মাঝেও কেউ অলস অনেকখানি—
আর কেউ স্বপ্ন বাঁধে ব্যস্ততার মাঝেই।
থেমে থাকে না সময়! দিন, মাস, বছরও,
ব্যস্ততার মাঝে থামতে গেলেও হোঁচট খায়
সেই হোঁচটে কেউ থাকে পড়ে, কেউ আবার ওঠে।
সবটা নিয়েই কেউ হয় সফল নাগরিক—
তবে কেউ কেউ যায় হারিয়ে ব্যস্ততারই স্রোতে
কী আর এসে যায়, কেউ হারিয়ে গেলে
আমরা তো তাদেরই মনে রাখি, যারা সফল
হেরে যাওয়া মানুষটাও ছিল পরিশ্রমী
ব্যস্ততার মাঝে সেটাই বা কয়জন বোঝে?
হাজার ব্যস্ততার ভিড়েও মানুষ সফলতায় খোঁজে।

## মেঘ

**সাবনুর বেগম**
**(প্রথম সেমেস্টার, সাম্মানিক আরবি)**

মেঘ ভাসে নীল আকাশে
সেই অনেক উঁচু বাতাসে।
ভারী হলে যায় সে পড়ে
বৃষ্টির মতো বিন্দু আকারে।
ভরিয়ে দেয় সেই নদী নালা
মাছগুলো সব দেয় সাড়া।
পাখিরা উড়ে বেড়ায় আকাশে
সেই দূরে মেঘেদের চারপাশে।
পারতাম যদি ভেসে বেড়াতে
স্বপ্নের সেই মেঘের আঙিনাতে।
থাকতো যদি পাখির মতো ডানা
দিয়ে দিতাম দূর আকাশে হানা।
পাখি হলে উড়ে যেতাম সেই দূরে
গাইতাম গান প্রকৃতির মুগ্ধ সুরে।
মেঘ উঠেছে রোদের কোলে
যায় না যে দেখা সন্ধে হলে।
ডানা নেই তাই উড়তে যে মানা
থেকে গেল সেই মেঘ অজানা।।

# জীবন

**রাজন গঙ্গোপাধ্যায়**
**(সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ)**

জ্বেলেছ দহন
ঝরা পাতা ঝরা এক চাঁদের পাহাড়ে
অগ্নিময় এবং উদাসীন
প্রপাতের কোল থেকে জলকে নিঃস্ব করে
চলে গেলে
বাঁশি দিয়ে গেলে

অন্ধ বসে আছি
আহাঃ তোমরা উদার –
জীবন ছুঁড়ে দাও পাত্রে
বেঁচে থাকি।

# পুকুরপাড়

**হাবিবা খাতুন**
**(পঞ্চম সেমেস্টার, সাম্মানিক বাংলা)**

একদিন গ্রীষ্মের বিকেলে বসে আছি
পুকুরপাড়ে
শান্ত উষ্ণ হাওয়া বইছে
পুকুরপাড়ে।
পুকুরের জলে হাঁসগুলো খেলছে
যেন তারা ভারতবর্ষের স্বাধীনচেতা নাগরিক
পুকুরের জলগুলো অশান্ত মনের মতো
উত্তেজিত হয়ে আছে, যেন অভিমানী মুখ।
মাছগুলো খেলা করছে আপনমনে।

# লাল বৃষ্টি চাই

**মন্দিরা মণ্ডল**
**(পঞ্চম সেমেস্টার, সাম্মানিক বাংলা)**

বাদল ভরা মেঘ আসুক
তার বুক চিরে বেরিয়ে আসা জলের ফোটায়
অঙ্গকে ভিজিয়ে নিতে চাই আমি
গুরু গুরু আওয়াজে নেমে আসুক
সেই রক্ত মাখা বৃষ্টি
লাল ফোটায় ভিজে যাক পৃথিবীর মলিন হৃদয়।
এ কুপিত পৃথিবীকে
সাদা বৃষ্টির ফোটায়
ধোয়া সম্ভব নয়
তাই লাল বৃষ্টি চাই।

# Report of the National Service Scheme

**Sumit Ghosh**
**(Assistant Professor of History, Program Officer)**

Under the initiative of the National Service Scheme Unit of Sewnarayan Rameswar Fatepuria College affiliated to the University of Kalyani, the National Service Scheme Volunteers of this college have been carrying out various social service programs with great responsibility throughout the year. The volunteers of the National Service Scheme of this college have fulfilled a great responsibility by dividing the programs throughout the into General Camp and Special Camp. In the academic year 2022-23, a number of social awareness and service programs under the General Camp were conducted by the National Service Scheme Unit of this college. These programs are - International no Tobacco Day Celebration , World Environment Day Celebration, Forest Week and Forest Festival Celebration, College Cleanliness Campaign,Tree Plantation Program, Independence Day Celebration, Teacher's Day, National Service Scheme Day, World Peace Day, National Children's Day , National Youth Day, Republic Day, International Mother's Language Day, International Women's Day Celebration and River Save and Water Pollution Prevention Program etc.

All these programs are organized sometimes inside the college and sometimes outside the college under the initiative of National Service Scheme of the college. In every program students and teachers of other department of the college participated very sincerely and every program was completed very nicely with proper responsibility.



Self defence Programme




Not Me But You - T.B Awareness Program



Village Community General Awareness Program

Along with General Camp, Special Camp is held for 7 days throughout the year. On the initiative of the National Service Project Unit of the college, the volunteers of the National Service Project went to the local Bishurpukur village a little away from the college campus and conducted various social awareness programs in a Special Camp for 7 days. These programs included door – to – door social and health awareness campaigns, stopping water wastage and use of clean drinking water, safe drive save live program, tree plantation program, special training camp for women's self- defence, say to no plastic, no female foeticide and program to stop child marriage, health awareness camp, yoga exercise training camp etc.

The National Service Scheme Unit of the college functions regularly throughout the year as a significant unit within the university. 75 – 100 volunteers in General Camp and 50 – 60 volunteers in Special Camp worked with great responsibility.

Above all, all the students and teachers and non-teaching staffs of the college have made the various programs of the National Service Project Unit of the college worthwhile and beautiful by giving sincere encouragement and support.

# Salient features of NCC unit of S.R.Fatepuria College, Beldanga

**Lt (Dr.) Ritabrata Tarafder**
Associate Professor, Department of Economics

National Cadet Corps (NCC), since its inception in 1948 has come a long way as an organization under the aegis of Ministry of Defence. It has assumed an important position in grooming the youths required as potential leaders for nation building purposes. Living up to its motto i.e. Unity and Discipline- it strives in its endeavour to meet all its objectives by bringing together the vibrant youths of the entire country. The NCC unit of the college, namely- 09/5B Coy NCC came into existence in 1994. The Physical Trg, Drill, Obstacle Trg (as per practicable), Trg on Self-defense are carried out once in a week. Again, another day is scheduled for conduct of theoretical class on the common and specialized subjects earmarked in NCC syllabus. Various activities and programmes are organized by the NCC unit of the college in every academic year say e.g., the 'World Environment Day' is celebrated every year with full vigor and vitality. The cadets of the unit actively participate in the 'International Day of Yoga', in the 'Anti-Tobacco Rally' to disseminate the necessity of a healthy lifestyle. The cadets of the unit donate blood to the patient as and when required for which a separate data bank has been developed. The NCC cadets played vital role in traffic control duties especially during the Puja-Eid Festivals in accordance with the principles and norms of the Battalion, and at the time of natural disasters- like flood, storm, water logging etc if requisitioned by the public administration. NCC unit of the college is highly appreciated for its vigorous exhibition of drill and cultural performance on the august occasion of Republic Day and Independence Day. Again, NCC Day and Army Day are also being celebrated with full valor and enthusiasm. NCC unit of the college has been organizing joint programme with a host of NGOs- namely, Save Earth by Our Contribution, Universal Fighters and Prachesta (Krishnanagar & Lalbagh Branch). Such a



SAKHINA KHATUN Regt No.- WB/21/SWA/153788

joint programme was held on the 20th August, 2022 (Saturday) in which the volunteers of Universal Fighters, those who are participating in a Cycle Rally in support of saving trees around, protecting stray animals, protecting rivers and other water bodies from pollution and allied issues relating environmental protection. At the second part of the programme,



Blood Donation by RAJIB MANDAL  Regt No.- WB/20/SDA/154474

the issue of Women safety was discussed and two of Martial Arts academies; namely- MMA Academy of Murshidabad and Panchajanya Academy of Self Defence showed some tricks of martial arts for self defense for girl students of the college. Besides, NCC unit takes care of job-oriented programmes and placement of the students through organizing workshops and symposia viz. a one-day workshop was held on Recruitment in Agniveer-Vayu on 12th November, 2022 in which the Wing Commander of 4 Airmen Selection Center, Barrackpore delivered his key note on the process of recruitment of youth in Agniveer-Vayu and also discussed the privileges for NCC cadets in recruitment in Agniveer scheme as a whole. As a result, we see three cadets named- MIRAJ SK, Regt no.-WB/ 19/SDA/154223 (MADRAS REGT CENTRE); RAKI MANDAL ,Regt no.- WB/21/SDA/153751 MARATHA LIGHT INF CENTRE and JEET HALDER, Regt no.- WB/21/SDA/153768 ARMOURED CORPS CENTRE have already been posted into the respective units as Agniveer-Army during 2022-23. There is another cadet, having name PRANAB DEY and Regt no.- WB/18/SDA/154534 has joined BSF on Dec 21, 2022.

The Observation of Students' Week 2023 (2nd to 7th January, 2023) was organized by S.R.Fatepuria College, Beldanga in tune with the august programme as directed by the Department of Higher Education, Government of West Bengal. The NCC unit of college, namely-09/5B Coy NCC conducted its programme on 6th January, 2023 (Friday) at Vidyasagar Seminar Hall in the annexed building of the college. The entire programme was segregated into 2 parts. The programme was started at around 11 am with the inaugural speech of the Head of the Institution followed by the motivation lectures from members of the Governing body and other senior professors of the college. Two Permanent Instructors from 9 Bengal Battalion NCC came there to attend and participate in the programme. They also delivered their valuable lectures on the role of NCC cadets on nation building and the prerogatives that the cadets will derive in

professional life from being an integral part of NCC. In the next part, the girls cadets performed the event of exhibition of Pyramid followed by a group dance on folk songs and patriotic songs. With this, the first part of the programme ended. In the programme, total 89 students participated out of which 41 were girls students and the rest of 48 were boys students.




The Observation of Students' Week 2023

However, in the 2nd part of the programme, all students; irrespective of years or semesters were invited to participate in an Extempore based competition. The competition in which most of the topics were related to NCC- was open to all students instead of only NCC cadets. The programme was ended with the singing of National Anthem.

The NCC unit of S.R.F.College comes under the jurisdiction of 9 Bengal Battalion within the Kalyani GpHQ located at Kalyani, Nadia. The Coy is commanded by a Commissioned Offr Lt Ritabrata, since Oct, 2015. The strength of the Coy is 140. Like previous years, one of NCC cadets, named- SAKHINA KHATUN having Regt No.- WB/21/SWA/153788 has participated in Republic Day Camp (RDC) in 2023. Besides, cadets are also participating in National Integration Camp (NIC), Special National Integration Camp (SNIC), Ek Bharat Shrestha Bharat (EBSB), Army Attachment Camp (AAC) etc.

# Climbing Kabru Dome with Advanced Mountaineering Course

**Tanusree Bhattacharya**
**(State Aided College Teacher, Bengali Department)**

The story started when I got a chance to summit Renok Peak (16200 ft) a few days back during my Basic Mountaineering Course. That was the first mountain expedition of my life. This time I came for the Advanced Mountaineering Course at the Himalayan Mountaineering Institute. The weather was bad. There were a lot of doubts about whether we would be able to summit any mountain as a part of the course or not. After a lot of debates and discussions, we got to know that our destination will be camp-1 of Kabru Dome. As per the belief of the people of Sikkim, it is a holy mountain. So permission to summit is not provided by the local Government. Due to this reason, we were allowed till camp-1 only. On the penultimate day, we woke up early in the morning by overcoming all the lethargy and started from advanced base camp towards camp-1(18000ft). But suddenly it started raining which became snowfall after a short period. It was like white cotton balls coming down from the sky. However, we continued our journey ignoring all the hazards and negotiating knee-deep fresh snow. Finally, around 10.30 am we reached our destination, camp-1. But unfortunately, nature was not with us and we were deprived of the grand view that one can enjoy on a clear day. All around us clouds and snow were playing hide and seek.



# Seminars, Workshops and Training Program Organized by the College

| Sl. No. | Date | Time | Topic | Resource Persons | Organized by | Mode |
|---|---|---|---|---|---|---|
| 1 | 05-09-2021 | 11-00 AM | Significance of Observation of Teachers' Day | Dr. Supam Mukherjee, TIC, SCBC | NSS & IQAC | Online Google Meet |
| 2 | 26-09-2021 | 2-00 PM | Vidysagar and Modern India | Dr. Suhas Roy, Principal | NSS & IQAC | Offline |
| 3 | 01-12-2021 | 11-00 AM | AIDS: General Awareness | Dr. Puja Maitra, BMOH, Santipur & Dr. Subhasis Chanda, Super, Darjeeling State Hospital | NSS & IQAC | Offline |
| 4 | 02-01-2022 | 11-00 AM | Scholarships for Aided Degree College Students | Dealing Officer, WBDOMA & College Nodal Officer, Md. Ali Hossain | NSS & IQAC | Online Google Meet |
| 5 | 19-01-2022 | 11-00 AM | State level Seminar on Environmental Sustainability & Conservation: Issues & Challenges | Prof. (Dr.) Manas Kumar Sanyal, Hon'ble VC/KU, Dr.Soma Mukherjee, Head, Dept. of ENVS & Dr. Santanu Chowdhury, Head, Dept. of ENVS, Asutosh College, Kolkata | Department of Environment Science & IQAC | Online Google Meet |
| 6 | 22-01-2022 | 11-00AM | State Level One Day Wellness Webinar on Meditation & Yoga: Connection between Body & Mind | Ms. Tanushri Basu, Eminent Yoga Specialist | NSS & IQAC | Online Google Meet |
| 7 | 29-01-2022 | 11-00 AM | State Level Webinar on Interpreting Early India : History and Historiography | Prof. Alok Ghosh, Dept. of History, KU | Department of History & IQAC | Online Google Meet |
| 8 | 21-02-2021 | 11-00 AM | State Level Seminar on International Mother Language Day Celebration | Dr. Debjani Chakraborty (Bhowmick), Dr. Madhu Mitra | Department of Bengali & IQAC | Offline |
| 9 | 08-03-2022 | 7-00 PM | State Level Webinar on Women and Human Rights: New Dynamics | Dr. Swati Cjhakraborty, | Department of Pol. Science & IQAC | Online Google Meet & Youtube |
| 10 | 14-03-2022 | 1-00 PM | Seminar on Pie Day | Dr. Suhas Roy, Principal & Sarfaraj Nowaj & Rohan Mandal | Department of Mathematics | Offline |
| 11 | 28-03-2022 | 1-30PM | Thalasemia Detection & Precautionary Measures | Dr. Mariam Khatun, Medical Practitioner, Murshidabad Medical College & Hospital | NSS & IQAC | Offline |
| 12 | 30-03-2022 | 7-00PM | State Level Seminar on Trafficking in Women & Children: Vulnerabilities, Impact and Action | Dr. Sourav Madhur Dey, Associate Professor, Dept. of Sociology, BU | NSS & IQAC | Online Google Meet & Youtube |
| 13 | 28-07-2022 | 11-00 AM | State Level Seminar on NAAC Assessment & Accreditation: Preparatory Activities | Prof. (Dr.) Debasish Sur, Department of Commerce, BU | IQAC | Offline |
| 14 | 17-18/08/22 | 10-00 AM | Azadi Ka Amrit Mahotsav: History, Achievements & Challenges | Dr. Sujit Kumar Dutta, Chittagong University, Dr. Golam Md. Golam Sarowar, Rajshahi University,Alok Kumar Ghosh, KU & Dr. Kalyan Kumar Sarkar, Kanchrapara College | Department of Pol. Science, S. R. Fatepuria College & Nabadwip Vidyasagar College | Blended |
| 15 | 20-08-2022 | 12-00 PM | Self Defence and Environmental Awareness | Md. Samim | NCC | Offline |
| 16 | 05-09-2022 | 11-30AM | State Level Seminar on Ethics and Values in Teaching, Learning & Evaluation | Dr. Bimalendu Biswas, Controller of Examinations, KU | IQAC | Offline |
| 17 | 21-09-2022 | 1-30PM | One Day State Level Seminar on World Peace: Issues & Challenges in Indian Context | Dr. Suhas Roy, Principal | NSS & IQAC | Offline |
| 18 | 24-09-2022 | 2-00PM | River: Lifeline of India | Dr. Suhas Roy, Principal, Sumit Ghosh, Md. Golam Mortuja, Alemara Khatun | NSS & Department of ENVS | Offline |
| 19 | 26-09-2022 | 1-00PM | Life of Vidyasagar and Images | Sri Krishnajit Sengupta, Eminent Artist | IQAC | Offline |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 20 | 21-10-2022 to 31-10-23 | | National Level Crash Course on Understanding Environment | Many University Professors (List Attached) | Department of ENVS & IQAC | Online Google Meet & Youtube |
| 21 | 01-12-2022 | 11-30AM | International Red Ribbon Day Celebration | Dr. Puja Maitra, BMOH, Santipur, Dr. Maitryee Chatterjee, Dr. Sujan Das & Ms. Anushree Dutta | NSS & IQAC | Offline |
| 22 | 04-01-2023 | 12-00 PM | State Level Seminar on Need of Acquiring Human Values in Students' Lives | Sumana Pal Bhikkhu (Dr. Subhasis Barua) | NSS & IQAC | Offline |
| 23 | 21-02-2023 | 12-00 PM | International Mother Language Day Celebration | Dr. Saktinath Jha, Eminent Professor & Researcher | Department of Bengali & IQAC | Offline |
| 24 | 09-03-2023 | 12-00 PM | One Day State Level Seminar on Women Empowerment and Possiblities of Post-Feminism(s) | Dr. Anupama Chowdhury, Associate Professor, Dept. of English, M.U.C. Women's College, Burdwan | NSS & IQAC & IQAC, Hazi A. K. Khan College | Offline |
| 25 | 16-03-2023 & 17-03-2023 | !0-30AM | Two Days National Seminar on Breaking the Barriers and Women: Achievements & Challenges | | Department of Pol. Science & IQAC | Offline |
| 26 | 05-04-2023 | 12-30PM | Workshop on How to Write Assignment / Project Report on ENVS | Pinaki Bose, Poushali Chattaraj & Alemara Khatun | Department of ENVS & IQAC | Offline |
| 27 | 11-04-2023 & 12-04-2023 | 10-30 AM | Awareness Campaign on Environmental Issues | Dr. Suhas Roy, Mr. Pinaki Bose, Ms. Poushali Chattaraj | Eco Club & Department of ENVS | Offline |
| 28 | 12-04-2023 | 12-00 PM | Hands on Training of Faculties on OER & N-List | Dilip Kumar Mondal | Library & IQAC | Offline |
| 29 | 23-03-2023 | 12-00PM | Yoga in Everyday Life | Tanushri Basu, Eminent Yoga Specialist | NSS | Offline |
| 30 | 24-03-2023 | 12-00 PM | Hands on Training on Self Defence | Sensei Mousumi Pal, Sensei Aparna Chowdhury & Sensei Pakija Khatun | NSS | Offline |




ভাষা দিবসে সেমিনার

চরৈবেতি ২০২২-২৩ শিক্ষাবর্ষ ১৪৩০ বঙ্গাব্দ




এস. আর. ফতেপুরিয়া কলেজ, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ কর্তৃক প্রকাশিত এবং ডি অ্যান্ড পি গ্রাফিক্স প্রা. লি., কলকাতা-১৩২ থেকে মুদ্রিত। বর্ণসজ্জা: অংশুমান রায়